হাজার প্রশ্নে কলকাতা

সন্তোষ চট্টোপাধ্যায়

মডার্ন কলাম
১০/২এ, টেমার লেন, কলকাতা·৭০০০৫

HAZAR PRASHNA : KALKATA

By

Santosh Chattopadhyay

☐ প্রথম প্রকাশ : শ্রাবণ ১৩৯২ / আগস্ট ১৯৮৫

☐ প্রকাশিকা : লতিকা সাহা। ১০/২এ, টেমার লেন, কলকাতা-৯

☐ মুদ্রাকর : শ্রীঅনিল কুমার ঘোষ। নিউ ঘোষ প্রেস
৪/১ই, বিডন রো, কলকাতা-৭০০০০৬

☐ প্রচ্ছদ : গৌতম রায়। অলংকরণ : কুমারঅজিত

প্রখ্যাত আইনজ্ঞ ৺জ্ঞানচন্দ্র মুখোপাধ্যায়

ও

বিমলা মুখোপাধ্যায়-এর

পুণ্য স্মৃতি উদ্দেশে

এই লেখকের অন্যান্য বই

পরমাণুর রূপকথা

ঘড়ি নিয়ে রূপকথা

থার্ড রাইখ

ডোরাকাটার রক্ততৃষ

উড়ো চিঠির রহস্য

ভূমিকা

আর পাঁচ বছর পরে শহর কলকাতা তিনশো বছরে পা দিতে চলেছে। প্রাচীনত্বের মহিমায় উজ্জ্বল এই শহরটি প্রাণশক্তি ও গতিশীলতায় আজও নবীন. তাই কলকাতা সম্বন্ধে আমাদের কৌতূহলের সীমা নেই।

এই সীমাহীন কৌতুহল মেটাতে আমরা 'হাজার প্রশ্নে কলকাতা' গ্রন্থটি রূপায়ণের ভার তুলে দিই কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের মুদ্রণ বিভাগের অধ্যক্ষ ও সুলেখক শ্রী সন্তোষ চট্টোপাধ্যায়ের হাতে। গভীর নিষ্ঠায় ও নিরলস প্রচেষ্টায় সন্তোষবাবু কলকাতা বিষয়ক যাবতীয় জ্ঞাতব্য তথ্য ঘেঁটে কলকাতার ইতিহাস, ব্যবসা বাণিজ্য. যানবাহন, পথঘাট, পূজাপার্বণ, শিক্ষা ব্যবস্থা, গুণীজন-বুদ্ধিজীবি প্রসঙ্গ, খেলাধূলা, সাহিত্য ও সংস্কৃতি ধারাবাহিক ভাবে প্রশ্নোত্তরের আকারে সাজিয়ে দিয়েছেন। সেদিক থেকে তাঁর এই প্রচেষ্টা বিরল ও ব্যতিক্রম।

বিশাল কলকাতাকে অতি স্বল্প আয়তন ও অবকাশে মোটামুটি সকলের জানার মতো করে উপস্থাপনার এই প্রয়াস. আশা করি সুধী পাঠক-পাঠিকাদের কাছে সমাদৃত হবে।

এই গ্রন্থে ব্যবহৃত আটটি ব্লক 'কলকাতা পুরশ্রী'র সৌজন্যে প্রাপ্ত।

লতিকা সাহা

□ ভূগোলে কলকাতা □

১। কলকাতা শহর কোথায় অবস্থিত ?

● ভারতে পশ্চিমবঙ্গ রাজ্যে হুগলী নদীর পূর্ব তীরে। প্রতিবেশী রাজ্য হলো বিহার, উড়িষ্যা, আসাম ও সিকিম।

২। কলকাতার ভৌগোলিক অবস্থান কি ?

● $২২\frac{১}{২}^\circ$ ডিগ্রী উত্তর অক্ষাংশে আর $৮৮\frac{১}{২}^\circ$ পূর্ব দ্রাঘিমায়।

৩। কলকাতার বর্তমান আয়তন কত ?

● তিনটি নতুন মিউনিসিপ্যালিটি বাদে ১০৪ বর্গ কিলোমিটার।

৪। কলকাতার আবহাওয়া কি রকম ?

● কলকাতার আবহাওয়া গ্রীষ্মকালে ও অন্যান্য সময়ে আর্দ্র ভাবাপন্ন।

৫। কলকাতার কাছে কোন নদী আছে ?

● কলকাতার পশ্চিম দিকে আছে ভাগীরথী নদী। শহরটি এই নদীর তীরেই।

৬। কলকাতার অধিবাসী কারা ?

● কলকাতাকে কসমোপলিটান বা বহুজাতিক শহর বলা যায়। এখানে প্রধানতঃ বাঙালী ছাড়াও ভারতের নানা রাজ্যের মানুষই বাস করে।

৭। কলকাতার বাড়িঘর কি রকম ?

● কলকাতায় আকাশচুম্বী পাকা অট্টালিকার সঙ্গে কাঁচা বস্তী এলাকার ঘর বাড়িও আছে। তবে কলকাতার স্থাপত্য কিছুটা পুরনো ধরনের। বোম্বাই বা দিল্লীর মতো আধুনিক ধরনের বাড়িও অবশ্য চোখে পড়ে।

৮। কলকাতার মানুষের খাদ্যাভ্যাস কি রকম ?

● কলকাতার বাঙালী প্রধানতঃ আমিষ ও নিরামিষ ভোজী। ভাত আর মাছই প্রধান খাদ্য। এছাড়া গমজাত খাদ্য।

৯। কলকাতায় কোন খাদ্য উৎপাদন হয় কি ?

● কৃষিজ পণ্য হয় না। তবে শুকনো খাদ্য, যেমন পাঁউরুটি, বিস্কুট জাতীয় জিনিস আর হোটেলে দেশী বিদেশী খাদ্য পাওয়া যায়। উৎপাদন হয় কিছু মাছ, ডিম, ও মাংস।

১০। কলকাতায় কোন শিল্প গড়ে উঠেছে কি ?

● মুদ্রণ শিল্প কলকাতার একটি প্রধান শিল্প। এছাড়াও কিছু ইলেট্রনিকস্ শিল্প, চামড়ার কাজ, বিদ্যুৎ সরঞ্জাম গেঞ্জীর কল, জাহাজ নির্মাণ ও অস্ত্র তৈরীর কারখানা ও আরও নানা শিল্প প্রতিষ্ঠান আছে।

১১। কলকাতা শহরের যোগাযোগ ব্যবস্থা আর যানবাহন কি ?

● কলকাতার সঙ্গে ভারতের সব রাজ্যের স্থলপথ, বিমানপথ ও রেলপথে যোগাযোগ আছে। কলকাতায় যানবাহন বলতে রয়েছে ট্রাম, বাস, মিনিবাস, ট্যাক্সি, রিকশা, অটো ট্যাক্সি, সাইকেল আর সার্কুলার রেল আর আধুনিকতম পাতাল বা মেট্রো রেল। এছাড়া জলপথে লঞ্চ আর নৌকায় কোথাও কোথাও যাতায়াত করা যায় আর কোথাও ঘোড়ার গাড়িরও দেখা মেলে।

১২। কলকাতা শহরের এত গুরুত্ব কেন ?

● কলকাতা ভারতের সবচেয়ে বড় শহর ও বন্দর। এই শহরে পূর্ব ভারতের সবচেয়ে বড় ব্যবসা বাণিজ্যের স্থান বলেই এত গুরুত্ব।

১৩। কলকাতা কোন কোন এলাকার পশ্চাদ্‌ভূমি ?

● বিহার, উড়িষ্যা, আসাম, সিকিম, নাগাল্যাণ্ড, উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ ইত্যাদি।

১৪। কলকাতার লোকসংখ্যা কত ?

● কলকাতার লোকসংখ্যা প্রায় ৮০ লক্ষ।

১৫। কলকাতার মানুষের জীবিকা প্রধানতঃ কি রকম ?

● কলকাতার মানুষ প্রধানতঃ চাকুরীজীবি আর ব্যবসায়ী। এছাড়াও প্রচুর শ্রমিকও আছে।

১৬। কলকাতার গাছপালা কি ধরণের ?

● কলকাতায় সাধারণতঃ নানা গাছপালা, যেমন, বট, অশ্বত্থ, পাম, কৃষ্ণচূড়া, দেবদারু, ক্যাসুরিয়ানা আম, জাম, কাঁঠাল ইত্যাদি নানা গাছ জন্মায়। এছাড়া নানা জাতের ফুলগাছও জন্মায়।

১৭। সমুদ্রপৃষ্ঠ থেকে কলকাতার উচ্চতা কত ?

● সমুদ্রপৃষ্ঠ থেকে কলকাতার উচ্চতা ৫.৩ মিটার।

১৮। কলকাতায় কি ধরনের গৃহপালিত জন্তু দেখা যায়?

● কলকাতায় প্রধানতঃ গরু, ছাগল, মোষ, কুকুর, ঘোড়া, বিড়াল জাতীয় গৃহপালিত জন্তু দেখা যায়। এছাড়াও আছে হাঁস ও মুরগী।

১৯। কলকাতা থেকে সমুদ্র কত দূরে?

● কলকাতা থেকে সমুদ্র ৮০ মাইলের মধ্যে।

২০। কলকাতার রাস্তাঘাট কি রকম?

● কলকাতার রাস্তা প্রধানতঃ পাকা। এ রাস্তা অ্যাসফাল্ট বা পীচে ঢাকা। কাঁচা রাস্তা বর্তমানে নেই। চওড়া রাজপথ আর সরু গলি দুরকমই আছে।

২১। কলকাতার মানুষের পোষাক কি রকম?

● কলকাতার মানুষ ধুতি, পাঞ্জাবি, শাড়ি, প্যান্ট, সার্ট, সালোয়ার কামিজ নানা পোশাক ইত্যাদি ব্যবহার করে।

২২। কলকাতায় কোন খনিজ দ্রব্য পাওয়া যায় কি?

● না, শহরে কোন খনি নেই। তাই খনিজদ্রব্যের কোন প্রশ্নও নেই।

২৩। কলকাতার কাছাকাছি কোন বন জঙ্গল আছে কি?

● কলকাতার কাছে বন বলতে সুন্দরবন এলাকাকেই বলা যায়।

২৪। কলকাতায় জলবিদ্যুৎ উৎপাদন হয় কি?

● না। উৎপন্ন হয় তাপবিদ্যুৎ।

২৫। কলকাতায় কৃষিকাজ হয় কি?

● না। শহরে কৃষিজ কোন জমি নেই। ধাপায় কিছু তরিতরকারী হয়।

২৬। কলকাতার আমদানী রপ্তানী কি?

● কলকাতার আমদানী দ্রব্য হলো, নূন, খাদ্যদ্রব্য, পেট্রোলিয়াম, লোহা, ইস্পাত, সিমেন্ট, রবার, রাসায়নিক দ্রব্য, চিনি, তামাক ইত্যাদি। আর রপ্তানী দ্রব্য হলো, কয়লা, চা, চটের থলে, হাড়, চামড়া, শূকরের মাংস, লোহা, ইস্পাত, অভ্র ইত্যাদি।

২৭। কলকাতার কাছে কোন পাহাড় আছে?

● না। কলকাতা সমতল অঞ্চল।

২৮। রেলপথের কোন কোন সদর দপ্তর কলকাতায় আছে?

● পূর্ব রেলপথ (ইষ্টার্ন রেলওয়ে) এবং দক্ষিণ-পূর্ব রেলপথের (সাউথ

ইষ্টার্ণ রেলওয়ে) সদর দপ্তর কলকাতায় আছে।

২৯। কলকাতা কোথাকার রাজধানী ?

● পশ্চিমবঙ্গের। ১৯১১ সাল পর্যন্ত ভারতের রাজধানী ছিল।

৩০। কলকাতা থেকে ভারতের রাজধানী দিল্লীর দূরত্ব কত ?

● দূরত্ব রেলপথে ১৪৪৩ কিলোমিটার। স্থলপথে ১৩৮৭ কিলোমিটার।

৩১। কলকাতা থেকে কোন দীর্ঘ রাজপথ দিল্লী পর্যন্ত বিস্তৃত ?

● শেরশাহর তৈরি গ্র্যাণ্ড-ট্রাঙ্ক রোড। জাতীয় সড়ক ২।

৩২। কলকাতা থেকে ভারতের অন্যান্য রাজ্যে কোন কোন রাজপথ বিস্তৃত ?

● কলকাতা থেকে বোম্বাই পর্যন্ত বিস্তৃত আছে কলকাতা-বোম্বাই রোড, জাতীয় সড়ক ৬। কলকাতা-মাদ্রাজ রোড, জাতীয় সড়ক ৫, কলকাতা থেকে মাদ্রাজ পর্যন্ত বিস্তৃত। এছাড়া জাতীয় সড়ক ২ কলকাতা থেকে দিল্লী পর্যন্ত বিস্তৃত।

৩৩। কলকাতার সর্বোচ্চ আর সর্বনিম্ন তাপমাত্রা সাধারণতঃ কত হয় ?

● সর্বোচ্চ তাপমাত্রা ৪০·৩° ডিগ্রী সেলসিয়াস ; সর্বনিম্ন ১০° ডিগ্রী সেলসিয়াস। এটি গড় হিসাব।

৩৪। কলকাতায় বার্ষিক গড় বৃষ্টিপাত কত ?

● কলকাতার বার্ষিক গড় বৃষ্টিপাত ১৬০৫ মিলিমিটার।

৩৫। কলকাতার মানুষ কোন কোন ভাষায় কথা বলে ?

● প্রধানতঃ বাঙলা। এছাড়া হিন্দী, ইংরাজী, ওড়িয়া ও অন্য নানা ভাষাভাষী মানুষ থাকায় সেই ভাষার চল আছে।

৩৬। জলপথ দিয়ে কলকাতা থেকে কোথায় কোথায় যাওয়া আসা যায় ?

● আভ্যন্তরীণ জলপথে ভারতের নানা রাজ্যে আর নদী ও সমুদ্রপথে বিশ্বের যে কোন রাষ্ট্রে যাওয়া যায়।

৩৭। কলকাতা কি একটি বন্দর?

● হ্যাঁ, কলকাতা একটি বন্দর।

৩৮। বন্দর হিসেবে ভারতে ও পৃথিবীতে কলকাতার স্থান কোথায় ?

● নদী অগভীর থাকায় বন্দর হিসেবে সে রকম না হলেও কলকাতার গুরুত্ব অসীম। পৃথিবীর মধ্যে তাই এটি উচ্চস্থানেই রয়েছে।

৩৯। কলকাতা থেকে বিমানে কোথায় কোথায় আসা যাওয়া যায় ?

● কলকাতা থেকে ইণ্ডিয়ান এয়ারলাইনসের বিমানে ভারতের প্রায় সব বড় শহরে আর এয়ার ইণ্ডিয়া ও কিছু বিদেশী বিমানে বিশ্বের সর্বত্র যাওয়া যায়।

৪০। কলকাতায় কি বিমান বন্দর আছে ? কয়টি ?

● কলকাতার মধ্যে বিমান বন্দর নেই, আছে উপকণ্ঠ দমদমে। বেহালার বিমানবন্দর বর্তমানে ব্যবহার হয় না।

৪১। কলকাতা বিমান বন্দরে কি ধরনের বিমান নামতে পারে ? কোন কোন দেশের বিমান ?

● কলকাতার কাছে দমদম বিমান বন্দরে সব ধরণের বিমান, এমন কি জেট বিমানও নামতে পারে। পৃথিবীর প্রায় সব রাষ্ট্রের বিমান এখানে আসতে পারলেও বর্তমানে রুশ এরোফ্লোট কোম্পানীর বিমানই নামে।

৪২। কলকাতার কাছে আর কোন বন্দর আছে ?

● কলকাতার কাছাকাছি একমাত্র বন্দর হলো হলদিয়া বন্দর।

৪৩। কলকাতার বন্দর কি স্বাভাবিক না কৃত্রিম ?

● কলকাতা কৃত্রিম বন্দর।

৪৪। পৃথিবীর বড় বড় শহরের তুলনায় কলকাতার স্থান কোথায় ?

● কলকাতা আয়তনে আর লোকসংখ্যায় বিশ্বে চতুর্থ বৃহত্তম শহর। অন্য তিনটি হল টোকিও, লণ্ডন ও নিউইয়র্ক।

৪৫। কলকাতার মাটি কি ধরণের ?

● কলকাতা শহরের মাটি 'পলি' মাটি প্রধান। গাঙ্গেয় উপত্যকায় অবস্থিত হওয়ার জন্যই এটা হয়েছে।

৪৬। কলকাতার ভূগর্ভে জলস্তর কি ধরনের ?

● কলকাতার ভূগর্ভে স্বাদু জলের স্তর ৮০ থেকে ১০০ ফিটের মধ্যে পাওয়া যায়।

৪৭। কলকাতায় কি ধরণের কীটপতঙ্গ দেখা যায় ?

● কলকাতায় মশা, মাছিই প্রধান। এছাড়া আরশোলা, ফড়িং, প্রজাপতি, কেঁচো জাতীয় নানা কীট পতঙ্গ আছে।

৪৮। কলকাতায় কি কি পাখি চোখে পড়ে ?

● কলকাতায় নানা ধরনের পাখি চোখে পড়ে। তবে প্রধান হলো পাতিকাক। চড়ুই, পায়রা, শালিক, চিল ইত্যাদিও প্রচুর আছে। অন্যান্য পাখিও চোখে পড়ে।

৪৯। কলকাতায় শিক্ষার হার কি রকম ?

● কলকাতা শহরের গড় শিক্ষার হার শতকরা ৩৬।

৫০। কলকাতা শহরে কোন হ্রদ আছে কি ?

● কলকাতা শহরে দুটো কৃত্রিম হ্রদ আছে, একটি দক্ষিণে বালীগঞ্জ এলাকার রবীন্দ্র সরোবর, অন্যটি বেলেঘাটার সুভাষ সরোবর।

৫১। **কলকাতা শহরের প্রতিষ্ঠা কবে ?**

● ২৪শে আগষ্ট ১৬৯০ সাল।

৫২। **কলকাতার প্রতিষ্ঠাতা কে ?**

● ইংরেজদের ইস্ট ইণ্ডিয়া কোম্পানীর কর্মচারী জোব চার্ণক।

৫৩। **কি কি নিয়ে কলকাতা গঠিত ?**

● তিনটি গ্রাম নিয়ে কলকাতা গঠিত—গোবিন্দপুর, সুতানুটি ও কলিকাতা।

৫৪। **'কলকাতা' নামকরণ হয় কেন ?**

● কলকাতা নামকরণের কোন নির্দিষ্ট ইতিহাস মেলে না, এ বিষয়ে নানা মত চালু আছে। অনেকের মতে এখানে কলিচূণের কাতা থাকার জন্যই এমন নাম হয়। তবে কলকাতা নামে একটি গ্রামও তো কলকাতার অন্তর্ভূক্ত হয়। সেই থেকেই হয়তো এ নামকরণ।

৫৫। **গোবিন্দপুর, সুতানুটি ও কলকাতার আয়তন কত ছিলো ?**

● সুতানুটির আয়তন ছিল ১৬৯২ বিঘা ১২ কাঠা।

কলিকাতার আয়তন ছিল ২২০৬ বিঘা।

গোবিন্দপুরের আয়তন ১১78 বিঘা ৭ কাঠা।

৫৬। **কলকাতা প্রতিষ্ঠায় গোবিন্দপুর, সুতানুটি ও কলকাতা কত টাকায় কেনা হয় ? কার কাছ থেকে ?**

● ইস্ট ইণ্ডিয়া কোম্পানী গোবিন্দপুর, সুতানুটি ও কলিকাতা গ্রাম তিনটি ১৬৯৮ সালে রায়চৌধুরী বংশের বিদ্যাধর রায়ের কাছ থেকে কেনেন। এর জন্য দাম দেওয়া হয় ১১৯৪ টাকা ১১ আনা ১১ পাই।

৫৭। **কলকাতার সবচেয়ে প্রাচীন বাসিন্দা কে বা কারা ?**

● কলকাতার সবচেয়ে প্রাচীন বাসিন্দা হলেন শেঠ, বসাক ও রায়-চৌধুরীরা।

৫৮। **গোবিন্দপুর, সুতানুটি ও কলিকাতার অবস্থান কোথায় ছিল ?**

● গোবিন্দপুর ছিল দক্ষিণে-কালিঘাটের উত্তরে, বর্তমানে যার নাম

ভবানীপুর। কলিকাতা গ্রাম ছিল চৌরঙ্গী রোড বরাবর গোবিন্দপুরের উত্তরে। আর সুতানুটি গ্রাম তার উত্তরে চিৎপুরের আগে পর্যন্ত। সুতানুটির উত্তর সীমা নির্দেশ করত একটি খাল। খালটি ভাগীরথী নদী থেকে চলে গিয়েছিল পুব দিকে লবণ হ্রদ অবধি।

৫৯। কলকাতার প্রতিষ্ঠাতা জোব চার্ণক কোথায় থাকতেন?

● জোব চার্ণক থাকতেন প্রথমে রায়চৌধুরীদের ইঁটের তৈরি পাকা বাড়িতে, এজন্য চার্ণক ভাড়াও দিতেন। এ বাড়ির মালিক ছিলেন বিখ্যাত সাবর্ণ চৌধুরী।

৬০। কলকাতায় সে সময় পাকা বাড়ি কি রকম ছিল?

● প্রতিষ্ঠার সময় কলকাতায় একমাত্র রায়চৌধুরীদের ছাড়া পাকা ইঁটের বাড়ি প্রায় ছিলো না, একমাত্র পোর্তুগীজদের বানানো সেণ্ট জনস্ চার্চ ছাড়া।

৬১। জোব চার্ণক কলকাতায় যে মাটির বাড়ি তৈরি করেন সেগুলো কোথায় ছিল?

● উত্তর কলকাতায় কিছু কুটির তৈরি করেন চার্ণক। এরই নাম হয় হাটখোলা। এখান থেকেই শহর গড়ে ওঠে।

৬২। পুরানো কেল্লা বা 'ওল্ড ফোর্ট' বলতে কি বোঝায়? এটা কোথায় ছিল?

● ওল্ড ফোর্ট ছিল বর্তমানে যেখানে স্ট্র্যাণ্ড রোডের মুখে কাস্টমস হাউস আছে সেখানে। এটি ছিল ইংরেজ কর্মচারীদের আত্মরক্ষার জন্য তৈরি ঘেরা আশ্রয়। বর্তমানে এটি আর নেই।

৬৩। ওল্ড ফোর্ট কবে তৈরি হয়?

● ওল্ড ফোর্ট তৈরি হয় ১৬৯৬ থেকে ১৭১৫ সালের মধ্যে।

৬৪। কলকাতার প্রতিষ্ঠাতা জোব চার্ণক কবে মারা যান? তার স্ত্রী কে ছিলেন?

● জোব চার্ণক মারা যান ১৬৯৩ সালের ১০ই জানুয়ারী।
চার্ণকের স্ত্রী ছিলেন একজন সুন্দরী হিন্দু মেয়ে। কথিত আছে চার্ণক তাকে পাটনায় সতীদাহর হাত থেকে রক্ষা করেছিলেন। তিনি তার নাম রাখেন মারিয়া। চার্ণকের সন্তান সংখ্যা চারজন।

৬৫। জোব চার্ণককে কোথায় সমাধিস্থ করা হয় ?

● সেন্ট জনস্ চার্চের আঙিনায় তাকে সমাধিস্থ করা হয়। সে সমাধি এখনও বর্তমান আছে।

৬৬। জোব চার্ণকের কাজ কি ছিল ?

● জোব চার্ণক ছিলেন বাংলাদেশের গভর্ণর। তিনিই বাঙলার শাসক ছিলেন বলা যায়।

৬৭। বর্তমান ফোর্ট উইলিয়াম বা কেল্লা কোথায় কবে তৈরি হয় ?

● বর্তমান ফোর্ট উইলিয়াম বা কেল্লা তৈরি হয় ময়দানের পশ্চিমে ১৭৫৭ সাল থেকে ১৭৮১ সালের মধ্যে।

৬৮। জোব চার্ণকের জীবন ধারণ পদ্ধতি কেমন ছিল ?

● জোব চার্ণক অত্যন্ত সরল জীবন কাটাতেন। তিনি একটি পিপুল গাছের নিচে বসে বিচার সভা করতেন।

৬৯। জোব চার্ণকের বিচার সভার নাম কি ছিলো ?

● এর নাম হয় 'বৈঠকখানা'।

৭০। ঐ পিপুল গাছের নাম কি হয় ?

● ঐ গাছের নাম হয় 'বৈঠকখানা গাছ'। পরে ঐ এলাকার নাম হয়ে যায় বৈঠকখানা রোড।

৭১। 'বৈঠকখানা রোড কোথায় ছিলো ?

● বর্তমান শিয়ালদহ'র কাছে বৌবাজার আর লোয়ার সার্কুলার রোডের সংযোগের কাছে।

৭২। বৈঠকখানা গাছটি' কি এখনও আছে ?

● না। ১৮২০ সালে শহরের উন্নতির জন্য গাছটি কেটে ফেলা হয়।

৭৩। কলকাতায় সে যুগে কিভাবে বসতি স্থাপন করতে দেওয়া হয় ?

● ঈস্ট ইণ্ডিয়া কোম্পানীর এজেন্টরা ব্যবসাদার আর বসবাসে ইচ্ছুকদের প্রতি একর জমি ৯ টাকা হিসেবে হস্তান্তর করেন।

৭৪। সরকারীভাবে কলকাতার প্রতিষ্ঠার আগে ইতিহাসে কি কলকাতা নামের অস্তিত্ব ছিল ?

● হ্যাঁ ছিল। ১৪৯৫ সালে মনসামঙ্গল কাব্যে চাঁদ সওদাগর কলিকাতা

পার হয়ে কালিঘাটে দেবী কালির পূজা দিতে গিয়েছিলেন বলে উল্লেখ আছে।

১৬৬০ খৃস্টাব্দে আর্মেনিয়ানরা কলকাতাকে মস্ত ব্যবসার স্থান গড়ে তুলেছিল।

এর অন্ততঃ দু দশক আগে ওলন্দাজ ব্যবসায়ীরাও আসে। আর্মেনিয়ানরা আর্মেনীয় গীর্জাও স্থাপন করেছিল।

৭৫। **প্রতিষ্ঠার সময় কলকাতার সীমানা কেমন ছিল ?**

● পশ্চিমে হুগলী নদী, উত্তরে খাল, পূর্বদিকে বিদ্যাধরী নদী ও লবণ হ্রদ আর দক্ষিণে আদি গঙ্গা।

৭৬। **কলকাতায় বসতি গড়ার কাজ কিভাবে হয় ?**

● কলকাতায় বসতি গড়ার জন্য ঈস্ট ইণ্ডিয়া কোম্পানী একজন কালেক্টর নিয়োগ করেন। তার অধীনে কয়েকজন স্থানীয় মানুষও ছিলেন। তাদের নাম ছিল 'কালা ডেপুটি'।

৭৭। **কোন সালে প্রথম কলকাতার কালেক্টর নিয়োগ করা হয় ?**

● কালেক্টর নিয়োগ করা হয় ১৭০৫ সালে।

প্রথম কালেক্টর হন রালফ শেলডন।

৭৮। **প্রথম 'কালা ডেপুটি কালেক্টর' অর্থাৎ দেশীয় ডেপুটি কবে নিয়োগ করা হয় ?**

● ১৭০৫ সালে।

৭৯। **কলকাতার প্রথম দেশীয় ডেপুটি কালেক্টর কে ছিলেন ?**

● কলকাতার প্রথম দেশীয় ডেপুটি কালেক্টর হন নন্দরাম শেঠ।

৮০। **দেশীয় ডেপুটি কালেক্টররা কি মাইনে পেতেন ?**

● হ্যাঁ, তারা মাইনে পেতেন তবে খুবই সামান্য। তারাই প্রথম সরকারী কর্মী বলে পরিচিত।

৮১। **কলকাতার ডেপুটি কালেক্টরদের কাজ কি ছিল ?**

● ডেপুটি কালেক্টররা খাজনা আদায় করতেন। এমন কি অপরাধমূলক কাজের জন্য জরিমানাও আদায় করতেন। অন্যায় ভাবে খাজনা আদায় করে তারা নিজেদের সম্পদও বাড়াতেন এই সুযোগে।

৮২। কলকাতায় খাজনা আদায়ের জন্য প্রথম নিয়ম প্রবর্তন কবে করা হয়?

- এ বিষয়ে প্রথম নিয়ম প্রবর্তন করা হয় ১৭০৪ সালে।

৮৩। কলকাতার পুর উন্নতির জন্য প্রথম ধারণার কবে জন্ম হয়?

- এমন ধারণার জন্ম হয় ১৭০৪ সালে।

৮৪। একাজে কোথা থেকে অর্থ সংগ্রহ করা হয়?

- এজন্য কলকাতার অপরাধমূলক কাজের জন্য অপরাধীদের কাছ থেকে জরিমানা আদায় করে সেই টাকা খানা খন্দ, পুকুর ইত্যাদি ভরাট আর শহরের পৌর উন্নয়নে কাজে লাগানো হয়।

৮৫। কলকাতার আইন শৃঙ্খলা রক্ষার দায়িত্ব কিভাবে কার উপর ন্যস্ত থাকতো?

- কলকাতা শহরে আইন শৃঙ্খলা রক্ষা ব্যবস্থা প্রথম করা হয় ১৭০৪ সালে। ঐ সালে পুলিশ বাহিনী গঠন করা হয়। তারাই শৃঙ্খলা রক্ষা করতো।

  এজন্য একজন পুলিশের সুপারিন্টেণ্ডেণ্ট, ৪৫ জন কনস্টেবল, ২০ জন চৌকিদার, ৩০ জন পাইক আর ২ জন কেরানীপদ সৃষ্টি করা হয়। এরাই শহরের প্রথম পুলিশ বাহিনী।

৮৬। কলকাতা শহরের বাড়িঘর তৈরির কাজে প্রথম নিয়ম কানুন কবে প্রবর্তন করা হয়?

- বাড়িঘর বানানো আর বসবাস করার ব্যাপারে প্রথম নিয়ম চালু করা হয় ১৭০৭ সালে।

৮৭। কলকাতায় প্রথম হাসপাতাল স্থাপন করা হয় কোন সালে?

- কলকাতা প্রথম হাসপাতাল স্থাপন করা হয় ১৭০৭ সালে।

৮৮। কলকাতায় হাসপাতাল স্থাপন করা হয় কেন?

- হাসপাতাল স্থাপন করা হয় প্রধানতঃ ম্যালেরিয়া রোগের চিকিৎসার জন্য।

৮৯। কলকাতায় সে সময়ে প্রধান রোগ কি ছিল?

- সে যুগে প্রধান রোগ ছিল ম্যালেরিয়া।

৯০। কলকাতার হাসাপাতাল প্রধানতঃ কাদের জন্য স্থাপিত হয়?

● হাসপাতাল স্থাপন করা হয় প্রধানতঃ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর ইংরাজ কর্মচারীদের জন্য।

৯১। কলকাতার প্রথম হাসপাতাল কোথায় ছিল?

● কলকাতার প্রথম হাসপাতাল সেন্ট জনস্ চার্চের কাছে গারস্টিন প্লেসে, ডালহৌসী স্কোয়ারের পশ্চিমে। পরে এটি সরিয়ে নেওয়া হয় ময়দানের দক্ষিণে ১৭৬৮ সালে।

৯২। কলকাতার সবচেয়ে প্রাচীন কোন হাসপাতাল আজও আছে?

● কলকাতার সবচেয়ে পুরনো হাসপাতাল প্রেসিডেন্সি জেনারেল হাসপাতাল বা পি. জি. হাসপাতাল, বর্তমান নাম এস. এস. কে. এম. হাসপাতাল। এটি আজও আছে।

৯৩। পি. জি. হাসপাতাল কবে প্রতিষ্ঠিত হয়?

● পি. জি. হাসপাতাল প্রতিষ্ঠিত হয় ১৭৬৮ সালে।

৯৪। পি. জি. হাসপাতালে কি দেশীয় মানুষের চিকিৎসার ব্যবস্থা ছিল?

না। শুধু ইউরোপীয়দের জন্য ছিল।

৯৫। কলকাতায় দেশীয় মানুষদের জন্য প্রথম হাসপাতাল কবে স্থাপন করা হয়?

● কলকাতায় দেশীয় মানুষের জন্য প্রথম হাসপাতাল স্থাপিত হয় ১৭৯২ সালের সেপ্টেম্বর মাসে।

৯৬। কলকাতায় দেশীয়দের প্রথম হাসপাতাল কোনটি?

● দেশীয় মানুষদের জন্য প্রথম হাসপাতালের নাম মেয়ো হাসপাতাল।

৯৭। মেয়ো হাসপাতাল কে স্থাপন করেন?

● মেয়ো হাসপাতাল স্থাপন করেন রেভারেণ্ড জন ওয়েন।

৯৮। মেয়ো হাসপাতাল কোন জায়গায় স্থাপন করা হয়?

● এই হাসপাতাল ধর্মতলায় ফৌজদারী বালাখানায় স্থাপিত হয় আর পরে চিৎপুর রোড অঞ্চলে সরানো হয়। পরে গভর্ণর জেনারেল লর্ড মেয়োর নামানুসারে স্ট্র্যাণ্ড রোডে সরিয়ে নেওয়া হয়।

৯৯ মেডিক্যাল কলেজ হাসপাতাল কবে স্থাপিত হয়?

● ১৮৩৫ সালে।

১০০। কলকাতায় শুধু মেয়েদের আর শিশুদের হাসপাতাল কবে কোথায় স্থাপিত হয়?

● ১৮৮২ সালের জুলাই মাসে স্যার অ্যাসলে ইডেন মেডিক্যাল কলেজে এক নতুন অংশ স্থাপন করেন স্ত্রীলোক আর শিশুদের জন্য। এর নাম তার নামে ইডেন হাসপাতাল রাখা হয়।

১০১। আদিযুগে কলকাতা শহরের অবস্থা কি রকম ছিল?

● ১৬৯০ সালের পর কলকাতায় প্রচুর খানা, ডোবা, পুকুর, বনজঙ্গল ছিলো। বনজঙ্গলে খুনী, ডাকাত অসংখ্য ছিল। ১৭০৬ সালে, জোব চার্ণকের ১৬ বছর পর কলকাতার ৮৩ একর আয়তন আর বাজারের ১৯ একর আয়তন বাদে বাকি অংশে ছিল ধানক্ষেত আর চাষের জমি।

১০২। কলকাতায় সেকালে কি চাষ করা হত?

● কলকাতায় ১৭০৬ সলে নাগাদ ধান, তরিতরকারী, তামাক আর পান চাষ করা হত।

১০৩। কলকাতার বনে জঙ্গলে কোন প্রাণীর দেখা মিলত?

● কলকাতা গ্রামে, চৌরঙ্গী বরাবর ছিল ঘন বন, সেখানে মিলত শিয়াল আর বুনো শুয়োর। ইংরাজ রাজকর্মচারিরা বুনো শুয়োর শিকার করতেন শোনা যায়।

১০৪। কলকাতা শহরের স্বাস্থ্য রক্ষা ও পুর কাজ কর্ম কি ভাবে হত?

● মিউনিসিপ্যালিটির কাজকর্ম দেখার জন্য কলকাতা পুরসভা বা ক্যালকাটা কর্পোরেশন নামে একটি সংস্থা গঠিত হয় ১৭২৭ সালে। এই সংস্থাই পৌর কাজের তদারকি করতেন।

১০৫। কলকাতার প্রথম মেয়র কে ছিলেন?

● প্রথম মেয়র ছিলেন হলওয়েল।

১০৬। মেয়রপদের উদ্দেশ্য কি ছিল?

● মেয়র ছিলেন পৌরসভার প্রধান পরিচালক। তাকে সাহায্য করতেন ৯ জন অল্ডারম্যান।

১০৭। কলকাতায় সে সময় কি ব্যবসার খুব রমরমা ছিল? এজন্য কি করা হয়?

● সে যুগে 'অ্যারাক' নামে একধরণের মদের ফলাও কারবার ছিল।

পৌরসভা এই মদ তৈরির অনুমতি দেওয়ার জন্য লাইসেন্সের ব্যবস্থা করে।

১০৮। **প্রথম লাইসেন্স কে পায়?**

● প্রথম লাইসেন্স দেওয়া হয় বিবি ডেমিগো অ্যাশ'কে।

১০৯। **কলকাতা প্রতিষ্ঠার সময় বাঙলার শাসক কে ছিলেন?**

● ঐ সময় বাঙলার শাসনকর্তা ছিলেন মুর্শিদাবাদের নবাব সিরাজউদ্দৌলা।

১১০। **সিরাজউদ্দৌলা কবে কলকাতা আক্রমণ করেন? এবং কেন?**

● ঈস্ট ইণ্ডিয়া কোম্পানীর সঙ্গে ঝগড়ার জন্য নবাব সিরাজউদ্দৌলা ১৭৫৬ সালের জুন মাসে কলকাতা আক্রমণ করেন।

১১১। **কলকাতায় আর কার আক্রমণ ঘটেছিল?**

● বর্গী নামে মারাঠা দস্যুদের কলকাতায় আক্রমণ আশঙ্কা দেখা দেয়।

১১২। **বর্গী আক্রমণ ঠেকানোর জন্য কি করা হয়?**

● বর্গীদের হাত থেকে আত্মরক্ষার জন্য কাটা হয় আর একটি খাল, যার নাম 'মারহাট্টা ডিচ' বা মারাঠা খাদ।

১১৩। **'মারহাট্টা ডিচ' বা খাদ কোথায় কাটা হয়?**

● 'মারহাট্টা ডিচ' বা খাদ কাটা হয় দক্ষিণ ও পূর্ব কলকাতায়।

১১৪। **এই 'ডিচ' কবে কাটা হয়?**

● ১৭৫২ সালে।

১১৫। **এই 'মারহাট্টা ডিচ' কি এখনও আছে?**

● হ্যাঁ, পূর্ব কলকাতায় এর অস্তিত্ব আজও আছে।

১১৬। **নবাব সিরাজউদ্দৌলা কি কলকাতা জয় করেন?**

● হ্যাঁ, নবাব সিরাজউদ্দৌলা কলকাতা জয় করে ইংরেজদের বিতারিত করেন।

১১৭। **নবাব কবে কলকাতা জয় করেন?**

● ১৭৫৬ সালে।

১১৮। **নবাব সিরাজউদ্দৌলা কি কলকাতা নাম বদল করেন?**

● হ্যাঁ। নবাব কলকাতার নামকরণ করেন আলিনগর।

১১৯। **ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী অর্থাৎ ইংরেজরা আবার কবে কলকাতা জয় করে?**

● ১৭৫৭ সালে। আবার কলকাতা নাম বহাল হয়।

১২০। সিরাজউদ্দৌলা ইংরেজদের কলকাতার কেল্লা ফোর্ট উইলিয়াম' দখল করে কি করেন ?

● শোনা যায় নবাব ১৪৬ জন কর্মচারীকে এক কক্ষে আটক রাখেন ও তাদের অনেকে নাকি দমবন্ধ হয়ে মারা যায়। এর নাম অন্ধকূপ।

১২১। কলকাতার অন্ধকূপ হত্যার কাহিনী কে প্রচার করে ?

● হলওয়েল নামে এক ইংরাজ কর্মচারি।

১২২। অন্ধকূপ হত্যার কাহিনী কি ঠিক ?

● অধিকাংশের মতে মিথ্যা। কারণ ছোট্ট ওই কামরায় অত লোক থাকা সম্ভব ছিলো না।

১২৩। কলকাতা অবরোধের সময় শহরে বাড়ির সংখ্যা কত ছিল ?

● মাত্র ৭০ টির মত।

১২৪। কলকাতায় কোন বিখ্যাত ইংরাজ সেনাপতির বাস ছিল ?

● ইংরাজ সেনাপতি লর্ড ক্লাইভ।

১২৫। লর্ড ক্লাইভ কলকাতায় কোথায় থাকতেন ?

● লর্ড ক্লাইভ থাকতেন কলকাতার দক্ষিণে।

১২৬। কলকাতায় লর্ড ক্লাইভের সম্পত্তি ছিল কি ?

● হ্যাঁ, ক্লাইভ প্রচুর বেআইনী সম্পত্তি করেছিলেন। দক্ষিণ কলকাতায় মারহাট্টা ডিচের গায়ে ৬০০ গজ চওড়া বিরাট জমিদারি ছিল ক্লাইভের।

১২৭। কলকাতায় এই সময় কোন কোর্ট স্থাপন করা হয় ?

● কলকাতায় এই সময় সুপ্রীম কোর্ট স্থাপন করা হয়।

১২৮। কোন সালে কলকাতায় সুপ্রীম কোর্ট স্থাপন করা হয় ? ও কেন ?

● ১৭৭৩ সালে। ক্লাইভের দুর্নীতির তদন্ত ও অন্যান্য কারণে।

১২৯। এই সময় ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী কাকে বাঙলার গভর্নর নিয়োগ করেন ?

● ওয়ারেন হেস্টিংস এবং গভর্নর নিযুক্ত হয়ে কলকাতায় আসেন।

১৩০। এই সময় কলকাতার কি পরিবর্তন হয় ?

● কলকাতা ভারতের রাজধানী হয়ে ওঠে।

১৩১। কোন সালে কলকাতা ভারতের রাজধানী হয় ?

● কলকাতা ভারতের রাজধানী হয় ১৭৭৩ সালে।

১৩২। ভাগীরথী নদীর নাম হুগলী নদী হয় কেন ?

● ইংরেজরা ভাগীরথী নদী বরাবর কলকাতায় চলাচলে অসমর্থ হওয়ায় হুগলীতেই তারা কুঠি স্থাপন করে আর ভাগীরথীর নাম রাখে হুগলী নদী।

১৩৩। ইংল্যাণ্ড থেকে প্রথম কোন জাহাজ কলকাতায় আসে ?

● ইংল্যাণ্ড থেকে প্রথম কলকাতায় আসে 'এণ্টারপ্রাইজ' নামে একটি জাহাজ।

১৩৪। ঐ জাহাজ কবে আসে ?

● ১৮২৫ সালের ৯ই ডিসেম্বর। ক্যাপ্টেন ছিলেন ক্যাপ্টেন জনসন।

১৩৫। জলপথে সে কালে কলকাতায় কিভাবে যোগাযোগ চলত ?

● নানা রকম খাল কেটে যোগাযোগ রাখা হত।

১৩৬। 'টালীর নালা' কে খনন করেন ?

● এটি খনন করেন একজন ইঞ্জিনিয়ার মেজর উইলিয়াম টলী। তার নামেই এর নামকরণ হয়।

১৩৭। কোন সালে এই খাল খনন করা হয় ?

● ১৭৭৫ সাল থেকে ১৭৭৭ সালের মধ্যে।

১৩৮। টালীর নালার দৈর্ঘ কত ?

● ৮ মাইল।

১৩৯। ঐ নালা কোথা থেকে কোথায় বিস্তৃত ছিল ?

● হেস্টিংস (খিদিরপুর) থেকে হুগলী নদীর সঙ্গে ৮ মাইল লম্বা নালা কাটার পর যুক্ত করা হয় গড়িয়ার কাছে বিদ্যাধরী নদীর সঙ্গে।

১৪০। কলকাতার কাছাকাছি আর কোন বন্দর সেকালে খ্যাতি অর্জন করে ?

● সপ্তগ্রাম বন্দর।

১৪১। ইংরেজদের আসার আগে কোন দেশের লোক কলকাতায় আসে ?

● পর্তুগীজ বণিকরা ইংরেজদের আগে আসে।

১৪২। ইংরেজদের কাঠের পালতোলা জাহাজ সহজে কলকাতা বন্দরে ঢুকতে পারতো না কেন ?

● ইংরেজদের পালতোলা জাহাজ হুগলী নদীতে সহজে ঢুকতে পারতো না কারণ তাদের বিশেষ শিক্ষাপ্রাপ্ত পাইলট ছিলোনা।

গঙ্গার ধার

রাজভবন

১৪৩। কাদের জাহাজ আসতে পারতো কলকাতায় ?

● ডাচ ও পর্তুগীজদের জাহাজ ।

১৪৪। কলকাতার কাছে প্রথম কোন ইংরেজ জাহাজ আসে ?

● ফ্যালকন নামে একটি জাহাজ।

১৪৫। ফ্যালকন কবে কলকাতার কাছে আসে ?

● ফ্যালকন আসে ১৬৭৯ সালে। তখনও কলকাতায় ইংরেজদের কুঠি স্থাপিত হয়নি।

১৪৬। ফ্যালকনের ক্যাপ্টেন কে ছিলেন ?

● কাপ্টেন ছিলেন স্ট্যাফোর্ড।

১৪৭। ইংরেজদের কাঠের পালতোলা জাহাজ কবে থেকে বেশি সংখ্যায় কলকাতায় আসতে শুরু করে ?

● ১৬৯০ সালের পর।

১৪৮। কলকাতায় ঢোকার জন্য ইংরেজরা কবে 'হুগলী পাইলট সার্ভিস' প্রতিষ্ঠা করে ?

● ১৬৬৮ খ্রীস্টাব্দে কলকাতা নামকরনেরও আগে।

১৪৯। জলপথে কলকাতার সঙ্গে কোন কোন জায়গার যোগাযোগ ছিল ?

● কলকাতার সঙ্গে আসামের যোগাযোগ ছিল। এছাড়াও যাতয়াত ব্যবস্থা গড়ে ওঠে ইউরোপ বা ইংল্যাণ্ডের সঙ্গে। এছাড়া বাঙলাদেশের কোন কোন স্থান, চাঁদপুর, ঢাকা, খুলনা চব্বিশ পরগণার সঙ্গে জলেপথে যোগাযোগ ছিল।

১৫০। কলকাতা ও আসামের গৌহাটির মধ্যে প্রথম ষ্টীমার কবে চলে ?

● ১৮৪৮ সালে।

১৫১। এই ষ্টীমার কে চালানোর ব্যবস্থা করে ?

● ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী।

১৫২। এজন্য কোন কোম্পানী গঠিত হয় ?

এজন্য ইণ্ডিয়া জেনারেল ষ্টীম নেভিগেশান কোম্পানী গঠিত হয়।

১৫৩। এই কোম্পানী কলকাতা থেকে কটি ষ্টীমার চালাতেন ?

● তারা চালাতেন দুটি ষ্টীমার।

১৫৪। কতদিন বাদে বাদে ষ্টীমার চলতো ?

● ষ্টীমার চালানো হত ছ'সপ্তাহ অন্তর।

১৫৫। কলকাতা থেকে গৌহাটি পৌঁছতে কত সময় লাগত ?

● সময় লাগত ৬ বা ৭ সপ্তাহের মত।

১৫৬। ষ্টীমার ছাড়া যোগাযোগের আর কি ব্যবস্থা ছিল ?

● ষ্টীমার ছাড়াও চলাচল করত বড় বড় নৌকা।

১৫৭। কলকাতার বাজারে বাইরে থেকে কি কি জিনিস আসতো ?

● কলকাতায় আনা হত বরিশালের চাল, সুন্দরবনের কাঠ এই সব।

১৫৮। টালির নালা নামকরণ হওয়ার আগে আদি গঙ্গার খালের নাম কি ছিল ?

● এর আগে আদিগঙ্গার নাম ছিল সারম্যান সাহেবের নালা। তারও আগে নাম ছিল গোবিন্দপুর নালা।

১৫৯। কলকাতার সেকালের একটি বড় নদীর নাম কি ?

● বিদ্যাধরী নদী।

১৬০। বিদ্যাধরী নদী দিয়ে কোথায় যাওয়া যেত ?

● বিদ্যাধরী নদী দিয়ে দক্ষিণ-পূর্ব দিকে মাতলা আর উত্তর-পশ্চিমে বামনঘাটায় যাওয়া যেত।

১৬১। বিদ্যাধরী নদী কোথা থেকে কোথায় গিয়ে পড়ত ?

● শামুকপোতা থেকে দক্ষিণ-পূর্ব দিকে ক্যানিং বা মাতলা নদীতে। ধাপা থেকে ক্যানিং পর্যন্ত দৈর্ঘ্য ছিল ৩৫ মাইল।

১৬২। বেলেঘাটা খাল কোথায় ছিল ?

● সার্কুলার রোড থেকে পুব দিকে ধাপা পর্যন্ত।

১৬৩। ইংরেজরা প্রথম কলকাতায় আসার সময় কোন বড় খাল ছিল ?

● ইংরেজরা কলকাতায় আসার সময় চাঁদপাল ঘাটের কাছে গঙ্গা থেকে একটি খাল হেস্টিংস স্ট্রীট হয়ে, ধর্মতলা স্ট্রীটের উত্তর দিক দিয়ে ওয়েলিংটন স্কোয়ার পার হয়ে এন্টালি ছুঁয়ে বেলেঘাটার দক্ষিণে লবণ হ্রদে পড়ত।

১৬৪। এই খালের শেষ অবধি কি হয় ?

● এই খাল পলি পড়ে বুঁজে যায় আর রাস্তাঘাট তৈরি করতে বন্ধ করে ফেলা হয়।

১৬৫। এই কাজ কবে করা হয়?

● ১৮০০ সালে কিছুটা, বাকি অংশ ১৮৬০ সালে।

১৬৬। 'লেক চ্যানেল' কার নাম ছিল?

● ধাপা থেকে বামনঘাটা পর্যন্ত সাড়ে পাঁচ মাইল দীর্ঘ বিদ্যাধরী নদীর শাখা লবণ হ্রদের মধ্যে বয়ে যেত। এরই নাম লেক চ্যানেল।

১৬৭। সার্কুলার ক্যানাল বা খাল কোথায় ছিল?

● লবণ হ্রদ, বেলেঘাটা খাল আর 'মারহাট্টা ডিচ' বরাবর এই খাল ছিল।

১৬৮। এই খালের পরিকল্পনা কে করেন?

● এই খালের পরিকল্পনা করেন মেজর সক্।

১৬৯। এই খাল কবে কাটা হয়?

● ১৮৩০-৩৩ সালে।

১৭০। এই খাল কত দীর্ঘ ছিল?

● সার্কুলার ক্যানাল ১০ মাইল দীর্ঘ ছিল।

১৭১। এই খালের মুখে কি বসানো হয়?

● এই খালের মুখে প্রথম 'লক' বসানো হয়। যা থেকে চালু হয় লকগেট কথাটি।

১৭২। এই খাল কতটা চওড়া ছিল?

● এই খাল ছিল প্রায় ৮০ হাত চওড়া।

১৭৩। লকগেট কোথায় কোথায় বসানো হয়?

● চিংপুর, ধাপা ইত্যাদি জায়গায় বসানো হয়।

১৭৪। বিদ্যাধরী নদী কবে মজে যায়?

● বিদ্যাধরী নদী ১৯৩০ সালের কাছাকাছি মজে যায়।

১৭৫। বিদ্যাধরী নদী মজে যাওয়ার কারণ কি?

● বিদ্যাধরী নদী মজে যায় লক বসানো আর নতুন নতুন খাল কাটার ফলেই।

১৭৬। কলকাতার খালে চলাচলের জন্য মাশুল দিতে হত কি?

● হ্যাঁ, মাশুল দিতে হত।

১৭৭। মাশুল কে আদায় করত ?

- খালের মাশুল আদায় করতেন টোল কালেক্টর।

১৭৮। প্রথম টোল কালেক্টর কে ছিলেন ?

- প্রথম টোল কালেক্টর ছিলেন ক্যাপ্টেন গুথরি।

১৭৯। কলকাতায় নৌকা বা ষ্টীমার ছাড়া আর কি জলযান ছিল ?

- নৌকা আর ষ্টীমার ছাড়া ছিল পান্‌সি আর বজরা।

১৮০। কলকাতার ঘাট থেকে ফেরী সার্ভিস ছিল কি ?

- হ্যাঁ, চাঁদপালঘাট থেকে ফেরী সার্ভিসে ষ্টীমার চালানো হত।

১৮১। ঐ ফেরীতে কোথায় যাওয়া যেত ?

- ফেরীতে বোটানিকাল-গার্ডেন, মেটিয়াবুরুজ, শিবপুর ইত্যাদি জায়গায় যাওয়া যেত।

১৮২। মেজর টলী, যিনি টালীর নালা কেটেছিলেন তার নামে কোন জায়গার নামকরণ হয় ?

- টলী সাহেবের বসানো গঞ্জ বা টালীগঞ্জ।

১৮৩। টলী সাহেব কবে মারা যান ?

- ১৮৭৪ সালে।

১৮৪। তার নামে 'গঞ্জ' হয় কেন ?

- টলী সাহেব একটি গঞ্জ বা বাজার স্থাপন করেন বলেই।

১৮৫। কলকাতার ফেরী সার্ভিস কারা পরিচালনা করতেন ?

- ফেরী সার্ভিস পরিচালনা করতেন কলকাতা পোর্ট কমিশনারস।

১৮৬। এই সার্ভিস প্রথম কবে চালু হয়।

- ১৯০৭ সালে।

১৮৭। কলকাতা শহরে প্রথম কবে জরিপের ব্যবস্থা হয় ?

- কলকাতা পত্তনের ১৬ বছর পর ১৭০৬ সালে কলকাতায় প্রথম জরিপের ব্যবস্থা করে ঈস্ট ইণ্ডিয়া কোম্পানী।

১৮৮। জরিপের ফলে কি আবিষ্কার হয় ?

- কলকাতা জরিপের ফলে কলকাতার নানা ধরণের জমি, বাড়ি, রাস্তা ইত্যাদির সঠিক পরিমাপ করা যায়।

১৮৯। কলকাতায় আদি যুগে পথঘাট কেমন ছিল ?

● সেকালে কলকাতার অর্ধেকই ছিল জঙ্গল আর পতিত জমি। আর ছিল শুধু কাঁচা পথ। পথ বলতে দুটি আর গলিপথও দুটি।

১৯০। কলকাতায় তখন গাড়িঘোড়া কি ছিল ?

● পথ ভাল না থাকায় যানবাহন প্রায় ছিলই না। আদি যান হিসেবে একমাত্র পালকি ছিল। এছাড়া ছিল গরু বা মোষবাহিত গাড়িও।

১৯১। কলকাতায় প্রথম বড় রাস্তা কোনটি তৈরী হয় ?

● কলকাতার প্রথম বড় রাস্তা হল সার্কুলার রোড।

১৯২। সার্কুলার রোড প্রথম কবে তৈরি আরম্ভ হয় ?

● সার্কুলার রোড তৈরি আরম্ভ হয় ১৭৮০ সালে।

১৯৩। কলকাতায় পথ সমীকক্ষ কবে নিযুক্ত হয় ?

● প্রথম পথ সমীক্ষক নিযুক্ত হন ১৭৬৬ সালে।

১৯৪। কলকাতার অবস্থা সে সময় কেমন ছিল ?

● ঐ সময় কলকাতার অবস্থা অত্যন্ত খারাপ ছিল। বহু এলাকাই বাসযোগ্য ছিল না।

১৯৫। ঐ সময় কলকাতা উন্নয়নের জন্য কি ব্যবস্থা নেওয়া হয় ?

● কলকাতার উন্নতির জন্য ৩০ জন নাগরিককে নিয়ে 'শহর উন্নয়ন কমিটি' তৈরি করা হয়।

১৯৬। এ ব্যবস্থা কে করেন ?

● শহর উন্নয়নের ব্যবস্থা করেছিলেন গভর্ণর জেনারেল লর্ড ওয়েলেসলি।

১৯৭। শহর উন্নয়ন কমিটি কবে করা হয় ?

● কমিটি হয় ১৮০৩ সালে।

১৯৮। শহর উন্নয়ন কমিটির কাজ কি ছিল ?

● তাদের কাজ ছিল কলকাতার পয়ঃপ্রণালী, পথঘাট, বাড়িঘরের উন্নতি করা, বাজার স্থাপন ইত্যাদি করা।

১৯৯। কলকাতার উন্নয়নে আর কি ব্যবস্থা নেওয়া হয়েছিল ?

● কলকাতার উন্নতির জন্য টাকা তোলার উদ্দেশ্য নিয়ে করা হয় লটারির ব্যবস্থা।

২০০। কলকাতায় প্রথম কবে লটারি করা হয় ?

● কলকাতায় প্রথম লটারিতে টাকা তোলা হয় ১৭৮৪ সালে। পাকা-পাকি আইন হয় ১৮০০ সালের ২০শে মে।

২০১। প্রথম লটারির টাকায় কি তৈরি হয় ?

● কলকাতার প্রথম লটারির টাকায় সেণ্ট জনস চার্চ তৈরি হয়।

২০২। লটারি কারা পরিচালনা করতেন ?

● ৯জন ব্যক্তির 'লটারি কমিশন' লটারি পরিচালনা করতেন।

২০৩। এদের নাম কি ছিল ?

● সদস্যদের বলা হত লটারি কমিশনার।

২০৪। শহর উন্নয়নের জন্য লটারির টাকা শহর উন্নয়ন কমিটি কবে পান ?

● ১৮০৫ সালে।

২০৫। লটারি কমিশনের বদলে কবে লটারি কমিটি হয় ?

● ১৮১৭ সালে।

২০৬। লটারির তোলা টাকায় আর কি কি কাজ হয় ?

● ১৮০৫ সাল থেকে কয়েক বছরের মধ্যে কলকাতায় প্রচুর পুকুর তৈরী হয়। বেলেঘাটা খাল সংস্কার হয়, বহু রাস্তাও বানানো হয়।

২০৭। কোন বিখ্যাত বাড়ি লটারির টাকায় তৈরি হয় ?

● কলকাতার টাউন হল। এরজন্য খরচ হয় ৭৷০০০ টাকা।

২০৮। টাউন হল কবে তৈরি হয় ?

● টাউন হল তৈরি হয় ১৮১৩ সালে। এর আগে ১৭৯২ সালে হয় ক্যালকাটা এক্সচেঞ্জ বিল্ডিংস।

২০৯। প্রতি বছর কতবার লটারি করা হত ?

● বেশ কয়েকবার প্রয়োজন মত। লটারীর ব্যবস্থা হত।

২১০। স্থায়ী লটারি কমিটি কবে হয় ?

● ১৮১৭ সালে স্থায়ী কমিটি হয়।

২১১। লটারি কবে বন্ধ হয়ে যায় ?

● ১৮৩৬ সালে।

২১২। লটারি বন্ধ হয়ে গেল কেন?

● ইংল্যাণ্ডের জনগণের চাপে। লটারিতে টাকা তোলা তারা গর্হিত কাজ ভাবতেন।

২১৩। এই সময় ১৮০৫ থেকে ১৮৩৬ পর্যন্ত আর কোন পথ তৈরি হয়?

● স্ট্র্যাণ্ড রোড, ওয়েলেসলি স্ট্রীট, কলেজ স্ট্রীট, আমহার্স্ট স্ট্রীট, হেয়ার স্ট্রীট ইত্যাদি পথ।

২১৪। কলকাতার উন্নতির জন্য আর কোন প্রতিষ্ঠানের জন্ম হয়?

● কলকাতার উন্নতির জন্য কলকাতা ইমপ্রুভমেণ্ট ট্রাস্টের প্রতিষ্ঠা হয়।

২১৫। কোন সালে কলকাতা ইমপ্রুভমেণ্ট ট্রাস্টের জন্ম হয়?

● ১৯১২ সালে।

২১৬। কলকাতার পথঘাট কি দিয়ে বানানো হতো?

● প্রধানতঃ খোয়া বা ইঁট দিয়ে।

২১৭। পীচ বা অ্যাসফাল্টের রাস্তা কবে বানানো শুরু হয়?

● ১৯২৪ সাল থেকে।

২১৮। ইমপ্রুভমেণ্ট ট্রাস্ট কোন কোন রাস্তা তৈরি করে?

● ইমপ্রুভমেণ্ট ট্রাস্ট তৈরী করে রসা রোড, সেণ্ট্রাল অ্যাভিনিউ, যতীন্দ্রমোহন অ্যাভিনিউ, ভূপেন বোস অ্যাভিনিউ, সার্দান অ্যাভিনিউ, রাসবিহারী অ্যাভিনিউ ইত্যাদি।

২১৯। আর কোন কোন রাস্তা কবে তৈরি হয়?

● ফ্রি স্কুল স্ট্রীট বানানো হয় ১৮৬৪ সালে। বিডন স্ট্রীট ১৮৬৮ সালে, ক্যানিং স্ট্রীট ১৮৬৫ সালে।

২২০। উনিশ শতকে কলকাতায় রাস্তার দৈর্ঘ্য কত ছিল?

● ১৯০০ সাল অবধি কলকাতার পথঘাটের দৈর্ঘ ছিল ১৮০ মাইলের মত।

২২১। কলকাতার রাস্তা প্রধানতঃ কিসের উপর বানানো হয়?

● অনেক রাস্তা বানানো হয় নর্দমা বুঁজিয়ে ফেলে।

২২২। হ্যালিডে স্ট্রীট কোথায় ছিল? এ আজও আছে কি?

● হ্যালিডে স্ট্রীট ছিল কলুটোলা স্ট্রীট থেকে মেছুয়াবাজার স্ট্রীট অবধি। আজ আর নেই। সেণ্ট্রাল অ্যাভিনিউ বা চিত্তরঞ্জন অ্যাভিনিতে ঢুকে গেছে।

২২৩। হ্যালিডে স্ট্রীট কবে তৈরি হয়?

● ১৮৫৭ সালে।

২২৪। কলকাতার উন্নয়নে কোন কোন বিখ্যাত এ দেশীয় মানুষ জড়িত ছিলেন?

● প্রিন্স দ্বারকানাথ ঠাকুর, প্রসন্নকুমার ঠাকুর, রুস্তমনী কাওয়াসজী ইত্যাদি।

২২৫। কলকাতার উন্নতির উদ্দেশ্যে আর কি কমিটি হয়?

● মিউনিসিপ্যাল এনকোয়ারী কমিটি গঠিত হয়।

২২৬। ঐ কমিটির চেয়ারম্যান কে ছিলেন?

● স্যার জন পিটার গ্র্যাণ্ট।

২২৭। ওয়ারেন হেস্টিংস কবে কলকাতায় আসেন ?

● ওয়ারেণ্ট হেংস্টিংস কলকাতায় আসেন ১৭৭২ সালে।

২২৮। মহারাজা নন্দকুমারের ফাঁসি কবে হয় ?

● মহারাজা নন্দকুমারের ফাঁসি হয় ১৭৭৫ সালের ৫ই আগস্ট।

২২৯। মহারাজা নন্দকুমারের ফাঁসি হওয়ায় কলকাতায় কি প্রতিক্রিয়া দেখা দেয় ?

● কলকাতার বহু ব্রাহ্মণ এই ঘটনায় অত্যন্ত দুঃখিত হয়ে 'কলকাতা পাপের শহর' আখ্যা দিয়ে গঙ্গাস্নান করে কলকাতা ত্যাগ করেন।

২৩০। মহারাজা নন্দকুমারের বিচার কে করেন ?

● বাংলার প্রথম চিফ জাস্টিস এলিজা ইম্পে।

২৩১। 'ক্লাইভের মেসবাড়ি' কিসের নাম ছিল ?

● দমদমের কাছে কলকাতার প্রান্তসীমায় একটি প্রাচীন বাড়ির এই নাম ছিল। ক্লাইভ সেখানে একসময় থাকতেন।

২৩২। ক্লাইভের মেসবাড়ি পরে কি হয় ?

● পরে মেস বাড়িটিতে বেঙ্গল ফ্লাইং ক্লাবের দপ্তর বানানো হয়। ওখানেই পরে তৈরি হয় বর্তমানের দমদম বিমানবন্দর। বাড়িটি ভেঙে ফেলা হয়।

২৩৩। কলকাতা কোন দুই ভাগে বিভক্ত ছিল ?

● কলকাতা, বাজার কলকাতা আর ডিহি কলকাতায় বিভক্ত ছিল।

২৩৪। কলকাতার শিল্প-বাণিজ্য কিভাবে বেড়ে ওঠে ?

● পত্তনের পর ১৬০০ থেকে ১৭৯০ সালের মধ্যে কলকাতা দ্রুত বাড়তে থাকে। ইউরোপীয়রা তাদের বাড়িঘর আর ব্যবসা কেন্দ্র গড়ে তোলে প্রধানতঃ সুতানুটিতে, হুগলী নদীর পূর্ব তীর বরাবর। এট বিস্তৃত হয় চিৎপুর থেকে হাটখোলা হয়ে দক্ষিণে ফোর্ট উইলিয়াম পর্যন্ত।

২৩৫। ঐ সময় কলকাতায় দেশীয় মানুষের সংখ্যা কত ছিল ?

● কলকাতায় এই দেশীয় মানুষের সংখ্যা কলকাতার ইংরাজ কালেক্টরের মতানুযায়ী ছিল ৪০০,০০ লক্ষ।

২৩৬। কলকাতার মোট জনসংখ্যা কত তখন ছিল ?

● প্রায় ৪,১৩,১৮২ জন।

২৩৭। ইউরোপীয়ের সংখ্যা তখন কত ছিল ?

● এ সংখ্যা ছিল ৭১১৫ জন।

২৩৮। কলকাতায় ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর কর্তা-ব্যক্তিদের পরস্পরের প্রতি ব্যবহার কেমন ছিল ?

● কোম্পানীর কর্তা ব্যক্তিরা পরস্পরের প্রতি ঈর্ষা আর ঘৃণার ভাব পোষন করতেন।

২৩৯। দেশীয় অধিবাসীদের আচরণ কেমন ছিল ?

● জনজীবনে কোম্পানীর ইউরোপীয়রা স্থানীয় মানুষদের অবজ্ঞাই করতেন। তারা ছিলো প্রধানতঃ ভাগ্যান্বেষী, দালাল আর ব্যবসাদার।

২৪০। কলকাতায় ঐ সময় কাদের মধ্যে ডুয়েল বা দ্বন্দ্বযুদ্ধ হয় ?

● বিখ্যাত দ্বন্দ্বযুদ্ধ হয় ওয়ারেন হেস্টিংস আর তার কাউন্সিলের সদস্য ফিলিপ ফ্রান্সিসের মধ্যে।

২৪১। ওই দ্বন্দ্বযুদ্ধে কার জয় হয় ?

● জয়ী হন হেস্টিংস। ফিলিপ ফ্রান্সিস আহত হন।

২৪২। ওই দ্বন্দ্বযুদ্ধে কি ব্যবহার হয় ?

● পিস্তল নিয়ে ওই লড়াই হয়।

২৪৩। ওই লড়াই কোথায় হয়েছিল ?

● ওই লড়াই হয় বেলভেডিয়ারে ওয়ারেন হেস্টিংসের বাড়ির উত্তর দিকের গেটের সামনের জমিতে।

২৪৪। ওয়ারেন হেস্টিংসের বাসগৃহ কোথায় ছিল ?

● বেলভিডিয়ারে লাট প্রাসাদে, বর্তমানে যেটি ন্যাশনাল লাইব্রেরী।

২৪৫। কলকাতায় তখন ইংরাজী সংবাদপত্র কি ছিল ?

● প্রাচীনতম ইংরাজী সংবাদপত্র ছিল 'দি ইণ্ডিয়ান গেজেট।'

২৪৬। ঐ সংবাদপত্র কবে প্রকাশিত হয়?

- ১৭৭৪ সালে। পরে আসে 'দি বেঙ্গল গেজেট' ১৭৮০ তে।

২৪৭। কলকাতায় আর কোন সংবাদপত্র প্রকাশিত হয়?

- ১৭৮৪ সালে 'দি ক্যালকাটা গেজেট।' ১৭৮৬ সালে 'দি ক্যালকাটা ক্রনিকল'।

২৪৮। সে সময় কোন্ ইংরাজ মহিলা সমাজে খুব পরিচিত ছিলেন?

- তিনি ছিলেন মাদাম গ্র্যাণ্ড।

২৪৯। মাদাম গ্র্যাণ্ড মামলা করে কার কাছ থেকে কত টাকা আদায় করেছিলেন?

- মাদাম গ্র্যাণ্ড ফিলিপ ফ্রান্সিসের সঙ্গে মামলায় ৫০০০০ টাকা আদায় করেন।

২৫০। এই সময় কোন্ বিখ্যাত প্রতিষ্ঠানের জন্ম হয়?

- বিখ্যাত এশিয়াটিক সোসাইটির জন্ম হয়।

২৫১। কোন সালে প্রতিষ্ঠা হয়? প্রতিষ্ঠাতা কে?

- এশিয়াটিক সোসাইটির প্রতিষ্ঠা হয় ১৫ই জানুয়ারী, ১৭৮৪ সালে। প্রতিষ্ঠাতা স্যার উইলিয়াম জোনস।

২৫২। এশিয়াটিক সোসাইটির কাজ কি ছিল?

- এশিয়াটিক সোসাইটি প্রাচীন ভারতীয় সাহিত্য আর সাংস্কৃতিক গবেষণার জন্য স্থাপন করা হয়।

২৫৩। এই সময় কলকাতায় কোন্ গভর্ণর জেনারেল আসেন?

- লর্ড কর্ণওয়ালিশ কলকাতায় আসে।

২৫৪। কলকাতায় এই সময় কোন্ বিখ্যাত শিল্পী এসেছিলেন?

- কলকাতায় এই সময় টমাস ড্যানিয়েল নামে বিখ্যাত শিল্পী আসেন।

২৫৫। টমাস ড্যানিয়েল কোন্ সময় কলকাতায় আসেন?

- তিনি আসেন ১৭৮৪ সালে। ছিলেন দশ বছর।

২৫৬। কলকাতায় আর কোন্ বিখ্যাত শিল্পী আসেন?

- কলকাতায় আসেন জার্মান শিল্পী যোহান জোফানী। তিনি আসেন ১৭৮০ সালে।

২৫৭। কলকাতা কর্পোরেশনের প্রথম চেয়ারম্যান কে হন ?

● প্রথম চেয়ারম্যান হন ভি. এইচ. সক্।

২৫৮। তিনি কতদিন চেয়ারম্যান ছিলেন ?

● জুলাই ১৮৬৩ থেকে ১৮৬৬ সালের ২রা এপ্রিল পর্যন্ত।

২৫৯। সকের পর কে চেয়ারম্যান হন ?

● সকের পর চেয়ারম্যান হন স্যার স্টুয়ার্ট হগ।

২৬০। হগ কতদিন ওই পদে ছিলেন ?

● তিনি ছিলেন দশ বছর। ১৮৬৬ থেকে ১৮৭৬ পর্যন্ত।

২৬১। হগ সাহেবের নামে কিসের নামকরণ হয় ?

● কলকাতার সবচেয়ে বড় বাজার হগ মার্কেটের নামকরণ হয়।

২৬২। এই সময় কলকাতাকে 'সিটি অব প্যালেসেস' বা প্রাসাদের শহর আখ্যা দেওয়া হয় কেন ?

● কলকাতার নাম প্রাসাদ শহর হয় কারণ বহু ইংরেজ আর দেশীয় ধনী নানা সুন্দর সুন্দর প্রাসাদ তৈরি করেন বলে।

২৬৩। বিস্তাধর রায়ের কলকাতার প্রাসাদ কোথায় ছিল ?

● ডালহাউসী অঞ্চলে লাল দিঘীর কাছে। এখানেই জোব চার্ণক থাকতেন।

২৬৪। কলকাতায় প্রথমে কোন কোন বাজার স্থাপিত হয় ?

● প্রথম স্থাপিত হয় লালবাজার। তারপর রাধাবাজার। এরপর বড়বাজার।

২৬৫। রাধাবাজার কার নামে রাখা হয় ?

● লালদিঘীর মালিক শ্যাম রায়ের স্ত্রীর নামে।

২৬৬। ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী বাণিজ্য করার বাদশাহী ফরমান কবে পায় ?

● ১৭১৭ সালে দিল্লীর বাদশাহ ফারুখশিখরের কাছ থেকে।

২৬৭। কোম্পানী কোন কোন স্থান লাভ করে ?

● তারা হুগলী নদীর পশ্চিম তীরের কিছু গ্রাম, যেমন শালকিয়া, হাওড়া ইত্যাদি ছাড়া পূর্ব তীরে পায় চৌরঙ্গী, চিৎপুর, তিলজলা, এন্টালি, শিয়ালদহ, সিমলা, উল্টাডাঙা, বেলগাছিয়া, ট্যাঙরা, তপসিয়া ইত্যাদি ৩৮টি গ্রাম।

২৬৮। ইউরোপীয়রা এই সময় কি রকম পোশাক পারতেন ?

● তারা পরতেন ঢোলা সার্ট, পায়জামা আর কোট। এই গরম আবহাওয়ায় এটাই ছিল উপযুক্ত তাই ঐ পোশাক।

২৬৯। কলকাতায় ঐ সময় সামাজিক ব্যবহার কি রকম ছিল ?

● ইংরাজ ও ভারতীয়দের মধ্যে সামাজিক অনুষ্ঠানে যোগদান চলত।

২৭০। কলকাতার গোঁড়া মানুষেরা কি ইউরোপীয়দের অনুষ্ঠানে খাদ্য গ্রহণ করতেন ?

● না, তারা গ্রহণ করতেন কেবল পান আর সরবত।

২৭১। ইউরোপীয়রা কি ধরণের অনুষ্ঠানে দেশীয় মানুষদের বাড়িতে যেতেন ?

● ইউরোপীয়রা দূর্গাপূজা ও অন্যান্য সামাজিক অনুষ্ঠানে যেতেন।

২৭২। কোন্ দেশীয় ধনীর বাড়ির দূর্গাপূজা বিখ্যাত ছিল ?

● রাজা নবকৃষ্ণের বাড়ির দূর্গাপূজা।

২৭৩। কলকাতায় তখন কোন ধরণের মানুষ ব্যবসা-বাণিজ্যে উন্নতি লাভ করে ?

● সাধারণভাবে হিন্দু কায়স্থরা।

২৭৪। এই সব মানুষের মধ্যে কারা ছিলেন ?

● ১৭৬০ সাল থেকে ছিলেন শেঠ ও বসাক বংশের মানুষ। যেমন, গোকুল শেঠ, পীতাম্বর শেঠ, নীলাম্বর শেঠ। বসাকদের মধ্যে ছিলেন শোভারাম বসাক, পূর্ণ বসাক। এরপর আসেন মিত্ররা, যেমন, গোকুল মিত্র, রাম মিত্র, গোবিন্দ মিত্র ইত্যাদি।

২৭৫। ব্রাহ্মণ বংশের কারা ছিলেন ?

● ব্রাহ্মণ বংশের ছিলেন সাবর্ণ রায়, এছাড়া ঠাকুর বংশের আর বন্দ্যোপাধ্যায় ও মুখার্জী বংশের মানুষ।

২৭৬। এই সব বিখ্যাত বংশের কোন স্মৃতি কলিকাতায় আছে ?

● নানা রাস্তাঘাট ও বাজারের নামকরণের মধ্য দিয়ে। তাদের স্মৃতি-চিহ্ন আছে।

২৭৭। মদনমোহন বিগ্রহ কোথায় পূজা হয় ?

● বাগবাজারে মিত্র পরিবারের বাড়িতে।

২৭৮। আঠারো শতকে ইউরোপীয়রা বাড়িতে কি ভাবে থাকতেন ?

● প্রায় বাড়িতেই প্রচুর দাসদাসী থাকত। চারজনের পরিবারে কখনও একশজন দাসদাসীও রাখা হত। এই সব পরিবার প্রচুর আরাম ভোগ করতেন।

২৭৯। এইসব দাসদাসীর মাইনে কি রকম থাকতো ?

● মাইনে মাসে ১টাকা থেকে ৫টাকা পর্যন্ত হত।

২৮০। স্থানীয় মানুষদের দাসদাসীর সংখ্যা কি রকম থাকতো ?

● স্থানীয় মানুষরাও প্রচুর দাসদাসী রাখতেন।

২৮১। তারা কি রকম মাইনে দিতেন ?

● তারাও ৫ টাকা পর্যন্ত মাইনে দিতেন। খেতে দিলে মাইনে হত কম।

২৮২। দাসদাসীদের মাইনে কোন সময় থেকে বাড়তে থাকে ?

● ঐ শতাব্দীর শেষ দিকে দাসদাসীদের মাইনে ২০ থেকে ৩০ টাকায় ওঠে। ফলে অনেকেই এদের সংখ্যা কমিয়ে দেয়।

২৮৩। ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী তাদের কাজের জন্য কোন পদ সৃষ্টি করে ?

● কোম্পানী 'রাইটার' নামে কেরানীপদ সৃষ্টি করে।

২৮৪। ঐ সময় কোম্পানীর পদস্থ ও অন্যান্য কর্মচারিদের মাইনে কেমন ছিল ?

● পদস্থ কর্মচারীদের মাইনে ছিল বছরে প্রায় ৩০০০ টাকা। অন্যান্যদের মাইনে বছরে ৮০০ টাকা থেকে ১০০০ টাকা। রাইটারদের ৮০ টাকা।

২৮৫। কোম্পানীর কর্মচারীরা বাড়তি কি কি সুবিধা পেতো ?

● কর্মচারিরা সস্তা দরে খাদ্য, বাসস্থান পেত। তারা ব্যক্তিগতভাবে ব্যবসাও করতে পারত, কোন বাধা ছিলো না।

২৮৬। কলকাতা শহরে এ সময় কোন অপরাধ ছিলো কি ?

● কিছু কিছু চুরি ডাকাতি ছিল। ১৭৬০ সাল নাগাদ কলকাতার কাছাকাছি মগেদের অত্যাচার ঘটে। কলকাতায় মগ দস্যুদের অত্যাচার যাতে সুরু না হয় এজন্য নানা ব্যবস্থা নেয় কোম্পানী।

২৮৭। মগদস্যুদের অত্যাচারের হাত থেকে কলকাতাকে রক্ষার কি বন্দোবস্ত নেয়া হয়?

● কোম্পানী প্রচুর দেশীয় চৌকিদার আর পুলিশ কনষ্টেবল নিয়োগ করেন। তাছাড়াও কিছু ইউরোপীয় সার্জেন্ট নিয়োগ করা হয়। তারা প্রতি রাতে দশটা থেকে পরদিন ভোর পাঁচটা পর্যন্ত নানা জায়গায় তীক্ষ্নজর রাখতো যাতে মগ দস্যুরা শহরে ঢুকতে না পারে। ১৭৮৫ সালের মধ্যে কলকাতা শহরে ৩১ টি পুলিশ থানা বসানো হয়।

২৮৮। কলকাতায় তখন আর কি ব্যবস্থা ছিল?

● কোম্পানী ডাকচৌকির ব্যবস্থা করেছিল।

২৮৯। ডাকচৌকি কি?

● ডাক চৌকি ছিল পালকি গাড়ি। এতে চড়ে বহুদূরেও যাওয়া চলত। এগুলো বয়ে নিয়ে যেত পালকি বেহারারা।

২৯০। ডাকচৌকিতে কোথায় যাওয়া যেত?

● ডাকচৌকিতে বেনারস, মুঙ্গের, ভাগলপুর, মুর্শিদাবাদ, বহরমপুর, কাশিমবাজার ইত্যাদি জায়গায় যাওয়া যেত।

২৯১। ডাকচৌকি কারা চালাতেন?

● ডাক চৌকি চালাতেন ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর ডাক বিভাগ।

২৯২। ডাকচৌকির ভাড়া কি রকম ছিল?

● ভাড়া ছিল বেনারস পর্যন্ত ৭৬১ টাকা। পাটনা ৫৪০ টাকা। মুর্শিদাবাদ ১৬০ টাকা, চন্দননগর ২৫ টাকা।

২৯৩। কলকাতায় কি ক্রীতদাস প্রথা ছিল?

● হ্যাঁ, আড়ালে ক্রীতদাস রাখার প্রচলন ছিল।

২৯৪। কারা ক্রীতদাস প্রথার প্রচলন করে?

● পর্তুগীজরা।

২৯৫। কবে এ নিয়ম বেআইনী ঘোষণা করা হয়?

● ক্রীতদাস প্রথা বেআইনী ঘোষণা করা হয় ১৭৩৯ সালে।

২৯৬। কে এ নিয়ম বাতিল করেন?

● লর্ড কর্ণওয়ালিশ।

২৯৭। কলকাতায় তখন জিনিসপত্রের দাম কেমন ছিল ?

● কলকাতায় সেকালে জিনিসপত্র ছিল খুবই সস্তা। যেমন ১০০০ ইটের দাম ছিল মাত্র সাড়ে তিন টাকা। সুরকির দাম ১০০ মন ৩৯ টাকা। কয়লা বেশ দামী ছিল—প্রায় ৭ আনা মণ।

২৯৮। কলকাতায় তখন খাদ্যদ্রব্যের দাম কি রকম ছিল ?

● খাদ্যদ্রব্য খুব সস্তাই ছিল। চাল পাওয়া যেত এক টাকা মণ দরে। ময়দা এক টাকায় এক মণ তিন সের। ঘি এর দাম ছিল ৪ টাকা মণ। চিনির দাম দেড় টাকা মন।

২৯৯। কলকাতায় মাছের দাম কেমন ছিল ?

● মাছ, বিশেষ করে গলদা চিংড়ির দাম ছিস এক টাকা সের। গঙ্গার ইলিশ একটা চার আনা থেকে আট আনা।

৩০০। কলকাতায় তখনকার সবচেয়ে প্রিয় মাছ কি ছিল ?

● কলকাতার প্রিয় মাছ ছিল গঙ্গার ইলিশ।

৩০১। এই ইলিশ মাছ প্রধানতঃ কোথায় ধরা হত ?

● সাধারণতঃ উত্তর কলকাতায় বাগবাজার ঘাটে।

৩০২। কলকাতায় কাপড় বা পোশাকের দাম কেমন ছিল ?

● কাপড়ের জোড়া ছিল এক টাকা।

৩০৩। বিলাসদ্রব্যের দাম কলকাতায় কেমন ছিল ?

● সাধারণ খাদ্যদ্রব্যের দাম কম থাকলেও বিলাস দ্রব্যের দাম খুবই বেশি ছিল।

৩০৪। কলকাতায় সে সময় সরকারী ছুটি কি রকম ছিল ?

● দুর্গাপূজায় ৫ দিন, দেওয়ালীতে ৩ দিন, দোলযাত্রায় ২ দিন, শিবরাত্রি ২ দিন, সরস্বতী পূজা একদিন, গুড ফ্রাইডে ইত্যাদি ৪ দিন। বড় দিনে ৫ দিন।

৩০৫। কলকাতায় প্রথম কবে দরিদ্র নারায়ণ সেবা হিসেবে দরিদ্রদের খাওয়ানো হয় ?

● ১৭৮৮ সালে প্রথম দরিদ্রদের খিচুড়ি খাওয়ানো হয়।

৩০৬। দরিদ্রদের খাওয়ানোর এই ব্যবস্থা কেন চালু হয় ?

● নগদ অর্থ আর খাদ্যদানের চেয়ে এটাতেই সুবিধা ছিল বলে।

সেকালের কাউন্সিল হাউস

ময়দান থেকে চৌরঙ্গী

৩০৭। কলকাতায় সেই সময় মুদ্রা হিসেবে কিসের লেন দেন ছিল?

● কলকাতায় চালু ছিল টাকা, আনা, পয়সা আর পাই মুদ্রা। এছাড়া কড়িও চালু ছিল।

৩০৮। তামার পয়সা, ডবল পয়সা ইত্যাদি কবে প্রথম চালু হয়?

● ১৮৩৪ সালে প্রথম তামার পয়সা, আধ পয়সা বা আধ আনা, ডবল পয়সা চালু হয়।

৩০৯। কড়ির বিনিময় মুল্য কি রকম ছিল?

● কাপড় কাচার জন্য লাগতো সাতটি কড়ি আর দাড়ি কামানোর দাম ছিল ২৮ কড়ি।

৩১০। কলকাতা থেকে কি কি জিনিস বিদেশে চালান দেওয়া হত?

● কলকাতা থেকে ধনেখালি, শান্তিপুর ইত্যাদি জায়গার তাঁতের কাপড়ের মত এখানে তৈরি তাঁতের কাপড়ও ইংল্যাণ্ডে চালান যেত।

৩১১। কলকাতায় তৈরি তাঁতের কাপড়ের ব্যবসা বন্ধ হয়ে যায় কেন?

● ইংল্যাণ্ডের মিলের কাপড় আমদানী হওয়ায় তাঁত শিল্প নষ্ট হয়ে যায়।

৩১২। এ অবস্থা কবে হয়?

● ১৭৭০ সাল নাগাদ।

৩১৩। কলকাতার সমাজে কি নেশার অত্যন্ত জনপ্রিয়তা ছিল?

● কলকাতার ইংরাজদের মধ্যে আর সাধারণ দেশীয় মানুষদের মধ্যে গড়গড়া আর হুঁকোর ধূমপান অত্যন্ত জনপ্রিয় ছিল। একে আলবোলাও বলা হতো।

৩১৪। ধূমপানের এই নেশা কাদের মধ্যে ছিল?

● গড়গড়ায় বা হুঁকায় ধূমপান করা ইংরাজ স্ত্রী পুরুষ সকলেরই প্রিয় ছিল।

৩১৫। হুঁকায় ধূমপান করার জন্য কাদের সাহায্য দরকার হত?

● এজন্য রাখা হত হুকা বরদার। এরা হুকো তৈরি করে দিত। এমন কি নিমন্ত্রণ রক্ষা করার সময়েও তাদের নিয়ে যাওয়া হত

৩১৬। হুকা বরদারদের মাইনে কেমন ছিল?

● তাদের মাইনে মাসে ৫ টাকা বা তার বেশিও হত

৩১৭। হুকায় ধূমপানের নেশা কতদিন বহাল ছিল?

● এই নেশা প্রায় উনিশ শতকের শেষ পর্যন্ত বহাল ছিল।

৩১৮। কলকাতার বাজার এলাকা কতখানি ছিল?

● বাজার কলকাতার পরিমাণ ছিল ১৮৩ একর।

৩১৯। কোন বাজারের পরিমাপ কত?

● মধ্য কলকাতার জানবাজার ৭৬ একর। উত্তরে বাগবাজার ১৯ একর, লালবাজার ৩ একর।

৩২০। এই মাপ কোন আমলের?

● এই মাপ চালু ছিল সিরাজউদ্দৌলার আক্রমণের আগে হলওয়েলের আমলে ১৭৫৫ সালে।

৩২১। সেকালে বাজারকে কি বলা হত?

● বাজারকে 'গঞ্জ'ও বলা হত।

৩২২। আর কি কি বাজার ছিল?

● শোভাবাজার, চীনাবাজার, মাণ্ডীবাজার ইত্যাদি বাজার ছিল।

৩২৩। কলকাতায় কোথায় হাট বসত?

● হাট বসতো সুতানুটি বাজারে সপ্তাহে দুদিন—বৃহস্পতিবার আর রবিবারে।

৩২৪। এই হাটে কি কি জিনিস আনা হত?

● দৈনিক প্রয়োজন হয় এমন সব জিনিস আনা হত। যেমন, লোহার জিনিসপত্র, সোনার গয়না, গাছের চারা, মোমবাতি, পিতলের জিনিস, মাংস, ওষুধপত্র, মাদুলি, বইপত্র ও আরও নানা রকম সব জিনিস।

৩২৫। হাটে কি হাটুরেদের খাজনা লাগত?

● হ্যাঁ, লাগতো, তবে সামান্য খাজনা।

৩২৬। হাটে কি কেবল খুচরো কেনা বেচা চলতো?

● না, এখান থেকে আনা জিনিসপত্র রপ্তানীও হতো।

৩২৭। পরে এই হাটের কি হয়?

● এই হাট ক্রমে পাকাপাকি হয়ে যায়। বহু দোকান ঘর গজিয়ে উঠে বাজার গড়ে ওঠে।

৩২৮। কেনা বেচার জন্য কোন ডিউটি বা ট্যাক্স লাগতো কি?

● হ্যাঁ লাগতো। বিয়ের জন্য লাগতো তিন টাকা, পরে তা তুলে দেওয়া হয়। এছাড়া বাড়ি বিক্রি করতে হলে ক্রয়মূল্যের শতকরা ৫% ভাগ ফী লাগতো। ক্রীতদাস বিক্রি করলে সাড়ে চার টাকা লাগত।

৩২৯। কলকাতায় ওই সময় কি ধরণের কারখানা স্থাপন করা হয়?

● ১৭৩৮ সালে কলকাতায় কাচের, লোহার সিন্দুক, বাজী, তামাক ইত্যাদির কারখানা স্থাপন করা হয়।

১৭৪৬ সালে বসানো হয় ফটকিরি কারখানা, ১৭৬৩ সাল নাগাদ আয়না, নৌকা আর শনের কারখানা স্থাপন করা হয়।

৩৩০ নতুন কোন কোন বাজার এরপর বসানো হয়?

● এরপর আসে সিমলাবাজার, চার্লসবাজার, মেছুয়াবাজার, কলুটোলা-বাজার আর এখনকার বিখ্যাত বহুবাজার।

৩৩১। প্রথম কবে মদ তৈরী করার লাইসেন্স দেওয়া হয়?

● ১৭৬৮ সালে মধ্য কলকাতায় স্থানীয় এলাকায় মদ তৈরির অনুমতিপত্র দেওয়া হয়।

৩৩২। এ অনুমতিপত্র কে পায়?

● অনুমতি পায় অনন্তরাম কুণ্ডু তিন বছরের জন্য।

৩৩৩। কলকাতার কাছাকাছি আর কিসের ব্যবসা জমে উঠেছিল?

● কলকাতার আশে পাশে, এমন কি খাস কলকাতাতেও রেশম বা সিল্কের ব্যবসার খুব জমাট বাজার ছিল। কলকাতায় সে যুগেও প্রায় ৬০০০০ হাজার টাকার ব্যবসা চলতো।

৩৩৪। আর কোন ব্যবসা লাভজনক হয়ে ওঠে?

● মশলাপাতি, শন, সোরা ইত্যাদির ব্যবসা।

৩৩৫। কলকাতায় সে সময় আলো কিভাবে জ্বালানো হতো?

● কলকাতায় আলো জ্বালাতে তখন লণ্ঠন আর মোমবাতি ব্যবহার করা হতো।

৩৩৬। অফিস ইত্যাদিতে কি ব্যবহার হতো?

● অফিসে জ্বালানো হতো মোমবাতি। প্রথম বিচারালয় মেয়রস্ কোর্টে এজন্য ১৭৫৩ সালে ৬ মাসের জন্য বরাদ্দ ছিল ১০ টাকা।

৩৩৭। কলকাতায় তখন মাংসের দাম কত ছিল ?

● ছাগল বা পাঁঠার মাংস ছিল খুবই সস্তা। একটা আস্ত পাঁঠার দাম পড়ত এক টাকা।

৩৩৮। ছানা বা ক্ষীরের দাম কি ছিল ?

● সেরা জাতের ক্ষীর আর সন্দেশের দাম পড়তো ৬ টাকা থেকে ১০ টাকা মণ।

৩৩৯। কলকাতায় কবে জিনিসের দাম বাড়তে শুরু করে ?

● ১৭৮০ সালে। এই সময় প্রায় দুর্ভিক্ষের অবস্থা হয়। প্রথমতঃ সরকারী ট্যাক্সও এর জন্য দায়ী ছিল।

৩৪০। ঐ সময় কোন দুর্ভিক্ষ দেখা দিয়েছিল ?

● ১৭৭০ সালে সাংঘাতিক এক দুর্ভিক্ষ সারা দেশ গ্রাস করে যার নাম ছিয়াত্তরের মন্বন্তর। এটা ছিলো বাঙলা ১১৭৬ সন।

৩৪১। ঐ দুর্ভিক্ষের আগে জিনিসের দাম কেমন ছিল ?

● দুর্ভিক্ষের আগে দাম ছিল এই রকম ঃ

চাল দেড় মণ এক টাকা, লোহার তৈজসপত্র ৭ টাকা মণ, ইট ৪ টাকা হাজার।

দুর্ভিক্ষের পর ১৭০০ থেকে ১৮০৫ সালের দাম ঃ

চাল ১ টাকায় ২৭ সের ; লোহার জিনিস ১০ টাকা ; দুধ ১ টাকায় ৩০ সের, টাকায় গম টাকায় ৩০ সের।

৩৪২। দুগ্ধবতী গরুর দাম কি ছিল ?

● এরকম গরু মিলত ১০ টাকা—১৫ টাকা।

৩৪৩। দাম বাড়ার বিরুদ্ধে সরকার সে সময় কি করেছিলেন ?

● দাম বাড়ার বিরুদ্ধে ব্যবস্থা নিতে সরকার খাজনা বা টোল আদায় বন্ধ রাখেন ও সব রকম জিনিস গুদামজাত বেআইনী ঘোষণা করে বাজারে আনতে বাধ্য করেন।

৩৪৪। কলকাতার স্থানীয় ব্যবসাদার হিসেবে কারা খ্যাতি অর্জন করেছিলন ?

● স্থানীয় ব্যবসাদারদের মধ্যে সবচেয়ে খ্যাতি অর্জন করেন শেঠ ও

বসাকরা। তারা কোম্পানীর বেনিয়ানও হয়েছিলেন।

এছাড়াও ছিলেন মল্লিক, ঠাকুর, শীল, কুণ্ডু ইত্যাদিরা।

৩৪৫। সেই ব্যবসায়ীদের পরিচয় কি?

● ১৮ শতকে যারা অর্থ আর খ্যাতি অর্জন করেন তারা হলেন:

মতিলাল শীল, তার জাহাজের কারবার ছিল। তিনি প্রায় দেড় কোটি টাকার মালিক হন।

রামদুলাল সরকার হন সওয়া কোটি টাকার মালিক।

মহারাজা নবকৃষ্ণ প্রায় ১ কোটি টাকার মালিক হন।

গোপীমোহন ঠাকুর হন ৫০ লক্ষ টাকার মালিক।

৩৪৬। এদেশীয় ছাড়া বিদেশী কোন ব্যক্তি বা কোম্পানী ব্যবসায় খ্যাতি অর্জন করেন?

● বহু ইংরাজ কোম্পানীও এই সময় জন্ম নেয়। যেমন বিদেশে ডাক ও মালবহনের দায়িত্ব এককভাবে দেওয়া হয় ম্যাকিনন ম্যাকেঞ্জি কোম্পানীকে।

৩৪৭। ম্যাকিনন ম্যাকেঞ্জী কোম্পানী কিসের ব্যবসা করত?

● তারা করত ষ্টীমারের ব্যবসা।

৩৪৮। তারা কোথায় ডাক আর মাল বহন করত?

● ম্যাকিনন ম্যাকেঞ্জির স্টীমার কলকাতা থেকে ব্রহ্মদেশে যাতায়াত করত। পরে ইংল্যাণ্ড, পারস্য উপকূল অষ্ট্রেলিয়া ইত্যাদি জায়গাতেও যাতায়াত শুরু হয়।

৩৪৯। কলকাতায় আর কোন বিখ্যাত কোম্পানীর এসময় জন্ম হয়?

● এ সময় কলকাতায় স্থাপিত হয় বিখ্যাত লিপটন কোম্পানী। এটা হয় ১৮৯৭ সালে।

৩৫০। ঐ কোম্পানী কিসের ব্যবসা করত?

● লিপটন কোম্পানী চায়ের ব্যবসা করত।

৩৫১। লিপটন কোম্পানী কে স্থাপন করেন?

● স্থাপন করেন স্যর টমাস লিপটন।

৩৫২। ঐ সময় চা ব্যবসা কেমন ছিল?

● তখন থেকেই কলকাতার চা ব্যবসা জমে ওঠে। বিদেশে চায়ের চাহিদা বাড়তে থাকে।

৩৫৩। কলকাতায় কবে টাইপরাইটার মেশিন দেখা দিয়েছিল?

● প্রথম টাইপরাইটার দেখা দেয় ১৮৯৬ সালে। এটি আমদানী করা হয়।

৩৫৪। বিখ্যাত রেমিংটন কোম্পানী কবে প্রতিষ্ঠিত হয়?

● এটি প্রতিষ্ঠিত ১৯০৩ সালে।

৩৫৫। কলকাতায় তামাক ব্যবসা কেমন ছিলো?

● কলকাতায় চায়ের মত তামাকের ব্যবসাও খুব জমজমাট হয়ে ওঠে। বিশেষ করে গড়গড়া আর হুকার জন্য অম্বুরী দা-কাটা তামাকের খুবই চাহিদা ছিল।

৩৫৬। এখানে আর কোন শিল্প প্রতিষ্ঠা লাভ করে?

● প্রতিষ্ঠা লাভ করে পাট ব্যবসা।

৩৫৭। পাটের ব্যবসা কবে শুরু হয়?

● পাটের ব্যবসা শুরু হয় ১৮৫৫ সাল নাগাদ।

৩৫৮। প্রথম পাটকল কোথায় স্থাপন করা হয়?

● প্রথম পাটের মিল প্রতিষ্ঠা হয় রিষড়ায়।

৩৫৯। কলকাতায় বইয়ের ব্যবসা প্রথম কবে আরম্ভ হয়?

● কলকাতায় সত্যিকার বই ব্যবসা শুরু হয় ১৮১৯ সালে।

৩৬০। বই ব্যবসা কে শুরু করেন?

● ডব্লিউ. থ্যাকার কোম্পানী গঠন করেন মিঃ ডব্লিউ. থ্যাকার।

৩৬১। এজন্য কে কলকাতায় আসেন?

● কোম্পানীর অনুরোধে কলকাতায় আসেন ডব্লিউ. থ্যাকার ও তাঁর স্ত্রী।

৩৬২। তাঁরা কলকাতায় প্রথমে কি করেন?

● থ্যাকার প্রথমে লালবাজার অঞ্চলে একটি পাঠাগার স্থাপন করেন।

৩৬৩। সেই পাঠাগারের নাম কি?

● সেই পাঠাগারের নাম সেণ্ট অ্যাণ্ড্রুজ লাইব্রেরী।

৩৬৪। থ্যাকার কোম্পানী কি প্রকাশ করতেন?

● থ্যাকার কোম্পানী প্রকাশ করতেন থ্যাকারস্ ইণ্ডিয়ান ডাইরেক্টরী।

৩৬৫। প্রথম ডাইরেক্টরীতে কি ছিল?

● এই বই ছিল পোস্ট অফিস ডাইরেক্টরী।

৩৬৬। থ্যাকার কোম্পানীর নাম পরে কি হয়?

● পরে নাম বদল হয়ে দাঁড়ায় থ্যাকার স্পিঙ্ক অ্যাণ্ড কোম্পানী।

৩৬৭। বড়বাজারে কারা ব্যবসা করতেন?

● কলকাতার বড়বাজার সেকালে বাঙালী ব্যবসায়ীদের হাতে ছিল।

৩৬৮। কোন কোন ব্যবসায়ীরা বড়বাজারে ব্যবসা করতেন?

● বড়বাজারে ব্যবসা করতেন নিমাই মল্লিক, বৈষ্ণব শেঠ ও বসাক, কুণ্ডু, ঠাকুর ইত্যাদি ব্যবসায়ী।

৩৬৯। বড়বাজার কতদিন বাঙালী ব্যবসায়ীদের ব্যবসা কেন্দ্র ছিল?

● প্রায় পলাশীর যুদ্ধের সময় ১৭৫৭ সাল পর্যন্ত।

৩৭০। এরপর কি ঘটে?

● এরপর প্রচুর সংখ্যায় বিভিন্ন রাজ্যের ব্যবসায়ী বহু টাকা লগ্নী করতে আসায় বাঙালী ব্যবসায়ীরা কোণঠাসা হয়ে পড়ে। বাঙালী ব্যবসায়ীরা বড়বাজার জোড়াবাগান আর হাটখোলা অঞ্চল থেকে সরে আসতে বাধ্য হন। গুজরাটী ও মারোয়ারী ব্যবসায়ীরা এই ব্যবসায় সফল হন। এই ভাবেই বড়বাজার ব্যবসাকেন্দ্র ক্রমশঃ আবাঙালী ব্যবসায়ীদের ব্যবসা কেন্দ্রে পরিণত হয়।

৩৭১। কোন রাজ্যের মানুষ শ্রমিক হিসাবে কলকতায় আসে?

● ১৮৭০ সাল নাগাদ প্রায় ২৫০০০ হাজার উড়িষ্যাবাসী শ্রমিক হিসাবে কলকাতায় আসে।

৩৭২। কোন ভিন রাজ্যের ব্যবসায়ীরা এখানে আসে?

● ব্যবসায়ীরা প্রধানতঃ আসেন রাজস্থানের জয়পুর, যোধপুর, বিকানীর অঞ্চল থেকে। কিছু দক্ষিণ ভারতীয়ও ছিলেন।

৩৭৩। ইংরাজ ছাড়া আর কোন বিদেশীয়রা কলকাতায় ব্যবসা করতো?

● কলকাতায় ইংরাজ ছাড়া ব্যবসা করতেন আর্মেনীয়, ইহুদী ও পার্শীরা। এছাড়াও ছিল চীনারা।

৩৭৪। এদের ব্যবসা কেন্দ্র কোথায় ছিল ?

● প্রধানতঃ ওয়াটালু স্ট্রীট এলাকায়।

৩৭৫। চীনারা কোথায় ব্যবসা কেন্দ্র গড়ে তোলে ?

● লালবাজারের কাছে বেন্টিঙ্ক স্ট্রীট অঞ্চলে।

৩৭৬। অন্যরাজ্যের ব্যবসায়ীদের কি ব্যবসা ছিল ?

● এই ব্যবসা ছিল প্রধানতঃ কাপড়, চামড়া, মশলা ও খাদ্যদ্রব্যের।

৩৭৭। ইংরাজরা তাদের ব্যবসার জন্য কোন সভা গঠন করেন ?

● ইংরাজ ব্যবসায়ীরা গঠন করেন 'দি বেঙ্গল চেম্বার অব কমার্স'।

৩৭৮। মারোয়ারীরা কি সভা গঠন করেন ?

● ১৮৯৮ সালে মারোয়ারী অ্যাসোসিয়েশান।

৩৭৯। এই সময় কোন বাঙালী ব্যবসায়ী নিজের যোগ্যতায় সুনাম অর্জন করেছিলেন ?

● স্যার রাজেন্দ্রনাথ মুখার্জী।

৩৮০। রাজেন্দ্রনাথ মুখার্জী কোন শিল্প প্রতিষ্ঠান গঠন করেন ?

● স্যার রাজেন্দ্রনাথ ইংরাজ ব্যবসায়ী মিঃ এ. মার্টিনের সঙ্গে গড়ে তোলেন মার্টিন বার্ণ কোম্পানী।

৩৮১। মার্টিন বার্ন কোম্পানীর বিখ্যাত কাজের নিদর্শন কি ?

● মার্টিন বার্ণ কোম্পানীর শ্রেষ্ঠ কাজের নিদর্শন ভিক্টোরিয়া মেমোরিয়াল হল।

৩৮২। বিখ্যাত ব্যবসায়ী বিড়লা কবে কলকাতায় আসেন ?

● জয়পুর (পিলানী) থেকে বিড়লা কলকাতায় আসেন ১৯১০-১১ সালে।

৩৮৩। কলকাতায় ব্যাঙ্ক ব্যবসা কবে সুরু হয় ?

● কলকাতায় ব্যাঙ্ক ব্যবসা সুরু হয় ১৭৮৫ সালে।

৩৮৪। কলকাতায় প্রথম ব্যাঙ্ক ব্যবসা কারা সুরু করেন ?

● এ ব্যবসা সুরু করেন দুজন ইংরাজ, মিঃ জ্যাকব রাইডার আর মিঃ এডওয়ার্ড হার।

৩৮৫। কলকাতার প্রথম ব্যাঙ্কের নাম কি ?

● প্রথম ব্যাঙ্কের নাম বেঙ্গল ব্যাঙ্ক।

৩৮৬। কলকাতায় প্রথম কত টাকার ব্যাঙ্ক নোট ছাড়া হয় ?

● বেঙ্গল ব্যাঙ্ক ৫০০, ১০০ আর ৫০ টাকার নোট বাজারে ছাড়ে।

৩৮৭। কলকাতায় প্রথম কবে বীমা কোম্পানী স্থাপন করা হয় ?

● প্রথম বীমা প্রতিষ্ঠান স্থাপিত হয় ১৭৮৫ সালের ১লা জুন।

৩৮৮। ওই বীমা কোম্পানীর নাম কি ছিল ?

● বীমা কোম্পানীর নাম ছিল ইউনিয়ন ইনস্যুরেন্স।

৩৮৯। প্রথম বাঙালী ব্যাঙ্ক প্রতিষ্ঠান কোনটি ?

● বাঙালী অংশীদারের প্রথম ব্যাঙ্কের নাম কমার্শিয়াল ব্যাঙ্ক।

৩৯০। কবে ওই ব্যাঙ্ক খোলা হয় ?

● কমার্শিয়াল ব্যাঙ্ক খোলা হয় ১লা মে ১৮১৯ সালে।

৩৯১। ওই ব্যাঙ্কের প্রথম বাঙালী অংশীদার কে ছিলেন ?

● প্রথম বাঙালী অংশীদারের নাম সূর্য কুমার ঠাকুর।

৩৯২। প্রিন্স দ্বারকানাথ ঠাকুর কোন ব্যাঙ্ক স্থাপন করেন ?

● তিনি স্থাপন করেন ইউনিয়ন ব্যাঙ্ক।

৩৯৩। কোন সালে ওই ব্যাঙ্ক স্থাপিত হয় ?

● ১৮২৯ সালে।

৩৯৪। রিজার্ভ ব্যাঙ্ক কবে স্থাপন করা হয় ?

● ১৯২৯ সালে।

৩৯৫। রিজার্ভ ব্যাঙ্কের নাম আগে কি ছিল ?

● আগে রিজার্ভ ব্যাঙ্কের নাম ছিল ইম্পিরিয়াল ব্যাঙ্ক। তারও আগে ব্যাঙ্ক অব বেঙ্গল।

৩৯৬। ইম্পিরিয়াল ব্যাঙ্ক কবে প্রতিষ্ঠা হয় ?

● ১৯২১ সালে ২৭শে জানুয়ারী।

৩৯৭। ব্যাঙ্কে ক্লিয়ারিং ব্যবস্থা কবে চালু হয় ?

● এটি চালু হয় ১৯২১ সালে।

□ ইতিহাসে কলকাতা ঃ যানবাহন □

৩৯৮। কলকাতা শহরে প্রথম কি রকম যানবাহন দেখা যায় ?

● কলকাতায় আদি যুগে রাস্তা ঘাট প্রায় না থাকায় আর যা ছিল তাও কাঁচা হওয়ায় আদি যান ছিল গরু বা মোষ বাহিত গাড়ি আর পালকি।

৩৯৯। কলকাতায় পালকি চলে কোন সময় থেকে ?

● আঠারো শতকের গোড়া থেকে।

৪০০। পালকি কারা চড়তো ?

● পালকি চড়তেন সাধারণতঃ কলকাতার অবস্থাপন্ন মানুষরাই।

৪০১। ওই অবস্থাপন্ন মানুষ কারা ছিল ?

● ইউরোপীয় ও দেশীয়, সব মানুষই ছিলেন।

৪০২। পালকির ব্যবহার ব্যাপক হয় কোন সময় থেকে ?

● এটা হয় অষ্টাদশ শতাব্দীতে।

৪০৩। পালকি বহন করতো কারা ?

● পালকি বহন করতো বেহারারা।

৪০৪। পালকি বেহারারা প্রধানতঃ কোন রাজ্যের মানুষ ছিল ?

● পালকি বেহারারা প্রধানতঃ ছিল ওড়িয়া।

৪০৫। পালকি দেখতে সাধারণতঃ কেমন হত ?

● পালকির ছবি হয়তো অনেকের দেখা। আয়তক্ষেত্রের মাপে একটা তুপাশে টানা দরজা সহ কামরা। কিছুটা রেলের কামরার ছোট সংস্করণই বলা যায়। তুপাশে থাকতো বহন করার ডাণ্ডা।

৪০৬। বাঙালি পালকি বেহারা ছিল কি ?

● হ্যাঁ, পালকি প্রচলনের গোড়ায় পালকি বহন করতো বাঙালী বাগদি শ্রেণীর কিছু মানুষ।

৪০৭। বাঙালী বেহারাদের হটে যেতে হয় কেন ?

● প্রধানতঃ হিন্দুস্থানী আর ওড়িয়া বেহারাদের দাপটে তারা কলকাতায় পালকি বহন ছেড়ে দেয়।

৪০৮। পালকি বেহারারা কজনে মিলে একটা পালকি বহন করত ?

- দুজন বা চারজন মিলে বহন করত।

৪০৯। পালকিতে একসঙ্গে কজন চড়তেন ?

- সাধারণতঃ একজনই চড়তেন।

৪১০। কারও নিজস্ব পালকি থাকতো কি ?

- হ্যাঁ, ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর সাহেবরা নিজেদের ব্যবহারের জন্য পালকি রাখতেন। তাদের মাইনে করা পালকির বেহারাও থাকতো। এছাড়া বড় বড় দেশীয় মানুষরাও নিজেদের পালকি আর বেহারা মাইনে দিয়ে রাখতেন।

৪১১। পালকি কি সাধারণ ভাবে ভাড়া খাটত ?

- হ্যাঁ, রাস্তার মোড়ে পালকি নিয়ে বেহারারা ভাড়ার অপেক্ষায় থাকতো।

৪১২। পালকি রাখায় কি সামাজিক মর্যাদা ছিল ?

- হ্যাঁ, পালকি রাখা কাজটি সম্মান আর মর্যাদার ছিল। কার ক'খানা কি রকম পালকি ছিল দেখে তার মর্যাদা বোঝা যেত।

৪১৩। সেকালে পালকি বেহারাদের মাস মাইনে কি রকম ছিল ?

- বেহারদের সাধারণতঃ মাসিক মাইনে হত ৪ টাকা থেকে ৫ টাকা।

৪১৪। পালকি ভাড়া কেমন ছিল ?

- মোটামুটি দিনের হিসেবে বা মাইল হিসেবে ভাড়া হত। দিনের হিসেবে ভাড়া হত মোটামুটি এক টাকার মত আর মাইল (দূরত্ব) হিসেবে আনা তিনেক।

৪১৫। পালকি ভাড়া কারা ঠিক করে দিয়েছিলেন ?

- সরকারই ঐ হার বেঁধে দেন।

৪১৬। সে সময় কলকতায় পালকি সংখ্যা কত ছিল ?

- প্রায় ছ'শর উপর।

৪১৭। বেহারাদের সংখ্যা কত ছিল ?

- মোটামুটি দুহাজারের কাছাকাছি।

৪১৮। সৌখিন আর বাহারি পালকি কারা চড়তেন ?

● সৌখীন আর বাহারি পালকি চড়তেন ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর বড় কর্তারা আর ধনী ব্যক্তিরাই।

৪১৯। সৌখিন বাহারি পালকি কেমন হতো ?

● এই সব পালকির গায়ে নানা নক্সা আঁকা থাকত, ভিতরে গদি, তাকিয়া, দরজা আর মখমলের ঝালর থাকতো। কখনও পাটী বিছিয়ে দেয়া হতো।

৪২০। পালকির দাম কেমন হতো ?

● পালকির দাম আড়াই থেকে তিন হাজার টাকা পর্যন্ত হতো।

৪২১। তাঞ্জাম কাকে বলা হত ?

● তাঞ্জাম ছিল বাহারি খোলা পালকি।

৪২২। কারা তাঞ্জাম ব্যবহার করতেন ?

● এটা ব্যবহার করতেন বনেদী ঘরের মানুষরা।

৪২৩। কলকাতায় কবে প্রথম পালকি বেহারাদের ধর্মঘট হয় ?

● প্রথম এই ধর্মঘট হয় ১৮২৭ সালে।

৪২৪। বেহারারা ধর্মঘট করেছিল কেন ?

● ওড়িয়া বেহারারা ধর্মঘট করে কারণ সরকার জনসাধারণের কাছ থেকে বেশি ভাড়া আদায়ের অভিযোগে ভাড়ার হার বেঁধে দেন বলে

৪২৫। সেকালে মেয়েরা কি পালকি চড়তেন ?

● হ্যাঁ। সেকালের মেয়েরা গঙ্গাস্নান করতে যেতেন আর তাদের পালকি শুদ্ধ জলে ডুবিয়ে আনা হতো।

৪২৬। কোন কোন বিখ্যাত ব্যক্তিরা পালকি চড়েছেন ?

● সেকালের বহু খ্যাতিম্যান মানুষই পালকি চড়তেন। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, রাজা রামমোহন রায়, মহাত্মা ডেভিড হেয়ার সকলেই পালকি চড়ে ঘুরতে ভালবাসতেন।

৪২৭। দেশীয় মানুষদের পালকি চড়ায় কি নিয়ম ছিল ?

● নিয়ম ছিল কোন বড় পদমর্যাদার ইংরাজ সাহেব ঘোড়ায় চড়ে গেলে দেশীয় ব্যক্তিদের পালকি থামিয়ে নেমে দাঁড়াতে হতো।

৪২৮। এ নিয়ম কার জন্য রদ হয়ে যায় ?

● এ নিয়ম রদ হয় রাজা রামমোহন রায়ের তীব্র প্রতিবাদের ফলে

৪২৯। কবে নাগাদ কলকাতা থেকে পালকি চলা বন্ধ হয়ে যায় ?

● পালকি চলা বন্ধ হয় প্রায় ১৮২৮ সাল নাগাদ।

৪৩০। পালকির পর কোন গাড়ির যুগ শুরু হয় ?

● পালকির যুগ শেষ হয়ে আসে ঘোড়ার গাড়ির যুগ।

৪৩১। ঘোড়ার গাড়ির জন্ম হয় কিভাবে কত সালে ?

● কলকাতায় বেহারারা পালকি বহনে রাজি না থাকায় ব্রাউনলো নামে জনৈক সাহেব বিরক্তিতে নিজের পালকির ডাণ্ডা খুলে চারটে চাকা লাগিয়ে ঘোড়ায় টানা গাড়ি বানিয়ে ফেলেন। এটা হয় ১৮২৭ সালে।

৪৩২। ব্রাউনলো সাহেবের তৈরি গাড়ির নাম কি ?

● এ গাড়ির নাম হয় ব্রাউনবেরি।

৪৩৩। আর কি ধরণের ঘোড়ার গাড়ি ছিল ?

● আস্তে আস্তে কলকাতায় নানা রকম ঘোড়ার গাড়ি চলতে শুরু করে, এসবের মধ্যে ছিল পালকি গাড়ি, কেরাঞ্চি গাড়ি, ছ্যাকরা গাড়ি. ব্রুহাম, ল্যাণ্ডো, বগি, টমটম, ফিটন, ইত্যাদি।

৪৩৪। এসব গাড়ির মধ্যে বড় মানুষেরা কোন কোন গাড়ি চড়তেন ?

● ধনী পয়সাওয়ালা মানুষরা চড়তেন চেরোট, ব্রুহাম, ব্যারুশ ইত্যাদি গাড়ি। এসব গাড়ি রাজ্যপাল বা বড় অফিসাররা চড়তেন।

৪৩৫। সাধারণের জন্য কি গাড়ি ছিল ?

● দেশীয় কেরানীরা চড়ত কেরাঞ্চি গাড়ি। ফিটনের দুপাশ আর মাথা খোলা থাকত, তাতেও সাধারণ মানুষ চড়ত। ছ্যাকরা গাড়িও তাই। এ ছিল কাঠের লাল রঙের গাড়ি। এ গাড়ি একটা বা দুটো ঘোড়ায় টানতো।

৪৩৬। 'দো ঘুড়ি', 'চৌ ঘুড়ি' কার নাম ছিল ?

● 'দো-ঘুড়ি' দু ঘোড়ায় টানা গাড়ি আর চৌ-ঘুড়ি চার ঘোড়ায় টানা গাড়ি।

৪৩৭। বড়লাট কি রকম গাড়ি চড়তেন ?

● বড়লাট উৎসবের সময় আটঘোড়ায় টানা গাড়ি বিশেষ চড়তেন।

৪৩৮। ঘোড়ার গাড়ি কারা চালাতো ?

● ঘোড়ার গাড়ি চালতো কোচোয়ানরা।

৪৩৯। ঘোড়ার গাড়ির ভাড়া কেমন ছিল ?

● ঘোড়ার গাড়ির ভাড়া মাইল প্রতি হতো আট আনা থেকে নিচের দিকে ৬ আনার মত।

৪৪০। ঘোড়ার গাড়ি কি এখনও কলকাতায় আছে ?

● হ্যাঁ, এখনও কলকাতার কোথাও কোথাও ঘোড়ার গাড়ি চল আছে। হাওড়া স্টেশন, শিয়ালদহ, রাজাবাজারে এখনও আস্তাবল আছে।

৪৪১। কোন কোন মহাপুরুষ কলকাতায় ঘোড়ার গাড়ি চড়েছেন ?

● স্বয়ং ঠাকুর রামকৃষ্ণ দেব, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ও আরও অনেকেই ঘোড়ার গাড়ি চড়েছিলেন।

৪৪২। কলকাতায় কোন প্রতিষ্ঠান ঘোড়ার গাড়ি তৈরি করতো ?

● কলকাতায় অনেক প্রতিষ্ঠানের জন্ম হয়েছিল। এসবের মধ্যে প্রধান স্টুয়ার্ট অ্যাণ্ড কোং, বার্টলেট কোম্পানী ইত্যাদি।

৪৪৩। এসব প্রতিষ্ঠান কোথায় ছিল ?

● এগুলি ছিল প্রধানতঃ বেন্টিক স্ট্রীট, ধর্মতলা ইত্যাদি এলাকায়।

৪৪৪। কলকাতার সবচেয়ে প্রাচীন ঘোড়ার গাড়ির ব্যবসায়ী কারা ?

● সবচেয়ে পুরনো কোম্পানী হল স্টুয়ার্ট অ্যাণ্ড কোম্পানী।

৪৪৫। কবে ওই কোম্পানীর সুরু ?

● প্রায় ১৭৭৫ সালে।

৪৪৬। কলকাতার ঘোড়ার গাড়ি আর ঘোড়া কোথায় রাখা হত ?

● এসব রাখা হত আস্তাবল বা লিভারি স্টেবলকীপার নামে প্রতিষ্ঠানের কাছে।

৪৪৭। ঐ সব প্রতিষ্ঠান কি করত ?

● তারা ভাড়ার বদলে গাড়ি ও ঘোড়া রেখে দিত।

৪৪৮। এই সব প্রতিষ্ঠানের নাম কি ?

● সবচেয়ে বিখ্যাত কোম্পানী ছিল ধর্মতলার কুক কোম্পানী।

৪৪৯। ঘোড়ার গাড়ির পর কলকাতায় অন্য কি গাড়ি আসে ?

● ঘোড়ার গাড়ির যুগ চলার ফাঁকেই এসেছিল ট্রাম।

৪৫০। প্রথম যুগে ট্রাম কিভাবে চালানো হয়?

● প্রথমে ট্রাম চালানো হয় ঘোড়ার সাহায্যে।

৪৫১। কি ভাবে ট্রাম চালানোর ব্যবস্থা হয়, কারা দায়িত্ব পান?

● ১৮৬৭ সালে কলকাতা মিউনিসিপ্যালিটির জাস্টিস অব পীসদের হাতে এ দায়িত্ব দেওয়া হয়।

৪৫২। কলকাতায় ট্রাম চালানোর দরকার হলো কেন?

● শিয়ালদা স্টেশন এলাকা থেকে মালপত্র ও যাত্রী বহনের জন্য ট্রামের মত গাড়ি চালানোর দরকার হয়।

৪৫৩। ট্রাম লাইন কোথা থেকে কোথায় প্রথম পাতা হয়?

● প্রথম ট্রাম লাইন পাতা হয় শিয়ালদা থেকে ডালহাউসী স্কোয়ার হয়ে স্ট্র্যাণ্ড রোড পর্যন্ত।

৪৫৪। এ জন্য কত খরচ হয়?

● লাইন পাতার খরচ পড়ে প্রায় দেড় লক্ষ টাকা।

৪৫৫। প্রথম ট্রাম গাড়ি কবে চালানো হয়?

● প্রথম ট্রাম চলে ১৮৭৩ সালের ২৪শে ফেব্রুয়ারী।

৪৫৬। প্রথম ট্রামে কটি শ্রেণী ছিল?

● প্রথম ট্রামে ছিল ১টি প্রথম শ্রেণী আর দুটি দ্বিতীয় শ্রেণী।

৪৫৭। কটা ঘোড়া ট্রাম টানতো?

● প্রতি গাড়ি ২টো করে তাগড়াই ওয়েলার ঘোড়া টানতো।

৪৫৮। প্রথম ট্রাম চলার সময় কি রকম উৎসাহ উদ্দীপনা দেখা দেয়?

● সাধারণ মানুষের মধ্যে দারুণ উদ্দীপনা দেখা দেয়। সাড়ে নটায় প্রথম ট্রাম ছাড়লে টিকিট নিতে হুড়ো-হুড়ি লেগে যায়।

৪৫৯। কলকাতায় ট্রাম কোম্পানী কবে স্থাপন করা হয়?

● ১৮৭৮ সালে। নাম হয় ক্যালকাটা ট্রামওয়েজ কোম্পানী।

৪৬০। ঘোড়ায় টানা ট্রাম কবে তুলে দেওয়া হয়?

● ১৮৭৩ সালের ২১শে নভেম্বর।

৪৬১। ঘোড়ায় টানা ট্রাম কি রকম দেখতে ছিল?

● প্রতি ট্রামে বেঞ্চ পাতা থাকতো। দুপাশে অনেকগুলো দরজা থাকতো।

৪৬২। **ট্রাম দাঁড়ানোর ব্যবস্থা কি রকম ছিল ?**

● আগে কোন স্টপ থাকতো না, থাকতো স্টেশন। এখানে যাত্রীরা চা-পান করতে পারতেন আর ট্রামের ঘোড়াও বদল করা হত। এ জন্য ঘোড়ার আস্তাবল থাকতো।

৪৬৩। **কোথায় কোথায় স্টেশন ছিল ?**

● স্টেশন ছিল চিৎপুরে, সকস্ট্রীটে, ডালহাউসীতে, এসপ্লানেডে, কালীঘাটে ইত্যাদি।

৪৬৪। **ট্রামের ঘোড়ার জলখাওনোর কি ব্যবস্থা ছিল ?**

● ঘোড়ার জল খাওয়ার জন্য রাস্তার পাশে জলাধার রাখা হতো এরকম জলাধার কবছর আগেও চোখে পড়তো।

৪৬৫। **ঐ সময় ট্রাম কোম্পানীর ঘোড়ার কোথায় ডিপো ছিল ?**

● ঘোড়ার ডিপো ছিল চিৎপুর, শিয়ালদহ, ভবানীপুর এই রকম ছটি জায়গায়।

৪৬৬। **ষ্টীম ইঞ্জিনে কবে ট্রাম টানা হয় ?**

● এভাবে প্রথম ট্রাম টানা হয় ১৮৮২ সালের মে মাসে।

৪৬৭। **বিদ্যুতের সাহায্যে প্রথম ট্রাম কবে চলে ?**

● ১৯০২ সালের ২৭শে মার্চ কলকাতার খিদিরপুরে প্রথম বৈদ্যুতিক ট্রাম চলতে স্বুরু করে।

৪৬৮। **ট্রাম কোম্পানীর কর্মচারি আর ঘোড়ার সংখ্যা সেকালে কত ছিল ?**

● কর্মচারির সংখ্যা প্রায় দুহাজার আর ঘোড়ার সংখ্যা প্রায় এক হাজার ছিল।

৪৬৯। **সেকালে ট্রামের ভাড়া কত ছিল ?**

● ভাড়া ছিল এক পয়সা।

৪৭০। **ট্রাম চালু হওয়ার পর কলকাতায় আর কি গাড়ি আসে ?**

● কলকাতায় সম্ভবতঃ এরপর আসে বাই সাইকেল।

৪৭১। **কত সালে বাইসাইকেল চালু হয় ?**

● কলকাতায় প্রথম সাইকেল দেখা যায় ১৮৮৯ সাল নাগাদ।

পুরনো ফোর্ট উইলিয়াম

ডালহাউসী ইনষ্টিটিউট

৪৭২। কোন কোন বিখ্যাত মানুষ কলকাতায় সাইকেলে চড়েছিলেন?

● আচার্য প্রফুল্লচন্দ্র রায়, জগদীশচন্দ্র বসু ইত্যাদি বিখ্যাত মানুষ। প্রথম সাইকেল কেনেন এইচ. বোস পারফিউমারির শ্রী এইচ. বোস।

৪৭৩। কোন মহিলা কলকাতায় প্রথম সাইকেল চড়ে আলোড়ন তোলেন?

● প্রথম সাইকেল চড়েন বাঙালী মহিলাদের মধ্যে বৈজ্ঞানিক জগদীশ চন্দ্র বসুর স্ত্রী লেডী অবলা বসু।

৪৭৪। প্রথম সাইকেল এলে কোন ক্লাব গড়ে ওঠে?

● গড়ে ওঠে সাইকেল ক্লাব। তখন দৌড় প্রতিযোগিতাও হতো।

৪৭৫। কলকাতায় মোটর গাড়ির যুগ কবে আরম্ভ হয়?

● কলকাতায় সর্ব প্রথম মোটর গাড়ি দেখা দেয় ১৮৯৬ সাল নাগাদ। কিন্তু ১৯০৩-৪ সালের আগে মোটর গাড়ি তেমন চলতে দেখা যায়নি।

৪৭৬। কলকাতায় প্রথম কি রকম গাড়ি আসে?

● কলকাতায় প্রথম যুগে আসে অস্টিন, পুজিও, ফোর্ড, রোভার ইত্যাদি গাড়ি।

৪৭৭। কলকাতায় প্রথম কোন কোম্পানী মোটর গাড়ি আমদানী করে? কবে?

● প্রথম গাড়ি আমদানী করে আর গাড়ির বডি তৈরি করে ডাইকস অ্যাণ্ড কোং। এটা প্রায় ১৯০৪ সালে।

৪৭৮। কলকাতায় প্রথম মোটর গাড়ির একজিবিশান কবে হয়?

● লেডি মিণ্টোর নামে একজিবিশান হয় ১৯০৭ সাল নাগাদ।

৪৭৯। কলকাতায় কবে প্রথম ট্যাক্সি চলে?

● প্রথম ট্যাক্সি চলে ১৯০৬ সাল নাগাদ।

৪৮০। প্রথম আমলে ট্যাক্সি ভাড়া কি রকম ছিল?

● ভাড়া ছিল মাইলে আট আনার মত।

৪৮১। কলকাতায় কোন কোম্পানী ট্যাক্সি চালাতো?

● ট্যাক্সি চালাতো ফ্রেঞ্চ মোটর কার কোম্পানী আর 'এ' কোম্পানী। ট্যাক্সির নম্বর 'এ' দিয়ে হওয়ায় ওই নাম।

৪৮২। **কলকাতায় কবে প্রথম বাস চলে ?**

● প্রথম বাস চলে ১৮৩০ সালে।

৪৮৩। **এই বাস কি রকম ছিল ?**

● প্রথম বাস অতি ছোট ছিল, টানতো ঘোড়া।

৪৮৪। **প্রথম মোটর বাস কবে চালু হয় ?**

● প্রথম মোটর বাস চলে ১৯২২ সালে।

৪৮৫। **কারা প্রথম বাস চালায় ?**

● ওয়ালফোর্ড নামে এক কোম্পানী প্রথম বাস চালায়।

৪৮৬। **প্রথম দোতলা বাস কবে চলে ?**

● প্রথম দোতালা বাস চলে ১৯১৬ সালে।

৪৮৭। **তখনকার দোতলা বাস কেমন ছিল ?**

● দোতলা বাসের উপরের চাল খোলা থাকতো।

৪৮৮। **অটোমোবাইল অ্যাসোসিয়েশান কবে গঠিত হয় ?**

● ১৯০৪ সালের আগস্ট মাসে।

৪৮৯। **কলকাতায় ষ্টেটবাস কবে চলে ?**

● প্রথম ষ্টেট বাস চলে ১৯৪৮ সালে।

৪৯০। **কলকাতায় প্রথম কবে রিকশ চলে ?**

● প্রথম রিকশ চলে ১৯০০ সাল নাগাদ।

৪৯১। **কলকাতায় প্রথম কারা রিকশ চালায় ?**

● প্রথম রিকশ চালায় চীনারা।

৪৯২। **সে যুগে রিকশ ভাড়া কেমন ছিল ?**

● মাইল প্রতি প্রায় তিন আনা।

৪৯৩। **কলকাতায় প্রথম কবে রেলগাড়ি চলে ?**

● ১৮৫৪ সালের ২৮শে জুন। গাড়ি চালানো হয় কলকাতা (হাওড়া) থেকে পাণ্ডুয়া অবধি।

৪৯৪। **প্রথম রেল কোম্পানীর নাম কি ? কবে গঠিত হয় ?**

● প্রথম রেল কোম্পানীর নাম ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়ে, সংক্ষেপে ই. আই. আর। গঠিত হয় ১৮৪৪ সালে।

৪৯৫। **প্রথম যুগের ট্রেনে কটি শ্রেণী থাকতো ?**

● প্রথম যুগে থাকতো প্রথম, দ্বিতীয় আর তৃতীয় শ্রেণী। পরে আসে ইণ্টার ক্লাস।

৪৯৬। **হাওড়া স্টেশনে পৌঁছনোর ব্যবস্থা কি ছিল ?**

● কলকাতার আর্মেনিয়ান ঘাট থেকে রেল কোম্পানীর ষ্টীমারে ওপারে যেতে হতো।

৪৯৭। **প্রথম যুগে রেলে ভাড়া কেমন ছিল ?**

● প্রথমে ভাড়া ছিল তৃতীয় শ্রেণীতে বালী এক আনা, শ্রীরামপুর পর্যন্ত দু আনা, হুগলী পর্যন্ত সাত আনা।

৪৯৮। **ই. আই. আর এর প্রথম বড় সাহেব কে ছিলেন ?**

● 'ই. আই আর' এর প্রথম ম্যানেজিং ডিরেক্টর হন আর. ম্যাকডোনাল্ড স্টিফেনসন। ইনি বাষ্পীয় ইঞ্জিন আবিষ্কারক জর্জ স্টিফেনসনের আত্মীয়।

৪৯৯। **সে কালে প্রথম রেল চলায় নানাধরণের প্রতিক্রিয়া কেমন হয় ?**

● সবাই আশ্চর্য হয়। দর্শকরা গলবস্ত্র হয়ে প্রণামও জানায়।

৫০০। **প্রথম রেলগাড়ি দেখে কোন বাঙালী কবি কি কবিতা লেখেন ?**

● কবি হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় 'রেলগাড়ি' নামে কবিতায় লেখেন ঃ

'এসো কে বেড়াতে যাবে, শীঘ্র কর সাজ
ধরাতে পুষ্পক রথ এনেছে ইংরাজ।'

৫০১। **সে কালে ট্রেনের গতি কেমন ছিল ?**

● ঘণ্টায় প্রায় ২৬ মাইল।

৫০২। **ই. আই. আর'এর অফিস কোথায় ছিল ?**

● সদর অফিস ছিল ২৯ং থিয়েটার রোডে।

৫০৩। **কলকাতায় প্রথম কবে প্লেন ওড়ে ?**

● কলকাতায় প্রথম প্লেন ওড়া দেখানো হয় ময়দানে ১৯১২ সালের ২৪শে ডিসেম্বর।

৫০৪। **কলকাতায় প্রথম প্লেন চালায় কে ?**

● প্রথম প্লেন চালান দুজন ফরাসী পাইলট, জুল টিক আর ব্যারন দ্য ক্যাত।

৫০৫। দমদম বিমান বন্দর কবে তৈরি হয় ?

- এটি তৈরি হয় ১৯২৪ সালে।

৫০৬। কলকাতায় কবে প্রথম বিমান পরিবহন সুরু হয় ?

- কলকাতায় প্রথম বিমান পরিবহন সুরু হয় ১৯২৭ সালের জুন মাসে।

৫০৭। প্রথম কোন কোম্পানী বিমান পরিবহন সুরু করে ?

- প্রথম বিমান চলাচল শুরু করে ওলন্দাজ কোম্পানী কে. এল. এম। তারা বিমান চালায় আমষ্টারডাম থেকে কলকাতা হয়ে ইন্দোনেশিয়ার বাটাভিয়া পর্যন্ত।

৫০৮। বেঙ্গল ফ্লাইং ক্লাব কবে প্রতিষ্ঠিত হয় ?

- ১৯২৯ সালে কলকাতায়।

৫০৯। **বাবুঘাট কোথায় ও এ ঘাট কার নামে ?**

● বাবু ঘাট ভাগীরথী নদীর ঘাট, ময়দানের পশ্চিমে গঙ্গার তীরে। ১৮৩০ সালে বাবু রামচন্দ্রদাস এ ঘাট তৈরি করেন। তিনি ছিলেন রাণী রাসমণির স্বামী।

৫১০। **আউট্রাম ঘাট কার নামে ?**

● ব্রিটিশ সেনাপতি স্যার জেমস আউট্রামের নামে এ ঘাটের নাম হয়।

৫১১। **চাঁদপাল ঘাট কার নামে ?**

● চাঁদপাল ঘাট নাম হয় চন্দ্রনাথ পাল নামে একজন মুদীর নাম থেকে।

৫১২। **কাশীমিত্র ঘাট কোথায়, কার নামে হয় ?**

● কাশীশ্বর মিত্রের নামে উত্তর কলিকাতায় এই ঘাট আছে। তৈরি করান কাশীশ্বর মিত্র ১৭৭৪ সালে।

৫১৩। **কলকাতার সবচেয়ে নামী জলাশয় কোনটি ?**

● সবচেয়ে নামী জলাশয় হলো লালদিঘী।

৫১৪। **লালদিঘী কোথায় ?**

● লালদিঘী ডালহৌসী অঞ্চলে। এটি ছিল সাবর্ন চৌধুরিদের। আদি কলকাতায় এটাই ছিল পানীয় জলের কেন্দ্র।

৫১৫। **ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী কোন জলাশয় খনন করে ?**

● তারা খনন করে ওয়েলিংটন ট্যাঙ্ক ১৮২২ সালে। এটি আজ আর নেই।

৫১৬। **উত্তর কলকাতায় আর কোন বিখ্যাত ঘাট আছে ?**

● উত্তর কলকাতার আর একটি বিখ্যাত ঘাট হলো নিমতলা ঘাট।

৫১৭। **ঠাকুর রামকৃষ্ণ পরমহংস ও কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের অন্ত্যেষ্টি ক্রিয়া কোথায় হয় ?**

● শ্রীশ্রীরামকৃষ্ণের শেষকৃত্য হয় কাশীপুর ঘাটে ও কবিগুরু রবীন্দ্রনাথের নিমতলায়।

৫১৮। **দক্ষিণ কলকাতায় কোন বিখ্যাত ঘাট দেখা যায় ?**

● কালীঘাট ও বলরাম বসুর ঘাট।

৫১৯। **কালীঘাটের কালী মন্দিরের প্রতিষ্ঠা হয় কবে ?**

● অনেকের বিশ্বাস এ মন্দির স্থাপন হয় ১৫০০ খ্রীস্টাব্দে।

৫২০। **ঠনঠনিয়ার কালীমন্দির কবে প্রতিষ্ঠা হয় ? কে করেন ?**

● ঠনঠনিয়ার মন্দির প্রতিষ্ঠা হয় ১৭০৩ সালে। এটি প্রতিষ্ঠা করেন উদয়নারায়ণ ব্রহ্মচারী নামে একজন।

৫২১। **চৌরঙ্গী নামকরণ কি জন্য হয় ?**

● চৌরঙ্গী গিরি নামে একজন সাধকের নাম থেকে এ নামকরণ হয়। তিনি ১৫২০ সাল নাগাদ ওই এলাকায় ছিলেন।

৫২২। **চিত্তেশ্বরী (কালী) মন্দির কে প্রতিষ্ঠা করেন ?**

● অনেকের মতে চিৎপুরের দেবী চিত্তেশ্বরীর মন্দির চিতে ডাকাত বা চিত্তেশ্বর রায় নামে এক ডাকাতের প্রতিষ্ঠিত। এটি ২০০ বছর আগের।

৫২৩। **কলকাতার সবচেয়ে পুরানো চার্চ বা গির্জা কোনটি ?**

● সবচেয়ে প্রাচীন গির্জা সেণ্ট জনস্ চার্চ।

৫২৪। **ফিরিঙ্গী কালী কার প্রতিষ্ঠা আর কবে প্রতিষ্ঠিত ?**

● ফিরিঙ্গী কালী মন্দির বৌবাজার এলাকায় ১৫০০ খ্রীস্টাব্দে বিখ্যাত কবিয়াল অ্যাণ্টনী ফিরিঙ্গীর প্রতিষ্ঠিত।

৫২৫। **আর্মেনিয়ান চার্চ কোথায় ?**

● চীনা বাজারে। প্রতিষ্ঠা ১৭২৪ সালে।

৫২৬। **গোবিন্দরামের নবরত্ন মন্দির কোথায় ? কে এটি প্রতিষ্ঠা করেন ?**

● উত্তর কলকাতায়। ১৭৩০ সালে গোবিন্দরাম মিত্রের প্রতিষ্ঠিত।

৫২৭। **হেস্টিংস হাউস কার তৈরি ?**

● হেস্টিংস হাউস মীরজাফরের তৈরি। ১৭৬৩ সালে মীরজাফর এটা হেস্টিংসকে উপহার দেন।

৫২৮। **খিদিরপুর ডক কবে প্রতিষ্ঠিত হয় ?**

● ১৭৭৭ সালে।

৫২৯। **কারা এই ডক তৈরি করেন ?**

● খিদিরপুর ডক তৈরি করেন মেজর এ· ক্যাম্বেল ও কর্ণেল ওয়াটসন। ওয়াটসন ছিলেন কোম্পানীর চিফ ইঞ্জিনিয়ার।

৫৩০। **এশিয়াটিক সোসাইটি কবে স্থাপিত হয় ?**

● এশিয়াটিক সোসাইটি প্রতিষ্ঠিত হয় ১৭৮৪ সালে ১৫ই জানুয়ারী।

৫৩১। **কে এটি প্রতিষ্ঠা করেন ?**

● স্যার উইলিয়ম জোন্স।

৫৩২। **জোড়াসাঁকো ঠাকুর বাড়ী কবে তৈরী হয় ?**

● এটি তৈরি হয় ১৭৫৮ সালে। তৈরি করেছিলেন শ্রী নীলমণি ঠাকুর। এখানেই কবিগুরু রবীন্দ্রনাথ জন্মগ্রহণ করেন।

৫৩৩। **রাজভবন কবে তৈরি হয় ?**

● রাজভবন তৈরিহয় ১৭৯৯ থেকে ১৮০৩ সালের মধ্যে।

৫৩৪। **টাউন হল কবে তৈরি হয় ?**

● টাউন হল তৈরি হয় ১৮১৩ সালে ৭ লক্ষ টাকায়। পরিকল্পনা জন গারস্টিনের।

৫৩৫। **টাউন হলে কোন ঐতিহাসিক ঘটনা ঘটে ?**

● ১৮৯৫ সালে এখানে স্যার জগদীশচন্দ্র বসু বেতার তরঙ্গ প্রেরণের নমুনা দেখান। এটি মার্কনীর বেতার আবিষ্কারেরও আগে।

৫৩৬। **কলকাতার অক্টারলোনি মনুমেণ্ট (বর্তমান শহীদ মিনার) কবে তৈরি হয় ?**

● তৈরি হয় ১৮২৮ সালে।

৫৩৭। **এটি কার নামে তৈরি ? কিসের অনুকরণে ?**

● বিখ্যাত একজন সৈনিক স্যার ডেভিড অক্টারলোনির নামে। দিল্লীর কুতুব মিনারের অনুকরণে।

৫৩৮। **এর উচ্চতা কত ? তৈরির জন্য কত খরচ হয় ?**

● ১৫২ ফিট উঁচু। খরচ হয় ৩৫০০০ টাকা।

৫৩৯। **জাতীয় গ্রন্থাগার বা ন্যাশানাল লাইব্রেরী কবে স্থাপন করা হয় ?**

● ১৯০২ সালে। এ সময় নাম ছিল ইম্পিরিয়াল লাইব্রেরী।

৫৪০। **এ সময় সেখানে কত বই ছিল ?**

● বইয়ের সংখ্যা প্রায় এক লক্ষ।

৫৪১। 'মার্বেল প্যালেস' কার প্রতিষ্টিত ? কবে প্রতিষ্ঠা হয় ?

● মুক্তারাম বাবু স্ট্রীটে (মধ্য কলকাতা) রাজা রাজেন্দ্র মল্লিক ১৮৩৬ সালে এটি তৈরি করেন।

৫৪২। মার্বেল প্যালেসে কি আছে ?

● মর্মর মূর্তি, কাঠের তৈরি রাণী ভিক্টোরিয়ার মূর্তি আর নানা দুষ্প্রাপ্য জিনিস। এছাড়াও একটি চিড়িয়াখানা আছে। বহু দুষ্প্রাপ্য পাখিও আছে।

৫৪৩। ইডেন গার্ডেন কবে তৈরি হয় ? আর কেন ?

● ১৮৩৮ সালে। সেকালের ইংরাজ মহিলাদের প্রমোদ উদ্যান হিসাবে এটি তৈরি করা হয়।

৫৪৪। কার নামে ইডেন উদ্যানের নামকরণ হয় ?

● ভাইসরায় লর্ড অকল্যাণ্ডের বোনেদের নামে।

৫৪৫। চৌরঙ্গীর সেণ্ট পলস ক্যাথিড্রাল কবে তৈরি হয় ?

● ১৮৪৭ সালে।

৫৪৬। কলকাতা হাইকোর্ট কবে স্থাপিত হয় ?

● ১৮৭২ সালের মে মাসে।

৫৪৭। জৈন মন্দির কবে তৈরি হয় ? কে তৈরী করেন ?

● ১৮৬৭ সালে তৈরি করেন রায় বদ্রীদাস গোয়েঙ্কা।

৫৪৮। আলিপুর আবহাওয়া অফিস কবে তৈরি হয় ?

● তৈরি হয় ১৮৭৫ সালে।

৫৪৯। জি. পি. ও. কবে স্থাপিত হয় ?

● এটি স্থাপিত হয় ১৮৬৮ সালে।

৫৫০। প্রথম হাওড়া ব্রিজ কবে তৈরি হয় ?

● এটি তৈরি হয় ১৮৭৪ সালে।

৫৫১। প্রথম হাওড়া ব্রিজকে কি ব্রিজ বলা হত ? কারা এটি তৈরি করেন ?

● এর নাম ছিল পণ্টুন ব্রিজ। তৈরি করে পোর্ট কমিশনার্স কর্তৃপক্ষ। খরচ হয় ১৮ লাখ টাকা। এ ব্রিজ ইচ্ছে মত খোলা চলতো।

৫৫২। **দ্বিতীয় বা বর্তমান হাওড়া ব্রিজ কবে তৈরি হয়?**

● এটি তৈরি হয় ১৯৪০ সালে। প্রথমটি ১৯৪৫ সালে ভেঙ্গে ফেলা হয়। এটি ঝোলানো ব্রিজ।

৫৫৩। **চিড়িয়াখানার প্রতিষ্ঠা কবে?**

● ১৮৭৬ সালের ১লা জানুয়ারী

৫৫৪। **মিউজিয়াম কবে স্থাপন করা হয়?**

● ১৮৬৬ সালে মিউজিয়াম প্রতিষ্ঠা করা হয়। যদিও এশিয়াটিক সোসাইটি ১৮১৪ সালে এটির গোড়াপত্তন করে পরে সরকারকে দায়িত্ব দেন।

৫৫৫। **বঙ্গীয় সাহিত্য পরিষদ কবে স্থাপন করা হয়?**

● এটি স্থাপন করা হয় ১৮৯৩ সালে।

৫৫৬। **এটি কে প্রতিষ্ঠা করেন?**

● এটি প্রতিষ্ঠা করেন শোভাবাজার রাজ বাড়ির রাজা বিনয় কৃষ্ণ দেব বাহাদুর, মিঃ এল. লিওটার্ড. ও বাবু ক্ষেত্রপাল চক্রবর্তী।

৫৫৭। **পরিষদ স্থাপনের উদ্দেশ্য কি ছিল?**

● বঙ্গ সাহিত্যকে পাশ্চাত্য দেশে পরিচিত করার উদ্দেশ্য নিয়ে এটি স্থাপিত হয়।

৫৫৮। **ভিক্টোরিয়া মেমোরিয়াল কবে তৈরি হয়?**

● এটি তৈরি হয় ১৯২১ সালে।

৫৫৯। **কার তত্ত্বধানে এটি তৈরি হয়?**

● মার্টিন কোম্পানীর বিখ্যাত বাঙ্গালী স্থপতি স্যার রাজেন্দ্রনাথ মুখার্জীর।

৫৬০। **এটি তৈরিতে কত খরচ পড়ে?**

● এটি তৈরিতে খরচ হয় ৮০ লক্ষ টাকা।

৫৬১। **টালার জলের ট্যাঙ্ক কবে তৈরি হয়?**

● এটি তৈরি হয় ১৯১১ সালের ১২ জানুয়ারী।

৫৬২। **টালার ট্যাঙ্ক কত উঁচু? এতে কত জল ধরে?**

● এটি প্রায় ১১০ ফিট উঁচু। এতে জল ধরে প্রায় ৯০ লক্ষ গ্যালন। বিশ্বে এটি বৃহত্তম জলের ট্যাঙ্ক।

৫৬৩। **ধর্মতলার মসজিদ কার প্রতিষ্ঠিত আর কবে?**

● এটি প্রতিষ্ঠা করেন বিখ্যাত টিপুসুলতানের ছেলে প্রিন্স গোলাম মহম্মদ। এটি স্থাপিত হয় ১৮৪২ সালে।

৫৬৪। **টিপু সুলতানের ছেলেদের কোথায় নির্বাসন দেওয়া হয়?**

● দক্ষিণ কলকাতার টালিগঞ্জ এলাকায়।

৫৬৫। **কলকাতায় রেসকোর্স কবে তৈরি হয়?**

● ১৮১৯ সালে।

৫৬৬। **কলকাতার কুকুর দৌড় কবে সুরু হয় আর কোথায়?**

● ডগ রেস সুরু হয় ১৯৩৮ সালে। বেহালায়।

৫৬৭। **বিধানসভা ভবন কবে তৈরি হয়?**

● বিধানসভা ভবন তৈরি হয় ১৯৩১ সালের ৯ই ফেব্রুয়ারী। তৈরিতে খরচ লাগে ২১,৩৪,০০০ টাকা।

৫৬৮। **কলকাতায় 'জমিদার' পদ কবে সৃষ্টি হয়?**

● ১৭২০ সালে।

৫৬৯। **ইংরেজরা প্রথম স্কুল কবে স্থাপন করে?**

● প্রথম স্কুল স্থাপিত হয় ১৭৩১ সালে।

৫৭০। **কলকাতার আকাশে প্রথম বেলুন ওড়ানো হয় কবে?**

● ১৭৮৫ সালের ৪ আগস্ট মিঃ উইনটল প্রথম এসপ্লানেড অঞ্চলে ১২৫০ ফিট উঁচুতে বেলুন ওড়ান। ১৮৩৬ সালের ২১শে মার্চ রবার্টসন নামে জনৈক ফরাসী তাতে চড়েন।

৫৭১। **'বাবু' উপাধি কবে চালু হয়?**

● 'বাবু' উপাধি ১৮১০ সালে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী চালু করে।

৫৭২। **প্রথম কোন বাঙালী বেলুনে ওড়েন?**

● গ্রেট ইণ্ডিয়ান সার্কাসের রামচন্দ্র চ্যাটার্জী ১৮৮৯ সালের ৪ঠা মে মধ্য কলকাতায় বেলুনে উড়েছিলেন।

৫৭৩। **ব্রাহ্মসমাজ কবে প্রতিষ্ঠা হয়?**

● ১৮৩০ সালে। প্রতিষ্ঠা করেন দেবেন্দ্রনাথ ঠাকুর।

৫৭৪। **কলকাতায় প্রথম ইলেকট্রিক আলো কবে জ্বালানো হয়?**

● ১৮৭৯ সালের জুলাই মাসে।

৫৭৫। কলকাতায় কবে টেলিফোন ব্যবস্থা চালু হয়?

● কলকাতায় প্রথম টেলিফোন চালু হয় ১৮৮৩ সালে।

৫৭৬। প্রথমে কতজন টেলিফোন গ্রাহক ছিলেন?

● প্রথমে গ্রাহক ছিলেন ১২০ জন।

৫৭৭। কলকাতায় ডাক ব্যবস্থা কবে চালু হয়?

● ওয়ারেন হেস্টিংস প্রথম ডাক ব্যবস্থা চালু করেন ১৭৭৪ সালে।

৫৭৮। কলকাতায় প্রথম টেলিগ্রাফ ব্যবস্থা কবে চালু হয়?

● টেলিগ্রাফ চালু হয় ১৮৫৫ সালে।

৫৭৯। কলকাতায় প্রথম বড় আকারে দুর্গাপূজা কোথায় কবে সুরু হয়?

● বেহালায় রায়েদের বাড়িতে ১৭৪৬ সালে প্রথম কলকাতার বড় আকারে দুর্গাপূজা হয়।

৫৮০। চণ্ডীপূজা কবে আরম্ভ হয়, কোথায়?

● বেহালার দক্ষিণে বরি ষায় সাবর্ণ রায়ের বাড়িতে বাংলা সন ১২০০ সালে চণ্ডীপূজা সুরু হয়।

৫৮১। সার্বজনীন কালীপূজা কবে সুরু হয়?

● সার্বজনীন কালীপূজা সুরু হয় ১৯২৫ সাল নাগাদ।

৫৮২। কলকাতার সবচেয়ে প্রাচীন বারোয়ারী দুর্গাপূজা কোনটি?

● সবচেয়ে প্রাচীন বারোয়ারী দুর্গাপূজা হলো বাগবাজার সমিতি ও সিমলা ব্যায়াম সমিতির পূজা।

৫৮৩। এই পূজা দুটি কবে সুরু হয়?

● প্রায় ১৯১৬/১৭ নাগাদ।

৫৮৪। কলকাতায় কোন দেশীয় ব্যক্তির বাড়ির পূজা জাঁক-জমকের সঙ্গে অনুষ্ঠিত হতো?

● কলকাতায় সবচেয়ে জাঁকজমকের দুর্গাপূজা হতো রাজা নবকৃষ্ণের বাড়িতে।

৫৮৫। সে কালের কোন বিখ্যাত ইংরাজ পূজায় নবকৃষ্ণের বাড়িতে উপস্থিত হন?

● উপস্থিত হয়েছিলেন স্বয়ং লর্ড ক্লাইভ।

□ ইতিহাসে কলকাতাঃ শিক্ষা ব্যবস্থা□

৫৮৬। প্রথম বাঙলা ব্যাকরণ কবে ছাপা হয় ?

● প্রথম বাঙলা ব্যাকরণ এন· বি· হলহেড ১৭৭৮ সালে ছাপানোর ব্যবস্থা করেন।

৫৮৭। কলকাতায় প্রথম স্কুল কবে স্থাপিত হয় ?

● কলকাতায় প্রথম স্কুল স্থাপন করা হয় ১৭৮০ সালে। স্থাপন করেন মিঃ. হজেস।

৫৮৮। প্রথম দেশীয় ভাষায় শিক্ষাদানের স্কুল কোথায় হয় ?

● ১৮০০ সালে ফোর্ট উইলিয়ামে সংস্কৃত, বাঙলা, পার্শী আর আরবী ভাষা শেখানোর স্কুল স্থাপিত হয়।

৫৮৯। ওয়ারেন হেস্টিংস কি স্থাপন করেন ?

● ওয়ারেন হেস্টিংস দক্ষিণ বৌবাজারে একটি মাদ্রাসা স্থাপন করেন ১৭১৮ সালে।

৫৯০। দেশীয় বাঙালীরা কবে ইংরাজী শেখা সুরু করেন ?

● বাঙালীরা ইংরাজী শেখা সুরু করেন সুপ্রীম কোর্ট স্থাপনের পর ১৭৭৪ সাল থেকে।

৫৯১। সে সময় ইংরাজী শেখানোর কি ব্যবস্থা করা হয় ?

● ১৭৯৩ সালে প্রথম অ্যারন আপজনের লেখা পরিভাষার বই ছাপা হয়।

৫৯২। ক্যালকাটা স্কুল সোসাইটি কে কবে স্থাপন করেন ?

● স্থাপন করেন ডেভিড হেয়ার ও রাধাকান্ত দেব, ১৮১৮ সালে।

৫৯৩। হিন্দু কলেজ কবে স্থাপিত হয় ?

● হিন্দু কলেজ স্থাপিত হয় ১৮১৭ সালের ২০শে জানুয়ারী। স্থাপন করেন ডেভিড হেয়ার।

৫৯৪। কলকাতায় মেয়েদের শিক্ষার জন্য কি করা হয় ?

● লসন নামে কোন ইংরাজ ফিমেল জুভেনাইল সোসাইটি স্থাপন

করেন। লেডী আমহার্স্টের চেষ্টায় একটি মেয়েদের স্কুল স্থাপন করা হয়।

৫৯৫। **বেথুন স্কুল কে কবে স্থাপন করেন?**

● ১৮৪৯ সালে ড্রিঙ্কওয়াটার বেথুন এই স্কুল স্থাপন করেন।

৫৯৬। **ইংরাজী শিক্ষা বিস্তারে কার্যকরী ভূমিকা কারা নিয়েছিলেন?**

● পাশ্চাত্য শিক্ষা বিস্তারে প্রধান ভূমিকা নেন রাজা রামমোহন রায় ও ডেভিড হেয়ার।

৫৯৭। **স্কটিশ চার্চ কলেজের আগের নাম কি?**

● এর আগের নাম জেনারেল অ্যাসেম্বলীজ ইনষ্টিটিউশান।

৫৯৮। **কে এটি স্থাপন করেন? কবে এটি স্থাপিত হয়?**

● স্থাপন করেন স্কটিশ মিশনারী আলেকজাণ্ডার ডাফ। সহায়তা করেন রাজা রামমোহন রায়। স্থাপিত হয় ১৮৩০ সালে।

৫৯৯। **হিন্দু কলেজের নাম পরে কি হয়?**

● হিন্দু কলেজই পরে হয় প্রেসিডেন্সী কলেজ। এ হয় ১৮৫৪ সালে।

৬০০। **হিন্দু কলেজের বিখ্যাত শিক্ষক কে?**

● তিনি ছিলেন হেনরি ভিভিয়ান ডিরোজিও।

৬০১। **সংস্কৃত কলেজ কবে স্থাপিত হয়?**

● ১৮২৬ সালের ১লা মে।

৬০২। **কোন বিখ্যাত মনীষী এই কলেজের প্রিন্সিপাল হন?**

● পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

৬০৩। **কলকাতা বিশ্ববিদ্যালয় কবে স্থাপিত হয়?**

● ১৮৫৭ সালের ২৪শে জানুয়ারী।

৬০৪। **ক্যালকাটা ব্লাইণ্ড স্কুল কবে কে স্থাপন করেন?**

● ১৮৯৭ সালে এটি স্থাপন করেন রেভারেণ্ড লালবিহারী শাহ।

৬০৫। **ডেফ অ্যাণ্ড ডাম্ব স্কুল কে কবে কোথায় স্থাপন করেন?**

● এটি স্থাপন করেন শ্রীনাথ সিংহ ১৮৯৩ সালে ১৩ং মির্জাপুর স্ট্রীটে।

৬০৬। **সেন্ট জেভিয়ার্স কলেজ কবে স্থাপিত হয়?**

● এটি স্থাপিত হয় ১৮৩৪ সালে।

□ ইতিহাসের কলকাতা : সংবাদ জগৎ □

৬০৭। বটতলা প্রকাশনী কবে আত্মপ্রকাশ করে ?

● ১৮০০ সালের কাছাকাছি।

৬০৮। কলকাতার প্রথম সংবাদপত্র কোনটি ?

● 'ইণ্ডিয়ান গেজেট' কলকাতার প্রথম সংবাদ পত্র।

৬০৯। ইণ্ডিয়ান গেজেট কবে প্রকাশিত হয় ?

● এটি প্রকাশিত হয় ১৭৭৪ সালে।

৬১০। কলকাতার প্রথম ব্যক্তিগত মালিকানার সংবাদপত্র কি ?

● 'বেঙ্গল গেজেট ।' প্রকাশ করেন উইলিয়াম হিকি ১৭৮০ সালের ২৯শে জানুয়ারী।

৬১১। কলকাতার প্রথম মাসিক পত্রিকা কোনটি ?

● প্রথম মাসিক পত্রিকার নাম 'ক্যালকাটা ম্যাগাজিন অ্যাণ্ড ওরিয়েন্টাল মিউজিয়াম' প্রকাশিত হয় ১৭৯১ সালের ৩রা অক্টোবর। প্রকাশক মিঃ এ. হোয়াইট।

৬১২। কলকাতার প্রথম বাঙলা সংবাদপত্রের নাম কি ?

● সংবাদ প্রভাকর।

৬১৩। সংবাদ প্রভাকর কবে প্রকাশিত হয় ?

● ১৮৩৭ সালে দৈনিক হিসেবে আত্মপ্রকাশ করে। সংবাদ প্রভা এর আগে ছিল সপ্তাহে তিনদিন। প্রথম প্রকাশিত হয় ১৮৩০ সালে।

৬১৪। সংবাদ প্রভাকর কে সম্পাদনা করেন ?

● সম্পাদক ছিলেন বিখ্যাত কবি ঈশ্বর গুপ্ত।

৬১৫। স্টেটসম্যান পত্রিকা প্রথম কবে প্রকাশিত হয় ?

● ১৮১৮ সালের এপ্রিলে। এই সময় নাম ছিল 'দি ফ্রেণ্ড অব ইণ্ডিয়া।'

৬১৬। অমৃতবাজার পত্রিকা কবে প্রকাশিত হয়।

● অমৃতবাজার প্রথমে বাঙলায় প্রকাশিত হওয়ার পর ইংরাজী দৈনিক হিসেবে প্রকাশিত হয় ১৮৬৭ সালে।

৬১৭। তত্ত্ববোধিনী পত্রিকা ও বঙ্গদর্শন কবে প্রকাশিত হয়? কারা প্রকাশ করেন?

● ১৮৪৩ সালের আগস্ট মাসে তত্ত্ববোধিনী পত্রিকার প্রকাশ শুরু হয়। সম্পাদক ছিলেন অক্ষয়কুমার দত্ত। প্রতিষ্ঠাতা মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর।

বঙ্গদর্শন প্রকাশ করেন বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ১৮৭২ সালের এপ্রিল মাসে।

৬১৮। রাজা রামমোহন রায় কবে কলকাতায় আসেন ?

- রাজা রামমোহন কলকাতায় আসেন ১৮০৩ সালে।

৬১৯। রামমোহনের বাড়ি কলকাতার কোন এলাকায় ছিল ?

- তাঁর পৈত্রিক বাড়ি ছিল জোড়াসাঁকো এলাকায়। তিনি আরও তিনটি বাড়ি কেনেন চৌরঙ্গী, সিমলা আর মানিকতলা এলাকায়।

৬২০। রানী রাসমণি কলকাতায় কোথায় থাকতেন ?

- রানী রাসমণি থাকতেন মধ্য কলকাতার জানবাজার এলাকায়। তার বিশাল প্রসাদ এখনও বর্তমান।

৬২১। রানী রাসমণির কৃতিত্ব কি ছিল ?

- রানী রাসমণি অত্যন্ত বুদ্ধিমতী আর দয়াবতী ছিলেন। ইস্ট ইণ্ডিয়া কোম্পানীর কাছ থেকে তিনি জমিদারীর আয় স্থায়ী করেন। গঙ্গায় বিনাশুল্কে মাছ ধরার ব্যবস্থাও তাঁর।

৬২২। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রথম জীবন কলকাতায় কোথায় কাটান ?

- তিনি জীবন কাটান বড়বাজার অঞ্চলে।

৬২৩। ঈশ্বরচন্দ্র কবে সংস্কৃত কলেজের অধ্যক্ষ হন ?

- ১৮৫১ সালের ২২শে জানুয়ারী

৬২৪। মাইকেল মধুসূদন দত্ত কবে খৃষ্টান হন ?

- ১৮৪৩ সালের ৯ই ফেব্রুয়ারী।

৬২৫। মাইকেল কোথায় খ্রীস্ট ধর্ম গ্রহণ করেন ?

- ডালহাউসী এলাকায় ওল্ড মিশন চার্চে। তিনি থাকতেন বেনেপুকুরে।

৬২৬। মাইকেলের সমাধি কোথায় আছে ?

- মাইকেল মধুসূদনের সমাধি রয়েছে সার্কুলার রোডের খৃষ্টান সমাধি ক্ষেত্রে।

৬২৭। রামকৃষ্ণ পরমহংসদেব কোথায় থাকতেন ?

- তিনি প্রধানতঃ উত্তর কলকাতায় থাকতেন।

চিংপুরের রাস্তা

একদা হাজরা পার্ক

৬২৮। স্বামী বিবেকানন্দ কবে জন্ম গ্রহণ করেন, কোথায় ?

- স্বামী বিবেকানন্দ জন্ম গ্রহণ করেন ১৮৬৩ সালে ১৬ই জানুয়ারী উত্তর কলকাতায়।

৬২৯। শ্রীশ্রী সারদামণি কবে দেহত্যাগ করেন ?

- ১৯২০ সালের ২০শে জুলাই।

৬৩০। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় কোন সরকারী পদে চাকরী করতেন ?

- ডেপুটি ম্যাজিস্ট্রেট ও অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারির পদে।

৬৩১। মহেন্দ্রলাল সরকার কে ছিলেন ?

- তিনি ছিলেন সেকালের একজন প্রথিতযশা চিকিৎসক। তিনিই ভারতের দ্বিতীয় এম. ডি. ডিগ্রী লাভ করেন। তিনি মারা যান ১৯০৪ সালের ২৩শে ফেব্রুয়ারী।

৬৩২। কালীপ্রসন্ন সিংহ কে ছিলেন ?

- উনিশ শতকের বাঙলাদেশে তিনি ছিলেন অত্যন্ত খ্যাতিমান এক পুরুষ। মাত্র চোদ্দ বছর বয়সে তিনি ১৮৫৫ সালে প্রতিষ্ঠা করেন 'বিদ্যোৎসাহিনী সভা'

৬৩৩। কালী প্রসন্নর শ্রেষ্ঠ কীর্তি কি ?

- তাঁর শ্রেষ্ঠ কীর্তি অষ্টাদশ পর্ব মহাভারতের বাঙলা তর্জমা করে প্রকাশ। এটি প্রকাশিত হয় ১৮৬৬ সালে।

৬৩৪। 'হুতোম পেঁচার নকশা' কার রচনা ?

- কালীপ্রসন্ন সিংহের।

৬৩৫। কেশবচন্দ্র সেন কে ছিলেন ?

- কেশবচন্দ্র সেন ছিলেন সেকালের একজন বিখ্যাত বাগ্মী। তিনি ১৮৫৯ সালে 'সাধারণ ব্রাহ্ম সমাজ' প্রতিষ্ঠা করেন।

৬৩৬। দেবেন্দ্রনাথ ঠাকুর কে ছিলেন ?

- দেবেন্দ্রনাথ ঠাকুর ছিলেন ব্রাহ্মসমাজের প্রতিষ্ঠাতা। তিনিই কবিগুরু রবীন্দ্রনাথের পিতা।

৬৩৭। বিজ্ঞান চর্চার জন্য প্রথম কোন প্রতিষ্ঠান কলকাতায় কবে প্রতিষ্ঠা করা হয়?

● ডঃ মহেন্দ্রলাল সরকার ১৮৭০ সালে প্রতিষ্ঠা করেন 'ইণ্ডিয়ান অ্যাসোসিয়েশন ফর কালটিভেশন অব সায়েন্স'।

৬৩৮। রাধানাথ শিকদার কে ছিলেন?

● রাধানাথ শিকদার ছিলেন সার্ভে অব ইণ্ডিয়ার জর্জ এভারেস্টের সহকারী। তিনিই প্রথম মাউন্ট এভারেস্টের উচ্চতা মাপেন, ও বলেন এভারেস্টের উচ্চতা ২৯০০২ ফিট।

৬৩৯। প্রমথনাথ বসু কে ছিলেন?

● প্রমথনাথ বসু জিওলজিক্যাল সার্ভের একজন কর্মচারি ছিলেন। ১৯০৩ সালে তিনিই বিখ্যাত শিল্পপতি জামসেদজী টাটাকে জামসেদপুরে ইস্পাত ও লোহার কারখানা স্থাপনে উদ্বুদ্ধ করেন।

৬৪০। কলকাতায় পরীক্ষা নিরীক্ষার ফলে কোন কোন বিদেশী বিজ্ঞানী নোবেল প্রাইজ পেয়েছিলেন?

● ম্যালেরিয়া যে অ্যানোফিলিস মশার কামড়ে হয় সেটা আবিষ্কার করেন রোনাল্ড রস কলকাতায় পরীক্ষা চালানোর পর। ১৯০২ সালে তিনি এজন্য নোবেল পুরস্কার পান।

১৯০৫ সালে জার্মান বিজ্ঞানী রবার্ট কক্ কলকাতায় কলেরার বীজাণু আবিষ্কার করে নোবেল পুরস্কার পান।

৬৪১। কোন বাঙালী বিজ্ঞানী কলকাতায় প্রথম পদার্থবিদ্যায় কৃতিত্ব দেখান?

● ১৮৯৫ সালে আচার্য জগদীশচন্দ্র বসু এই কৃতিত্ব দেখান।

৬৪২। জগদীশচন্দ্রের যুগান্তকারী আবিষ্কার কি?

● জগদীশচন্দ্র বসুর বিখ্যাত আবিষ্কার ছিল গাছেরও প্রাণশক্তি ও অনুভূতি থাকে।

৬৪৩। রসায়ন শাস্ত্রে কলকাতায় প্রথম কৃতিত্ব প্রদর্শন কে করেন ?

● আচার্য প্রফুল্লচন্দ্র রায়।

৬৪৪। তার বিখ্যাত আবিষ্কার কি ?

● তিনিই প্রথম মারকিউরিয়াস নাইট্রাইট নামে রাসায়নিকটির গঠন আবিষ্কার করেন।

৬৪৫। আচার্য প্রফুল্লচন্দ্র কোন বিখ্যাত বই প্রকাশ করেন ?

● তাঁর লেখা ইংরাজীতে 'ভারতীয় রসায়নের ইতিহাস'।

৬৪৬। আচার্য প্রফুল্লচন্দ্র কি প্রতিষ্ঠা করেন ?

● তিনি প্রতিষ্ঠা করেন বিখ্যাত প্রতিষ্ঠান 'বেঙ্গল কেমিক্যাল'।

৬৪৭। সি. ভি. রমন কে ছিলেন ?

● চন্দ্রশেখর বেঙ্কট রমন বা সি. ভি. রমন ছিলেন ভারত সরকারের অর্থ দপ্তরের এক অফিসার। তিনি ১৯০৭ সালে কলকাতায় আসেন ও বিজ্ঞান গবেষণায় আত্মনিয়োগ করেন।

১৯২৫ সালে পদার্থবিদ্যার গবেষণায় তিনি 'রমন এফেক্ট' আবিষ্কার করেন। ১৯৩১ সালে তিনি এজন্য নোবেল প্রাইজ পান। আবিষ্কারটি আলোকের আণবিক বিক্রিয়া সংক্রান্ত।

৬৪৮। শ্রীনিবাস কৃষ্ণান কে ছিলেন ?

● শ্রীনিবাস কৃষ্ণানও ছিলেন বিজ্ঞানী। রমনের সঙ্গেই তিনি কলকাতায় পদার্থবিদ্যায় গবেষণা করেন।

৬৪৯। প্রফেসর মেঘনাদ সাহা কে ছিলেন ?

● তিনি ছিলেন খ্যাতনামা বিজ্ঞানী ও পদার্থবিদ।

৬৫০। তিনি কি আবিষ্কার করেন ?

● মেঘনাদ সাহা আবিষ্কার করেন ৬০০০° সেন্টিগ্রেড তাপে সৌর জগতে পরমাণু মুক্ত হয়ে আয়নিত হয়।

৬৫১। অঙ্কন শাস্ত্রে কলকাতার কোন ব্যক্তি বিরাট খ্যাতি অর্জন করেন ?

● অঙ্ক শাস্ত্র আর আপেক্ষিক তত্ত্বে অধ্যাপক সত্যেন বসু খ্যাতি অর্জন করেন। তার নাম আইনস্টাইনের সঙ্গে যুক্ত হয়।

৬৫২। তার নাম কোন 'কণার' সঙ্গে যুক্ত ?

● সত্যেন বোসের নাম 'বোসন' কণার সঙ্গে যুক্ত হয়।

৬৫৩। কলকাতার কোন মানুষ বিজ্ঞানের ক্ষেত্রে পৃথিবীব্যাপী খ্যাতি অর্জন করেন?

● তিনি ছিলেন প্রশান্তচন্দ্র মহলানবীশ। তিনি পরিসংখ্যান বা স্ট্যাটিসটিকসের ক্ষেত্রে অসামান্য সম্মান অর্জন করেছিলেন।

৬৫৪। গিরীশচন্দ্র ঘোষ কে ছিলেন?

● তিনি ছিলেন বাঙলা নাট্যমঞ্চের আদি প্রতিষ্ঠাতা ও খ্যাতনামা নাট্যকার।

৬৫৫। গিরীশচন্দ্রের প্রথম নাটক কি?

● তার প্রথম নাটক 'নীলদর্পণ'।

৬৫৬। কলকাতার কোন মহিলা কবি ফরাসী ভাষায় বাক্য রচনা করে বিখ্যাত হন?

● তিনি ছিলেন তরু দত্ত।

৬৫৭। তাঁর প্রথম প্রকাশিত গ্রন্থ কি?

● 'এ শিফ গ্লীনড ইন ফ্রেঞ্চ ফিল্ড' তার প্রথম বই, প্রকাশিত হয় ১৮৭৯ সালে ফরাসী ভাষায়।

৬৫৮। কবিগুরু রবীন্দ্রনাথ কলকাতার কোথায় থাকতেন?

● কবিগুরু থাকতেন উত্তর কলকাতার জোড়াসাঁকোর বিখ্যাত ঠাকুর বাড়িতে।

৬৫৯। কোন বছর কবিগুরু নোবেল পুরস্কার পান?

● ১৯১০ সালে তিনি নোবেল প্রাইজ পান।

৬৬০। কবিগুরু কবে দেহত্যাগ করেন?

● তার মৃত্যু হয় ১৯৪১ সালের ৭ই আগষ্ট।

৬৬১। কলকাতার কোন শিল্পী ভারতীয় চিত্রকলাকে বিশ্বের কাছে তুলে ধরেন?

● ঠাকুর পরিবারের আর এক সন্তান শিল্পগুরু অবনীন্দ্রনাথ ঠাকুর।

৬৬২। অবনীন্দ্রনাথ কবে দেহত্যাগ করেন?

● ১৯৫১ সালের ১৭ই এপ্রিল।

৬৬৩। কলকাতার কোন কথাশিল্পী বাঙালী পাঠকের হৃদয়কে নাড়া দিয়ে যান?

● কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায়।

৬৬৪। শরৎচন্দ্র কলকাতায় কোথায় থাকতেন?

- শরৎচন্দ্র দক্ষিণ কলকাতার অশ্বিনী দত্ত রোডে থাকতেন।

৬৬৫। হাস্যরসের ফল্গুধারায় বাঙালী মনকে তৃপ্ত করেন কলকাতার কোন বাঙালী?

- তিনি ছিলেন পরশুরাম। তাঁর আসল নাম রাজশেখর বসু।

৬৬৬। পরশুরাম কলকাতায় কোথায় থাকতেন?

- তিনি থাকতেন দক্ষিণ কলকাতায় বকুলবাগান রোডে।

৬৬৭। কলকাতার কোন মানুষ বিশ্বের দরবারে ভারতের প্রাচীন ঐতিহ্যকে প্রমাণ করেন?

- রাখালদাস বন্দ্যোপাধ্যায়।

৬৬৮। তিনি কিভাবে এটা করেছিলেন?

- বর্তমান পাকিস্তানের সিন্ধু প্রদেশের লারকানায় ১৯২২ সালে প্রাচীন সিন্ধুসভ্যতার নিদর্শন মহেন্‌জোদড়োর ধ্বংসাবশেষ আবিষ্কার করার মধ্য দিয়ে তিনি একাজ করেন।

৬৬৯। রাখালদাস বন্দ্যোপাধায়ের অন্য কৃতিত্ব কি?

- তিনি কয়েকটি চমৎকার ঐতিহাসিক উপন্যাসও রচনা করেন, যেমন 'ধ্রুবা' 'লুৎফ উল্লা' 'ধর্মপাল' 'ময়ূখ' ইত্যাদি।

৬৭০। কলকাতার কোন দামাল কবি বাঙালীর একান্ত আপন?

- তিনি বিদ্রোহী কবি নজরুল ইসলাম।

৬৭১। কবি নজরুলকে কি নামে ডাকা হত?

- তাকে বলা হতো বাঙলার বুলবুল।

৬৭২। নজরুল কবে কোথায় দেহত্যাগ করেন?

- তিনি ১৯৭৬ সালের ২৯শে আগষ্ট বাঙলাদেশের ঢাকায় দেহত্যাগ করেন।

৬৭৩। কলকাতার কোন বিখ্যাত মানুষ প্রথম শিশু সাহিত্যকে জনপ্রিয় করেন?

- তিনি ছিলেন উপেন্দ্রকিশোর রায়চৌধুরী

৬৭৪। উপেন্দ্রকিশোরের অন্য কৃতিত্ব কি ?

- তিনি প্রথম হাফটোন ব্লক তৈরীর কৌশল আবিষ্কার করেন।

৬৭৫। তার কোন পত্রিকা শিশু মনে আলোড়ন তোলে ?

- শিশু মাসিক পত্রিকা 'সন্দেশ'।

৬৭৬। শিশুদের জন্য ছড়া আর কবিতা রচনায় কলকাতায় কে সুনাম অর্জন করেন ?

- উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর পুত্র সুকুমার রায়।

৬৭৭। কোন শিল্পী কলকাতাকে বিশ্বের সম্মান এনে দেন ?

- আচার্য নন্দলাল বসু।

৬৭৮। বাঙালী ব্যবসায়ীরা কোন এলাকায় সাধারণতঃ বসবাস করতেন ?

● তারা প্রধানতঃ বাস করতেন চীনাবাজার ও মুর্গীহাটা অঞ্চলে। পরে গোবিন্দপুরও তাদের এলাকা হয়।

৬৭৯। কান্তবাবু কে ছিলেন ?

● কান্তবাবু ছিলেন ওয়ারেন হেস্টিংসের দেওয়ান।

৬৮০। মহারাজা নবকৃষ্ণ কে ছিলেন ?

● তিনি ছিলেন লর্ড ক্লাইভের মুন্সী বা দেওয়ান।

৬৮১। মহারাজা নন্দকুমারের ছেলের নাম কি ?

● তার নাম রাজা গুরুদাস। তিনি থাকতেন চড়কডাঙায় বর্তমান বিডন স্ট্রীটে।

৬৮২। কলকাতার আদি জমিদার কারা ?

● সাবর্ণরায়ের পরিবার। তারা থাকতেন বেহালায়।

৬৮৩। সুতানুটির বিখ্যাত মানুষ কে ছিলেন ?

● মহারাজা রাজবল্লভ।

৬৮৪। দেওয়ান রামচরণ কে ছিলেন ?

● তিনি ছিলেন আন্দুল রাজবংশের প্রতিষ্ঠাতা গভর্ণর ভ্যান্সিস্টার্বের দেওয়ান।

৬৮৫। আর কোন বিখ্যাত ধনী কলকাতায় ছিলেন ?

● আর বিখ্যাত ছিলেন জগৎ শেঠ।

৬৮৬। কোন বিদেশী কলকাতায় দানশীলতার জন্য সেকালে খ্যাতি অর্জন করেন ?

● তিনি ছিলেন একজন আর্মেনিয়ান, তার নাম সুকিয়াস।

৬৮৭। তিনি কোথায় বাস করতেন ?

● সুকিয়াস বাস করতেন বৈঠকখানা অঞ্চলে। তার নামেই সুকিয়াস স্ট্রীট হয়।

৬৮৮। কলকাতার কোন মহিলা সর্বপ্রথম ডাক্তারী পাশ করেন ?

● তিনি হলেন শ্রীমতী কাদম্বিনী গাঙ্গুলী।

৬৮৯। কোন বিদেশীর ডায়েরী থেকে কলকাতা সম্বন্ধে বহু মূল্যবান তথ্য জানা গেছে ?

● তিনি ছিলেন উইলিয়াম হেজেস, ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর প্রথম গভর্ণর।

৬৯০। কোন বিখ্যাত ইংরাজ সাহিত্যিকের ছেলের সমাধি কলকাতায় কোথায় আছে ?

● বিখ্যাত ইংরাজ সাহিত্যিক চার্লস ডিকেন্সের দ্বিতীয় পুত্র ওয়াল্টার ডিকেন্সের সমাধি ভবানীপুর রোডের সমাধিক্ষেত্রে আছে। তিনি ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর একজন সৈনিক ছিলেন।

৬৯১। কলকাতার কোন ইংরাজ বিচারকের সংস্কৃত সাহিত্যে প্রগাঢ় পাণ্ডিত্য ছিল ?

● তিনি ছিলেন স্যার উইলিয়াম জোন্স।

৬৯২। উইলিয়াম জোন্সের কৃতিত্ব কি ?

● তিনিই বিখ্যাত এশিয়াটিক সোসাইটির প্রতিষ্ঠাতা।

৬৯৩। উইলিয়াম জোন্স কোথায় থাকতেন ?

● তার বাড়ি ছিল গার্ডেনরীচ অঞ্চলে।

৬৯৪। কোন ইংরাজ সমাচার দর্পনের সম্পাদক হন ?

● সম্পাদক হন বিখ্যাত জে. মার্শম্যান।

৬৯৫। নির্ভিক সাংবাদিকতায় কলকাতায় কে বিখ্যাত হন ?

● বিখ্যাত হন উইলিয়াম অগাস্টাস হিকি।

৬৯৬। কোন দুজন কলকাতার বিদেশী মানুষ শিক্ষাবিস্তারে বিখ্যাত হন ?

● তাঁরা হলেন ডেভিড হেয়ার ও ড্রিঙ্ক ওয়াটার বেথুন।

৬৯৭। বাঙলার নব জাগরণে কলকাতার কোন বিদেশী সবচেয়ে বিখ্যাত ?

● হেনরী লুই ভিভিয়ান ডিরোজিও।

৬৯৮। ডিরোজিওর সমাধি কোথায় আছে ?

● ডিরোজিওর সমাধি আছে পার্ক স্ট্রীটের সমাধিক্ষেত্রে।

৬৯৯। কোন ইংরাজ পাত্রী নানা ভারতীয় ভাষায় দক্ষতা অর্জন করেন ?

- তিনি ছিলেন রেভারেণ্ড জেমস লঙ।

৭০০। রেভারেণ্ড লঙ কবে কলকাতায় আসেন ?

- তিনি আসেন ১৮৪০ সালে।

৭০১। তিনি কোন কোন ভারতীয় ভাষায় দক্ষ ছিলেন ?

- বাঙলা, সংস্কৃত, পার্শী ইত্যাদি।

৭০২। লঙের বিখ্যাত কীর্তি কি ?

- রেভারেণ্ড লঙ 'বাঙলা প্রবাদমালা' সংগ্রহ করে বই প্রকাশ করেন। আর তিনি দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটকের ইংরাজী অনুবাদ প্রকাশ করায় অপরাধী সাব্যস্ত হন। তার ২০০০ টাকা জরিমানা হয়। এই জরিমানার টাকা দিয়ে দেন কালীপ্রসন্ন সিংহ।

৭০৩। কোন ইংরাজ তন্ত্র আর যোগ সম্পর্কে বই রচনা করেন ?

- বই দুটি রচনা করেন স্যার জন জর্জ উডরফ

□ কলকাতার হোটেল, ক্লাব ইত্যাদি □

৭০৪। কলকাতার প্রথম হোটেলের নাম কি?

● কলকাতার প্রথম হোটেল উইলসনস্ হোটেল। এটি প্রতিষ্ঠা হয় ১৮০০ সালে। প্রতিষ্ঠাতা মিঃ উইলসন।

৭০৫। সেকালের কোন বিখ্যাত হোটেল এখনও আছে?

● স্পেনসেস হোটেল ১৮৩০ সালে প্রতিষ্ঠা হয়ে এখনও আছে।

৭০৬। সেকালে হোটেলে থাকার খরচ কি রকম ছিল?

● খরচ ছিল প্রতিদিন ৬ টাকা বা মাসে ১০০ টাকা।

৭০৭। কলকাতার কোন মিষ্টি বিখ্যাত হয়?

● নবীন ময়রার রসগোল্লা।

৭০৮। নবীন ময়রার দোকান কোথায় ছিল?

● এটি ছিল উত্তর কলকাতার চিৎপুর অঞ্চলে।

৭০৯। কলকাতার কোন মিষ্টি ভাইসরয় লর্ড ক্যানিংয়ের স্ত্রীর নামে বিখ্যাত হয়?

● লেডিকেনী। এটি লেডি ক্যানিং থেকে।

৭১০। কলকাতার কোন কারিগর প্রথম কড়াপাক সন্দেশ আবিষ্কার করেন?

● তার নাম নকুর চন্দ্র দে।

৭১১। কলকাতায় কোন দুজন ব্যবসায়ী সেকালে মিষ্টি তৈরীতে খ্যাতি অর্জন করেন?

● ভীমচন্দ্র নাগ ও দ্বারিকানাথ ঘোষ।

৭১২। কবিগুরু রবীন্দ্রনাথ কলকাতার কোন দোকানের দইয়ের কি নামকরণ করেন?

● জলযোগের দই। তিনি নামকরণ করেন 'পয়োধি'।

৭১৩। কলকাতার প্রথম ক্লাব কোনটি?

● কলকাতার প্রথম ক্লাব 'বেঙ্গল ক্লাব'।

৭১৪। বেঙ্গল ক্লাব কবে প্রতিষ্ঠা হয় ?

● এটি প্রতিষ্ঠা হয় ১৮২৭ সালে।

৭১৫। বেঙ্গল ক্লাবের প্রথম সভাপতি কে ?

● স্যার চার্লস মেটকাফ।

৭১৬। ক্যালকাটা গলফ্ ক্লাব কবে প্রতিষ্ঠা করা হয় ?

● প্রতিষ্ঠা হয় ১৮২৯ সালে।

৭১৭। ক্যালকাটা ক্লাব কবে স্থাপন করা হয় ?

● ১৯০৭ সালের ১৫ই এপ্রিল।

৭১৮। ক্যালকাটা ক্লাব স্থাপন হয় কার আগ্রহে ?

● স্যার রাজেন্দ্রনাথ মুখার্জীর আগ্রহে। বেঙ্গল ক্লাবের গভর্ণর উডবার্ণের নিমন্ত্রিত হওয়া সত্ত্বেও তাকে অন্য ঘরে যেতে বলায় স্যার রাজেন্দ্রনাথ অপমানিত বোধ করেন ও একটি ক্লাব খোলার সিদ্ধান্ত নেন, যেখানে সকলের সমান অধিকার থাকবে।

৭১৯। কলকাতায় রোটারী ক্লাব কবে প্রতিষ্ঠা হয় ?

● ১৯০? সালে

□ নানা বিষয়ে কলকাতা □

৭২০। কলকাতার কোন বিখ্যাত কবি রচনা করেছিলেন ?

'রেতে মশা দিনে মাছি
এই নিয়ে কলকাতায় আছি।'

● বিখ্যাত কবি ঈশ্বরচন্দ্র গুপ্ত।

৭২১। আদি কলকাতায় নাচগান ইত্যাদি অনুষ্ঠানের উদ্যোক্তা কারা ছিলেন ?

● প্রধানতঃ বাঙালী ধনীরা, যেমন রাজা নবকৃষ্ণ, সুখময় রায় ইত্যাদিরা।

৭২২। হরিনাথ দে কে ছিলেন ?

● হরিনাথ দে ছিলেন বিখ্যাত ভাষাবিদ ও পণ্ডিত। ১৮৯৭ সালে তিনি ইংল্যাণ্ডে ক্লাসিকাল ট্রাইপস হন। ১৪টি ভাষায় তিনি এম. এ. পাশ করে অদ্ভুত কৃতিত্ব দেখান। তিনি ৩৪টি ভাষা জানতেন।

৭২৩। কলকাতার কোন পুরুষকে 'বাঙলার বাঘ' আখ্যা দেওয়া হয় ?

● স্যার আশুতোষ মুখোপাধ্যায়কে।

৭২৪। বাঙলা ভাষায় বিশ্ববিদ্যালয়ে এম. এ. পড়ানো কার চেষ্টায় শুরু হয় ?

● স্যার আশুতোষের চেষ্টায়।

৭২৫। কলকাতা থেকে কোন বাঙালী তথা ভারতীয় প্রথম আই. সি. এস. হন ?

● প্রথম আই. সি. এস. হন সত্যেন্দ্রমোহন ঠাকুর।

৭২৬। 'কালীঘাটের পটের' ছবি কোন সময় দারুণ খ্যাতি অর্জন করে ?

● উনবিংশ শতাব্দীতে। এই পটকে পরে আবার পরিচিত করেন শিল্পী যামিনী গঙ্গোপাধ্যায়।

৭২৭। কলকাতার কোন বাঙালী ভারতীয়দের মধ্যে প্রথম আই. সি. এস. পরীক্ষায় প্রথম হন ?

● স্যার অতুলচন্দ্র চট্টোপাধ্যায়।

৭২৮। কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ের প্রথম র‍্যাঙলার কলকাতার কোন বাঙালী?

● আনন্দমোহন বসু।

৭২৯। বিদেশী রাষ্ট্র ব্রাজিলে সেনাপতি হন কলকাতার কোন বাঙালী?

● কর্ণেল সুরেশচন্দ্র বিশ্বাস

৭৩০। প্রথম বাঙালী সংবাদপত্র সম্পাদক কে হন?

● প্রথম সম্পাদক হন গঙ্গাকিশোর ভট্টাচার্য

৭৩১। কলকার কোন গবেষক প্রথম কালাজ্বরের প্রতিষেধক তৈরী করেন?

● ডাঃ উপেন্দ্রনাথ ব্রহ্মচারী।

৭৩২। কোন কলকাতাবাসী প্রথম লণ্ডন বিশ্ববিদ্যালয়ের ডি. এস. সি হন?

● আচার্য জগদীশচন্দ্র বসু।

৭৩৩। ইংল্যাণ্ডের লর্ড সভার প্রথম সভ্য হন কলকাতার কোন পুরুষ?

● লর্ড সত্যেন্দ্রমোহন ঠাকুর।

৭৩৪। 'ব্রতচারী' নাচ কে শুরু করেন?

● ব্রতচারী নাচ শুরু করেন গুরুসদয় দত্ত।

৭৩৫। প্রথম এম. এ. পাশ করেন কলকাতার কোন মহিলা?

● চন্দ্রমুখী বসু।

৭৩৬। কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম গ্র্যাজুয়েট কে?

● বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ও যদুনাথ বসু।

৭৩৭। কলকাতায় প্রথম নাটকের আবির্ভাব কবে হয়?

● প্রায় ১৭৯২ সাল নাগাদ।

৭৩৮। কলকাতার প্রথম নাটক অভিনয়ের সূচনা কে করেন?

● গেরাসিম লেবেডেফ।

৭৩৯। লেবেডেফ কোন দেশের মানুষ?

● লেবেডেফ একজন রুশ।

৭৪০। প্রথম নাটক কবে অভিনীত হয়?

● ১৭৯৫ সালের ২৭শে নভেম্বর।

৭৪১। ঐ থিয়েটার কোথায় হয়?

● এজরা স্ট্রীটে।

৭৪২। প্রথম অভিনীত নাটকের নাম কি?

● ইংরাজী নাটকের অনুকরণে 'ছদ্মবেশ' নাটক।

৭৪৩। কলকাতার প্রাচীন থিয়েটারের নাম কি?

● প্রাচীন দুই থিয়েটার হলের নাম 'ক্যালকাটা থিয়েটার' আর 'হোয়েলার প্লেস থিয়েটার'।

৭৪৪। কলকাতার প্রথম প্রকৃত বাঙলা থিয়েটার কবে শুরু হয়?

● ১৮৭২ সালের ১১ই মে।

৭৪৫। এই নাটক কারা মঞ্চস্থ করে?

● শ্যামবাজার ড্রামাটিক সোসাইটি।

৭৪৬। নট ও নাট্যকার গিরীশচন্দ্র ঘোষ কলকাতার কোন থিয়েটার প্রতিষ্ঠা করেন?

● তিনি প্রতিষ্ঠা করেন 'ন্যাশানাল থিয়েটার'।

৭৪৭। কোন সালে তিনি এটি প্রতিষ্ঠা করেন?

● ১৮৭২ সালে।

৭৪৮। ন্যাশানাল থিয়েটারে কোন নাটক প্রথম অভিনীত হয়?

● দীনবন্ধু মিত্রের 'নীলদর্পন'।

৭৪৯। কলকাতায় প্রথম কোন মৌলিক বাঙলা নাটক মঞ্চস্থ হয় ?

● 'বিদ্যাসুন্দর'। নাটকটি মঞ্চস্থ হয়।

৭৫০। কোন বিখ্যাত বাঙালী নাটক দর্শন করে মঞ্চে খড়ম ছুঁড়ে মারেন ?

● পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর নীলদর্পণ নাটক দেখার সময় খড়ম ছুঁড়ে মারেন উত্তেজিত হয়ে।

৭৫১। বাঙলা প্রথম পেশাদারী নাট্যধারাকে কে তার প্রতিভায় মঞ্চে প্রতিষ্ঠিত করেন ?

● গিরীশচন্দ্র ঘোষ।

৭৫২। কলকাতার কোন-অভিনেতা পরিচালক বাঙলা থিয়েটারে তার অভিনয়ে বিপ্লব আনেন ?

● নাট্যাচার্য শিশিরকুমার ভাদুড়ী।

৭৫৩। শিশিরকুমার ভাদুড়ীর শ্রেষ্ঠ নাটক কি ?

● 'ষোড়শী' আর 'সীতা'।

৭৫৪। বাঙলা নাটকে সরস অভিব্যক্তি কলকাতার কোন অভিনেতার সৃষ্টি ?

● রসরাজ অমৃতলাল বসুর।

৭৫৫। কলকাতায় প্রথম কবে সিনেমা দেখানো হয় ?

● ১৮৯৬ সালে।

৭৫৬। ঐ সিনেমা কি রকম ছিল ?

● ঐ সিনেমা ছিল ছোটো রীলের টুকরো ছবি।

৭৫৭। কে প্রথম ঐ সিনেমা দেখান ?

● জনৈক মিঃ স্টিফেনস্ ঐ সিনেমা দেখান।

৭৫৮। কোথায় প্রথম সিনেমা দেখানো হয় ?

● উত্তর কলকাতার স্টার থিয়েটারে। এ ছাড়াও সেন্ট জেভিয়ার্স কলেজের ফাদার লাঁফো ছাত্রদের এই সিনেমা দেখিয়েছিলেন।

৭৫৯। প্রথম যুগের কলকাতার সিনেমা সবাক না নির্বাক ?

● সে যুগে সিনেমা নির্বাক ছিলো।

৭৬০। প্রথম কোন বাঙালী প্রথম সিনেমা দেখিয়েছিলেন ?

● হীরালাল সেন।

৭৬১। হীরালাল সেন প্রথমে কি কি ছবি দেখান ?

- 'আলিবাবা', 'দোললীলা' ইত্যাদি।

৭৬২। কোন বছরে এই সিনেমা দেখানো হয় ?

- ১৯০০ সালে।

৭৬৩। ঐ সিনেমা কোথায় দেখানো হতো ?

- 'রয়্যাল বায়োস্কোপ' নামে একটি হলে।

৭৬৪। কলকাতায় সেকালে সিনেমাকে সত্যিকার জনপ্রিয় করে তোলেন কে ?

- এটা করেন জে. এফ. ম্যাডান।

৭৬৫। ম্যাডান কলকাতার কোথায় সিনেমা দেখানো শুরু করেন ?

- কলকাতার ময়দানে তাঁবুতে। সন্ধ্যা ৬টায় থাকতো ম্যাটিনী শো আর একবার রাত নটায়।

৭৬৬। ম্যাডানের সিনেমার কি নাম ছিলো ?

- এর নাম ছিলো এলফিনস্টোন বায়োস্কোপ।

৭৬৭। ম্যাডান সাহেব প্রথম কোন সিনেমা তুলেছিলেন ?

- ম্যাডান প্রথম যে ছবি তোলেন তার নাম বিল্বমঙ্গল। বিল্বমঙ্গল কাহিনীচিত্র বাঙলায় তোলা হয়। এও নির্বাক চিত্র।

৭৬৮। বিল্বমঙ্গল কলকাতায় কোথায়, কবে দেখানো সুরু হয় ?

- উত্তর কলকাতার কর্ণওয়ালিশ থিয়েটারে। এটা দেখানো শুরু হয় ১৯১৩ সালের ৮ই নভেম্বর।

৭৬৯। প্রথম সবাক কোন ছবি কলকাতায় দেখানো হয় ?

- প্রথম সবাক চিত্র বা 'টকী' 'আলমআরা'। এটি চিত্রা সিনেমায় ১৯৩০ সালে দেখানো হয়।

৭৭০। ম্যাডান থিয়েটার সবাক কোন ছবি তোলে ?

- 'শিরি ফরহাদ'।

৭৭১। সে কালের বিখ্যাত চিত্র প্রযোজক কে ?

- বড়ুয়া ফিল্ম ইউনিট।

৭৭২। ম্যাডান কলকাতার প্রথম কোন বাঙলা সবাক চিত্র তোলেন ?

- তিনি তোলেন 'জামাইষষ্ঠী'।

৭৭৩। **প্রথম যুগে কলকাতার খ্যাতনামা শিল্পী কে ?**

● ধীরেন গাঙ্গুলী বা ডি. জি.।

৭৭৪। **'জামাই ষষ্ঠী'র পরিচালক কে ?**

● অমর চৌধুরী।

৭৭৫। **কলকাতার কোন স্টুডিও উন্নতমানের ছবি তৈরি করে সুনাম অর্জন করেন ?**

● নিউ থিয়েটার্স লিমিটেড।

৭৭৬। **এ জন্য কে কৃতিত্ব দেখান ?**

● বি. এন. সরকার।

৭৭৭। **'কর্ণওয়ালিশ থিয়েটারের নাম পরে কি হয় ?**

● পরে নাম হয় শ্রী সিনেমা।

৭৭৮। **কলকাতায় নাচ গানের আসর কোন সময় থেকে বসে ?**

● আঠারো শতক থেকে।

৭৭৯। **কলকাতার সেকালের বিখ্যাত নর্তকীর নাম কি ?**

● নর্তকী নিকি।

৭৮০। **প্রাচীন কালে কি ধরণের সঙ্গীত কলকাতায় জনপ্রিয় ছিল ?**

● প্রধানতঃ শ্যামাসঙ্গীত, টপ্পা, বাউল, তরজা, কীর্তন ইত্যাদি।

৭৮১। **তরজা গানে কলকাতায় কে বিখ্যাত হন ?**

● বিখ্যাত হন অ্যান্টনী কবিয়াল।

৭৮২। **কলকাতায় প্রথম কোন সার্কাস আসে ?**

● উইলসনস্ গ্রেট ওয়ার্লড সার্কাস। উনিশ শতকের শেষে এটি আসে।

৭৮৩। **কলকাতার প্রথম দেশীয় সার্কাসের নাম কি ?**

● গ্রেট বেঙ্গল সার্কাস।

৭৮৪। **ঐ সার্কাস কবে প্রতিষ্ঠিত হয় ?**

● প্রতিষ্ঠা হয় ১৮৮৭ সালে।

৭৮৫। **ঐ সার্কাস কে চালু করেন ?**

● প্রিয়নাথ বসু।

৭৮৬। কলকাতার কোন মহিলা প্রথম রয়্যাল বেঙ্গল টাইগারের খেলা দেখান ?

● প্রিয়নাথ বসুর ছাত্রী সুশীলাসুন্দরী ২টি বাঘ নিয়ে ১৯০১ সালে খেলা দেখান।

৭৮৭। কোন ব্যায়ামবিদ প্রথম কবে বাঘের খেলা দেখান ?

● প্রিয়নাথ বসুর ছাত্র ব্যায়ামবীর শ্যামাকান্ত ১৮৯৬ সালে।

৭৮৮। কলকাতায় সে যুগে আর কি জনপ্রিয় ছিল ?

● কলকাতায় দেশীয় আর বিদেশীয়দের কাছেও জনপ্রিয় ছিল ভারতীয় যাদু বা ম্যাজিক।

৭৮৯। ঐ ম্যাজিক কারা দেখাতো ?

● প্রধানতঃ বেদেরা। তারা রাস্তায় খেলা দেখাতো।

৭৯০। কোন যাদুর খেলা সবচেয়ে জনপ্রিয় ছিল ?

● ইণ্ডিয়ান রোপট্রিক বা দড়ির খেলা।

৭৯১। সেকালের কলকাতার বিখ্যাত যাদুকর কে ?

● যাদুকর হাসান খাঁ।

৭৯২। কলকাতায় প্রথম কবে রেস খেলার বা ঘোড়দৌড়ের ব্যবস্থা হয় ?

● ওয়্যারেন হেস্টিংসের সময়।

□ খেলাধূলায় কলকাতা □

৭৯৩। কলকাতায় সে কালে কোন ধরণের খেলায় ধনীরা যোগ দিতেন ?

● সেকালে ঘুড়ি ওড়ানো কলকাতায় খুব জনপ্রিয় ছিল, বিশেষ করে ধনীদের মধ্যে।

৭৯৪। কি ভাবে ঘুড়ি ওড়নো হতো ?

● নানা ধরনের রঙীন ঘুড়িতে ১০ বা ১০০ টাকার নোট লাগিয়ে উড়িয়ে বাজি ধরা হতো।

৭৯৫। আর কি ধরনের খেলার চল ছিলো ?

● তাস, দাবা আর পাশা খেলার চল ছিল। এ ছাড়া নৌকা বাইচ, কুস্তি ও সাঁতার জনপ্রিয় ছিল।

৭৯৬। কলকাতায় প্রথম কবে ক্রিকেট খেলা শুরু হয় ?

● কলকাতায় ক্রিকেট খেলা শুরু করে ইংরেজরা। প্রথম সত্যিকার ক্রিকেট ম্যাচ শুরু হয় ১৮০৪ সালে।

৭৯৭। ঐ খেলায় কারা অংশ গ্রহণ করেন ?

● সরকারী আমলাদের দল বনাম ব্রিটিশ দলের মধ্যে প্রথম ক্রিকেট খেলা হয়।

৭৯৮। এরপর নিয়মিত ক্রিকেট কবে থেকে খেলা হয় ?

● নিয়মিত খেলা আরম্ভ হয় ১৮৮০ সাল থেকে।

৭৯৯। ক্রিকেট ও ফুটবলের মধ্যে কলকাতায় প্রথম কোন খেলা শুরু হয় ?

● প্রথম আরম্ভ হয় ক্রিকেট খেলা।

৮০০। কলকাতায় মোটামুটি কবে ফুটবল খেলার প্রচলন হয় ?

● ১৮৮০ সালের কাছাকাছি থেকে।

৮০১।কা লকাতায় প্রথম ফুটবল খেলা কোথায় হয় ?

● ময়দানে প্রথম ফুটবল খেলা হয়।

৮০২। কলকাতার ফুটবল লীগ কবে আরম্ভ হয় ?

● ফুটবল লীগ শুরু হয় ১৮৯৮ সালে।

৮০৩। **কলকাতার কোন দেশীয় ব্যক্তি ফুটবল খেলা সুরু করেন?**

- নগেন্দ্রপ্রসাদ সর্বাধিকারী।

৮০৪। **ক্যালকাটা ফুটবল ক্লাব কবে স্থাপিত হয়?**

- ১৮৭২ সালে।

৮০৫। **সেকালের অন্য বিখ্যাত কলকাতার ক্লাব কোনটি?**

- ডালহৌসী ক্লাব।

৮০৬। **প্রথম ভারতীয় কোন ক্লাব কলকাতায় স্থাপিত হয়?**

- প্রথম ভারতীয় ক্লাব হল শোভাবাজার ক্লাব।

৮০৭। **ঐ ক্লাব কে স্থাপন করেন?**

- স্থাপন করেন নগেন্দ্রপ্রসাদ সর্বাধিকারী।

৮০৮। **ইণ্ডিয়ান ফুটবল অ্যাসোসিয়েশন বা আই. এফ. এ. কবে প্রতিষ্ঠা হয়?**

- আই. এফ. এ. প্রতিষ্ঠিত হয় ১৮৯৩ সালে।

৮০৯। **প্রথম কোন ফুটবল প্রতিযোগিতা কলকাতায় হয়?**

- ট্রেডস কাপ প্রতিযোগিতা। ১৮৮৯ সালে।

৮১০। **কোন দল প্রথম বছর কাপ জয় করে?**

- ডালহৌসী ক্লাব।

৮১১। **কলকাতার আই. এফ. এ. শীল্ড কবে আরম্ভ হয়?**

- ১৮৯ সালে।

৮১২। **কলকাতায় সেকালে কারা বাঙালীদের ফুটবল খেলার পৃষ্ঠপোষক ছিলেন?**

- ভূকৈলাশ রাজবংশের কেউ কেউ আর কুচবিহারের মহারাজা।

৮১৩। **ট্রেডস কাপে কলকাতার কোন দল প্রথম খেলে?**

- শোভাবাজার ক্লাব।

৮১৪। **আই. এফ. এ. শীল্ডে কোন ভারতীয় দল প্রথম বছরেই খেলেছিল?**

- শোভাবাজার ক্লাব।

৮১৫। **প্রথম বছর কোন দল আই. এফ. এ. শীল্ড জয় করে?**

- রয়্যাল আইরিশ ফুটবল দল।

৮১৬। কলকাতার ফুটবল লাগ কবে শুরু হয় ?

● লীগ শুরু হয় ১৮৯৮ সালে।

৮১৭। কলকাতার প্রথম লীগ চ্যাম্পিয়ন হয় কোন দল ?

● রয়্যাল আইরিশ ফুটবল দল। দলটি সামরিক দল। দ্বিতীয় বছরে চ্যাম্পিয়ান হয় ক্যালকাটা ক্লাব।

৮১৮। স্থানীয় কোন দল কবে প্রথম লীগে খেলার সুযোগ পায় ?

● প্রথম সুযোগ পায় মোহনবাগান ও এরিয়ান্স ক্লাব ১৯১৪ সালে দ্বিতীয় ডিভিসনে।

৮১৯। কলকাতায় সেকালে বিখ্যাত ক্লাবগুলির জন্ম কবে হয় ?

● ১৮৮৯ সালে জন্ম হয় মোহনবাগান ও এরিয়ান্স ক্লাবের।

৮২০। এরিয়ান্স ক্লাব কোন খ্যাতনামা ব্যক্তির তৈরি ?

● এরিয়ান্স ক্লাব গড়েছিলেন দুখীরাম মজুমদার।

৮২১। কলকাতার প্রথম কোন স্থানীয় দল আই. এফ এ. শীল্ড জয় করে ?

● মোহনবাগান ক্লাব ১৯১১ সালে প্রথম আই. এফ. এ. শীল্ড জয় করে।

৮২২। মোহনবাগান দল কোন দলকে কত গোলে পরাজিত করেছিল ?

● তারা পরাজিত করে ইষ্ট ইয়র্ক দলকে ২-১ গোলে।

৮২৩। মোহনবাগান দলে কোন কোন বিখ্যাত খেলোয়াড় ছিলেন ?

● শিবদাস ও বিজয়দাস ভাদুড়ী।

৮২৪। ইষ্টবেঙ্গল ও মহমেডান দল কবে প্রতিষ্ঠা হয় ?

● মহমেডান স্পোর্টিং দল ১৮৯১ সালে ও ইষ্টবেঙ্গল দল ১৯২০ সালে।

৮২৫। প্রথম শীল্ডবিজয়ী মোহনবাগানের অধিনায়ক কে ছিলেন ?

● বিখ্যাত শিবদাস ভাদুড়ী।

৮২৬। কলকাতার কোন দল প্রথম ফুটবল লীগ জয় করে ?

● মহমেডান স্পোর্টিং দল ১৯৩৪ সালে।

৮২৭। মোহনবাগান ও ইষ্টবেঙ্গল কবে প্রথম লীগ জয় করে ?

● মোহনবাগান ১৯৩৯ ও ইষ্টবেঙ্গল ১৯৪২ সালে।

৮২৮। কলকাতার কোন দল প্রথম ডুরাণ্ড কাপ জয় করে ?

● মহমেডান স্পোর্টিং দল ১৯৪০ সালে।

৮২৯। কলকাতার কোন খেলোয়াড়কে 'চাইনিজ ওয়াল' আখ্যা দেয়া হয় ?

● মোহনবাগান দলের ব্যাক গোষ্ঠ পালকে।

৮৩০। কলকাতার কোন দল প্রথম রোভার্স কাপে খেলে ?

● মোহনবাগান দল ১৯২৩ সালে।

৮৩১। কোন বিদেশী ফুটবল দল প্রথম কলকাতায় আসে ?

● ইসলিংটন কোরিন্থিয়ানস নামে একটি ইংল্যাণ্ডের ফুটবল দল।

৮৩২। কলকাতায় কোন ক্রিকেট ক্লাব প্রথম প্রতিষ্ঠা করা হয় ?

● ক্যালকাটা ক্রিকেট ক্লাব ১৭৯২ সালে। এম· সি· সি.র পরে এটিই বিশ্বের দ্বিতীয় সবচেয়ে প্রাচীন ক্রিকেট ক্লাব।

৮৩৩। কলকাতায় সর্বপ্রথম কোন বিদেশী ক্রিকেট দল স্টেট খেলায় অংশ গ্রহণ করে ?

● ইংল্যাণ্ড ক্রিকেট দল। ১৯৩৪ সালে।

৮৩৪। কলকাতায় কবে প্রথম সরকারী স্টেট ম্যাচ খেলা হয় ?

● ভারত ও ইংল্যাণ্ডের মধ্যে ১৯৩৪ সালে ২য় টেষ্ট ম্যাচ খেলা হয়। খেলার তারিখ জানুয়ারী ৫, ৬, ৭, ও ৮, ১৯৩৪। এটাই প্রথম সরকারী টেস্ট।

৮৩৫। ওই খেলায় ইংল্যাণ্ড দলের ও ভারতের অধিনায়ক কে কে ছিলেন ?

● ক্যাপ্টেন ছিলেন ইংল্যাণ্ডের ডগলাস জার্ডিন ও ভারতের সি· কে· নাইডু।

৮৩৬। ঐ খেলার ফল কি হয় ?

● খেলাটি ড্র হয়।

৮৩৭। বেসরকারী অস্ট্রেলিয়া দল কবে প্রথম কলকাতায় আসে ?

● ১৯৩৫-৩৬ সালে।

৮৩৮। ওই দলের অধিনায়ক কে ছিলেন ?

● জে· এস. (জ্যাক) রাইডার।

৮৩৯। ওয়েষ্ট ইণ্ডিজ দল প্রথম কবে কলকাতায় টেষ্ট ম্যাচ খেলে ?

● ১৯৪৮ সালের ৩১শে ডিসেম্বর ও ১৯৪৯ সালের ১লা, ২রা, ৩রা ও ৪ঠা জানুয়ারী। তৃতীয় টেস্ট ম্যাচ।

৮৪০। উভয় দলের অধিনায়ক কারা ছিলেন ?

● ওয়েষ্ট ইণ্ডিজের জন গডার্ড ও ভারতের লালা অমরনাথ।

৮৪১। ঐ খেলার ফল কি হয় ?

● খেলাটি অমীমাংসিত ভাবে শেষ হয়।

৮৪২। পাকিস্তান দল কবে প্রথম কলকাতায় টেস্ট খেলে ?

● ১৯৫২ সালের ১২, ১৩, ১৪, ১৫ জানুয়ারী ৫ম টেষ্ট ম্যাচ।

৮৪৩। দুদলের অধিনায়ক কারা ছিলেন ?

● ভারতের লালা অমরনাথ ও পাকিস্তানের আবদুল হাফিজ কারদার।

৮৪৪। খেলার ফল কি হয় ?

● খেলাটি অমীমাংসিত ভাবে শেষ হয়।

৮৪৫। নিউজিল্যাণ্ড দল কবে কলকাতায় প্রথম টেস্ট খেলে ?

● ৪র্থ টেষ্ট, ১৯৫৫ সালের ২৮, ২৯, ৩১শে ডিসেম্বর ও ১৯৫৬ সালের ১লা ও ২রা জানুয়ারী।

৮৪৬। খেলার ফলাফল কি হয় ?

● খেলাটি অমীমাংসিতভাবে শেষ হয়।

৮৪৭। দুদলের অধিনায়ক কারা ছিলেন ?

● ভারতের পলি উমরিগড় ও নিউজিল্যাণ্ডের হ্যারী কেভ।

৮৪৮। অস্ট্রেলিয়া দল প্রথম কবে কলকাতায় সরকারী টেস্ট খেলে ?

● ১৯৫৬ সালের ২, ৩, ৫, ৬ নভেম্বর, তৃতীয় টেষ্ট।

৮৪৯। খেলার ফল কি হয় ?

● ভারত ৯৪রানে পরাজিত হয়।

৮৫০। কারা দুটি দলের অধিনায়কত্ব করেন ?

● ভারতের পলি উমরিগড় ও অষ্ট্রেলিয়ার আয়ান জনসন।

৮৫১। কলকাতায় কোথায় টেস্ট ক্রিকেট খেলা হয় ? সরকারী টেস্টে ভারত এখানে কবে জয়ী হয় ?

● ইডেন গার্ডেনসে। ভারত ১৯৬১-৬২ সালে তৃতীয় টেষ্টে ইংল্যাণ্ডের

বিরুদ্ধে ১৮৭ রানে জয়ী হয়। দু দলের অধিনায়ক ছিলেন ভারতের নরী কণ্ট্রাক্টর ও ইংল্যাণ্ডের টেড ডেক্সার।

৮৫২। **ইডেন গার্ডেনে কোন ক্রিকেট ক্লাব আছে ?**

● এন. সি. সি. বা ন্যাশানাল ক্রিকেট ক্লাব।

৮৫৩। **ইডেনে কোন কোন দেশী বিদেশী বিখ্যাত খেলোয়াড়রা খেলেছেন ?**

● জ্যাক রাইডার, ক্রিকেটে যার নাম গভর্ণর জেনারেল সেই ম্যাকার্টনে, লিগ্নসে হ্যাসেট, রিচি বেনো, রে লিণ্ডওয়াল, অ্যালান ডেভিডসন ইত্যাদি, সকলেই অষ্ট্রেলিয়ার। ডগলাস জার্ডিন, ওয়ালি হ্যামণ্ড, ভেরিটি, ডেনিশ কম্পটন, টম গ্রেভনী, টেড ডেক্সটার ইত্যাদি ইংল্যাণ্ডের। এভার্টন উইকস, জো ওয়ালকট, ফ্র্যাঙ্ক ওরেল, ওয়েসলি হল, রয় গিলক্রিষ্ট, সোবার্স রোহন কানহাই, ক্লাইভ লয়েড, ভিভ রিচার্ডস ইত্যাদি ওয়েষ্ট ইণ্ডিজের।

পাকিস্তান ও নিউজিল্যাণ্ডের খেলেন আসিফ ইকবাল, ফজল মামুদ, হানিফ মহম্মদ, জাহির আব্বাস, জন গায়, হার্বার্ট সার্টক্লিক ইত্যাদি।

ভারতের সি. কে. নাইডু, মহম্মদ নিসার, বিজয় মার্চেন্ট, লালা অমরনাথ, ভিনু মানকাদ, মোদী, মুস্তাক আলী, পাতৌদি, মঞ্জরেকার, সুভাষ গুপ্তে, উমরিগড়, পঙ্কজ রায়, সুনীল গাভাসকার ইত্যাদিরা।

৮৫৪। **কলকাতার কোন খেলোয়াড় সর্ব প্রথম কোন বিদেশীদলের বিরুদ্ধে শতরান করেন ?**

● পঙ্কজ রায়। তিনি ১৯৪৯ সালে ওয়েষ্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে গভর্ণর দলের হয় ১০১ রান করেন।

৮৫৫। **কলকাতার কোন খেলোয়াড় প্রথম টেস্টে স্থান পেয়েছিলেন ?**

● প্রবীর সেন উইকেট রক্ষক হিসেবে ১৯৪৭-৪৮ সালে অষ্ট্রেলিয়া সফরে যান।

৮৫৬। **কলকাতায় ক্রিকেট খেলার ব্যবস্থা কারা করেন ?**

● সি. এ. বি. বা ক্রিকেট ক্লাব অব বেঙ্গল।

৮৫৭। কোন বিদেশী খেলোয়াড় এখনও পর্যন্ত ইডেনে টেস্টে দুদেশের মধ্যে সর্বোচ্চ রান করেছেন।

● রোহন কানহাই, ২৫৬ রান ১৯৫৮-৫৯ সালে ওয়েষ্ট ইণ্ডিজের পক্ষে।

৮৫৮। কোন ভারতীয় খেলোয়াড়ের কলকাতায় এখনও পর্যন্ত সর্বোচ্চ রান কত?

● সুনীল গাভাসকার ১৯৭৮-৭৯ সালে ওয়েষ্ট ইণ্ডিজের বিপক্ষে তৃতীয় টেস্টে ১৮১ (নট আউট) রান করেন। এটাই সর্বোচ্চ।

৮৫৯। কলকাতায় বাঙালীদের মধ্যে ক্রিকেট খেলা শুরু হয় কার উদ্যোগে?

● অধ্যাপক সারদারঞ্জন রায়ের উদ্যোগে।

৮৬০। সে যুগের বাঙালী বিখ্যাত খেলোয়াড় কারা?

● কার্তিক বসু ও গনেশ বসু।

৮৬১। কলকাতায় হকি খেলা কবে শুরু হয়?

● ১৮৯০ সাল নাগাদ।

৮৬২। প্রথম কবে কলকাতায় হকি ক্লাব গড়ে ওঠে?

● ১৮৮৫ সালে।

৮৬৩। বেটন কাপ প্রতিযোগিতা কবে শুরু হয়?

● ১৮৯৫ সালে।

৮৬৪। কলকাতায় সেকালে প্রধানতঃ কারা হকিতে আগ্রহী ছিলেন?

● অ্যাংলো ইণ্ডিয়ানরা।

৮৬৫। কলকাতায় পোলো খেলার কবে জন্ম হয়?

● উনিশ শতকে। ১৮৬০ সালে দি ক্যালকাটা পোলো ক্লাবের জন্ম হয়।

৮৬৬। কলকাতার কোন পুরুষ ও মহিলা সাঁতারু সর্ব প্রথম ইংলিশ চ্যানেল অতিক্রম করেন?

● মিহির সেন ও আরতি সাহা।

৮৬৭। কলকাতার কোন মহিলা সর্বপ্রথম অলিম্পিকে যোগ দেন?

● রাইফেল সুটিংয়ে নীলিমা ঘোষ।

□ রাজনীতিতে ও দেশ সেবায় কলকাতা □

৮৬৮। রামকৃষ্ণ মিশন কে প্রতিষ্ঠা করেন ?

- স্বামী বিবেকানন্দ।

৮৬৯। কোন সালে এটি প্রতিষ্ঠা করা হয় ?

- ১৮৯৯ সালের ২রা জানুয়ারী।

৮৭০। কোন কোন বিদেশিনী বিবেকানন্দকে সাহায্য করেন ?

- মিস হেনরিয়েটা মূলার ও মিসেস ওলি বুল ৩৯০০০ হাজার টাকা সাহায্য করেন।

৮৭১। কোন বিদেশিনী কলকাতায় স্বামী বিবেকানন্দর শিষ্যত্ব গ্রহণ করেন ?

- আয়ারল্যাণ্ডের মিস মার্গারেট ই· নোবল।

৮৭২। তাঁর কি নাম হয় ?

- সিস্টার নিবেদিতা।

৮৭৩। কলকাতার কোন বিখ্যাত মানুষ সতীদাহ প্রথা বন্ধ করেন ?

- রাজা রামমোহন রায় ১৮২৮ খ্রীস্টাব্দে এই ঘৃণ্য বর্বর প্রথা লর্ড উইলিয়ম বেন্টিঙ্কের সহায়তায় বন্ধ করেন।

৮৭৪। কলকাতার কোন প্রাতঃস্মরণীয় মানুষ প্রথম বিধবা বিবাহ চালু করেন ?

- পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

৮৭৫। স্ত্রীশিক্ষা প্রবর্তনে কার দান স্মরণীয় ?

- ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের।

৮৭৬। 'বঙ্গভাষার প্রতি' কবিতাটি কলকাতার কোন কবির রচনা ?

- মাইকেল মধুসূদন দত্তের রচনা।

৮৭৭। ১৮৫৭ সালের সিপাহী বিদ্রোহের পর কে রচনা করেন : 'স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায় হে' ?

- কবি রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়।

৮৭৮। 'বন্দেমাতরম্' মন্ত্র কার রচনা ?

- ঋষি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় এটি রচনা করেন।

৮৭৯। কলকাতায় 'হিন্দুমেলার' কে প্রবর্তন করেন ?

● দ্বিজেন্দ্রনাথ ঠাকুরের সহযোগিতায় নবগোপাল মিত্র।

৮৮০। জাতীয় ভাবধারার প্রবর্তন করে নির্ভীকভাবে কলকাতার কোন সংবাদপত্র ?

● হিন্দু পেট্রিয়ট পত্রিকা।

৮৮১। ঐ কাগজের সম্পাদক কে ছিলেন ?

● হরিশচন্দ্র মুখার্জী।

৮৮২। নীলকরদের অত্যাচারের বিরুদ্ধে কলকাতায় কে সরকারকে সচেতন করেন ?

● হরিশচন্দ্র মুখার্জী।

৮৮৩। জাতীয়তাবাদীদের মুখপত্র ছিল কলকাতার কোন পত্রিকা ?

● সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের 'বেঙ্গলী' পত্রিকা।

৮৮৪। সরকার সমর্থক ও ভারত বিরোধী ছিল কোন সংবাদপত্র ?

● ইংলিশম্যান।

৮৮৫। কলকাতার অমৃতবাজার পত্রিকা কবে প্রকাশিত হয় ?

● ১৮৯১ খৃষ্টাব্দে দৈনিক হিসাবে প্রকাশিত হয়।

৮৮৬। দেশীয় সংবাদ দমন আইন 'ভার্নাকুলার প্রেস অ্যাক্ট' কবে চালু হয় ?

● ১৮৬৭ খৃষ্টাব্দে।

৮৮৭। ঐ আইন কেন চালু করা হয় ?

● সংবাদপত্রগুলো সরকারের সমালোচনা করায় তাদের কণ্ঠরোধ করার জন্যই এটা করা হয়।

৮৮৮। কে ওই আইন প্রবর্তন করেন ?

● বড়লাট লর্ড লিটন।

৮৮৯। ওই দমনমূলক আইন কবে প্রত্যাহার করা হয় ? কে করেন ?

● ১৮৮২ সালে। প্রত্যাহার করেন বড়লাট লর্ড রিপন।

৮৯০। ভারতের ধর্ম ও সংস্কৃতি সম্পর্কে কলকাতার কোন মানুষ দেশবাসীকে সর্ব প্রথম উদ্বুদ্ধ করেন ?

● স্বামী বিবেকানন্দ।

৮৯১। ভারতীয় জাতীয় কংগ্রেসের ১৮৮৫র প্রথম অধিবেশনে কলকাতার কোন বিখ্যাত ব্যক্তি সভাপতিত্ব করেন ?

● উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়।

৮৯২। ইণ্ডিয়ান অ্যাসোসিয়েশন কলকাতায় কে স্থাপন করেন ?

● ১৮৭৬ সালে সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়।

৮৯৩। বঙ্গভঙ্গ কবে হয় ?

● ১৯০৫ খৃষ্টাব্দের ১৬ই অক্টোবর।

৮৯৪। বঙ্গভঙ্গের পরিকল্পনা কার ?

● বড়লাট লর্ড কার্জনের।

৮৯৫। বঙ্গভঙ্গ আন্দোলনে কলকাতায় কি দৃশ্য দেখা যায় ?

● জাতীয়তাবাদের বন্যায় মানুষ উদ্বেলিত হয়ে ওঠে। ঘরে ঘরে অরন্ধন চলে আর পথে রাখী বন্ধন অনুষ্ঠান হয়।

৮৯৬। বঙ্গভঙ্গ আন্দোলনে কাদের কলকাতার পথে দেখা যায় ?

● সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বিপিনচন্দ্র পাল প্রমুখকে। কবিগুরু রবীন্দ্রনাথও পথে নেমে এসেছিলেন।

৮৯৭। বঙ্গভঙ্গ আন্দোলন উপলক্ষে কবিগুরু রবীন্দ্রনাথ কোন গান রচনা করেন ?

● "বাংলার মাটি বাংলার জল"।

৮৯৮। বঙ্গভঙ্গ আন্দোলন কবে রদ হয় ?

● ১৯১১ সালে।

৮৯৯। কার বাণী আর রচনা কলকাতায় তথা বাঙলার বিপ্লবীদের অনুপ্রাণিত করে ?

● স্বামী বিবেকানন্দ আর বঙ্কিমচন্দ্রের রচনা ও বাণী।

৯০০। 'আলিপুর বোমার মামলা' কি ?

● মানিকতলার একটি বাগানবাড়ীতে পুলিশ বিপ্লবীদের কোন বোমা তৈরীর কারখানা আবিষ্কার করে। এই জন্য তারা শ্রীঅরবিন্দ, বারীন ঘোষ ইত্যাদিকে গ্রেপ্তার করে। তাদের বিচার হয় আলিপুর আদালতে। এই জন্যই এই মামলা আলিপুর বোমার মামলা নামে বিখ্যাত।

৯০১। কোন সালে এই মামলা হয় ?

● ১৯০৮ সালে।

৯০২। **কলকাতার কোন বিখ্যাত ব্যারিষ্টার এই মামলায় আসামীপক্ষ সমর্থন করেন ?**

● চিত্তরঞ্জন দাশ। তাঁরই চেষ্টায় শ্রীঅরবিন্দ প্রমানাভাবে মুক্তিলাভ করেন।

৯০৩। **দেশবাসী চিত্তরঞ্জন দাসকে কি উপাধি দেয় ?**

● দেশবন্ধু।

৯০৪। **অনুশীলন সমিতি কবে প্রতিষ্ঠা হয় ?**

● ১৯০২ সালে। প্রধান সংগঠক ব্যারিষ্টার পি. মিত্র।

৯০৫। **কলকাতায় কোন বিপ্লবী বুড়ি বালামের তীরে ইংরাজদের সঙ্গে লড়াইতে প্রাণ দেন ?**

● যতীন্দ্রনাথ মুখোপাধ্যায় বা বাঘা যতীন ১৯১৫ সালে লড়াইতে মারা যান।

৯০৬। **কলকাতার পুলিশ কমিশনার তখন কে ছিলেন ?**

● কুখ্যাত চার্লস্ উগার্ট।

৯০৭। **কলকাতার কোন বিপ্লবী প্রথম ছদ্মবেশে জাপানে চলে গিয়েছিলেন ?**

● বিপ্লবী রাসবিহারী বসু।

৯০৮। **কলকাতার কোন কবি জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ডের প্রতিবাদে নাইট উপাধি বর্জন করেন ?**

● কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর ১৯১৯ সালে।

৯০৯। **'রাইটার্স বিল্ডিংসের অলিন্দ যুদ্ধ' কি ?**

● বিনয় বসু, বাদল গুপ্ত ও দীনেশ গুপ্ত ১৯৩০ সালের ডিসেম্বরে গোপনে রাইটার্স বিল্ডিংয়ে প্রবেশ করে জেল বিভাগের কর্তা সিম্পসনকে গুলী করে হত্যা করেন। এই সময় পুলিশের সঙ্গে তাদের গুলির লড়াই হয়। এরই নাম 'রাইটার্সের অলিন্দযুদ্ধ'।

৯১০। **যুদ্ধের ফল কি হয় ?**

● পুলিশের গুলিতে বিনয় ও বাদল নিহত হয়। দীনেশ আহত হয় ও পরে বিচারে তার প্রাণদণ্ড হয়।

৯১১। কলকাতার কোন মহিলা বিপ্লবী গভর্ণরকে গুলি করেছিলেন ?

● বিপ্লবী ছাত্রী বীণা দাস ১৯৩২ সালে বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন উৎসবে গভর্ণরকে গুলি করেন। গভর্ণর ছিলেন অ্যাণ্ডারসন।

৯১২। বিচারে তার কি হয় ?

● তার দীর্ঘ কারাদণ্ড হয়।

৯১৩। দেশবন্ধু চিত্তরঞ্জন কোন রাজনৈতিক দল গঠন করেন ?

● তিনি গঠন করেন স্বরাজ্য পার্টি।

৯১৪। কলকাতার কোন দেশব্রতী তার সর্বস্ব দেশের জন্য উৎসর্গ করেন ?

● দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ। তিনি পুরসভার প্রথম মেয়র হন।

৯১৫। দেশবন্ধু চিত্তরঞ্জন কবে তিরোধান করেন ?

● ১৯২৫ সালের ১৬ই জুন।

৯১৬। কলকাতার কোন দেশহিতব্রতী 'দেশপ্রিয়' উপাধি পান ?

● যতীন্দ্রমোহন সেনগুপ্ত।

৯১৭। কলকাতায় কোন দেশপ্রেমিক ৬৩ দিন অনশনে প্রাণত্যাগ করেন ?

● শহীদ যতীন্দ্রনাথ দাশ।

৯১৮। দেশবন্ধুর মন্ত্রশিষ্য কে ছিলেন ?

● তিনি ছিলেন সুভাষচন্দ্র বসু। তিনিই একমাত্র ব্যক্তি যিনি পুরসভার মেয়র ও চিফ এক্সিকিউটিভ অফিসার হন।

৯১৯। সুভাষচন্দ্র বসু প্রথম কবে কংগ্রেস সভাপতি হন ?

● ১৯৩৮ সালে হরিপুরা কংগ্রেসে।

৯২০। সুভাষচন্দ্র কবে গোপনে কলকাতা ত্যাগ করেন ?

● এলগিন রোডের বাড়িতে অন্তরীন থাকার সময় ১৯৪০ সালের ১৭ই জানুয়ারী কাবুলীওয়ালার ছদ্মবেশে কলকাতা ত্যাগ করে তিনি কাবুল হয়ে ৩১শে মার্চ মস্কো পৌঁছান।

৯২১। তার নেতাজী নামকরণ হয় কখন ?

● জাপানে পৌঁছনর পর আজাদ হিন্দ বাহিনীর সর্বাধিনায়কের দায়িত্ব রাসবিহারী বসুর হাত থেকে নেওয়ার পর।

৯২২। নেতাজী কবে ভারতের মাটিতে আবার পদার্পণ করেন ?

● ১৯৪৫ সালে ইম্ফলে আজাদ হিন্দ বাহিনীর নেতৃত্ব নিয়ে তিনি আবার ভারতে প্রবেশ করেন

৯২৩। সুভাসচন্দ্র কোন রাজনৈতিক দল গঠন করেন ?

● ফরওয়ার্ড ব্লক।

৯২৪। মানবেন্দ্রনাথ রায় কে ছিলেন ?

● মানবেন্দ্রনাথ রায় বা এম. এন. রায় ছিলেন ভারতে কমিউনিষ্ট আন্দোলনের অন্যতম পথিকৃৎ। তিনি আন্তর্জাতিক কমিউনিষ্ট প্রতিষ্ঠান 'কমিনটার্ণের' একনিষ্ঠ কর্মী আর লেনিনের সহযোগী ছিলেন।

৯২৫। বিদেশে তিনি কি সম্মান পান ?

● তিনি ছিলেন আমেরিকার মেক্সিকোর কমিউনিষ্ট পার্টির প্রতিষ্ঠাতা সভাপতি। এ এক দুর্লভ সম্মান।

৯২৬। কলকাতার কোন বিপ্লবী বিপ্লবের পথ ত্যাগ করে আধ্যাত্মিকতায় মনোনিবেশ করেন ?

● শ্রীঅরবিন্দ ঘোষ।

৯২৭। তিনি রাজনীতি ত্যাগ করে কোথায় চলে যান ?

● তিনি পণ্ডিচেরীতে আশ্রয় নিয়েছিলেন। তার নাম হয় ঋষি অরবিন্দ।

৯২৮। কোন বিপ্লবীর কলকাতায় প্রথম ফাঁসি হয় ?

● বিপ্লবী কানাইলাল মুখার্জীর প্রথম ফাঁসি হয়।

৯২৯। কানাইলালের এবং সত্যেন বসুর কেন আর কবে ফাঁসি হয় ?

● রাজসাক্ষী নরেন গোঁসাইকে জেলের মধ্যে হত্যার অপরাধে কানাইলাল মুখার্জী ও সত্যেন বসুর যথাক্রমে ১০ই ও ২১শে নভেম্বর, ১৯০৮ ফাঁসি হয়।

৯৩০। তাদের ফাঁসি কোথায় হয় ?

● আলিপুর সেণ্ট্রাল জেলে।

৯৩১। সুভাষচন্দ্রের সঙ্গে কোন অধ্যাপকের কেন বিরোধ ঘটে ?

● প্রেসিডেন্সী কলেজের অধ্যাপক ই. এফ. ওটেন বাঙালীর সম্পর্কে

বর্বর উক্তি করায় সুভাষচন্দ্র তার যোগ্য শাস্তি দিয়েছিলেন। এটি ঘটে ১৯১৬ সালে।

৯৩২। **সুভাষচন্দ্র বসু কবে হলওয়েল মনুমেণ্ট বা অন্ধকূপ হত্যার মিথ্যা নিদর্শন অপসারণের ডাক দেন ?**

● ১৯৪০ সালের ৩রা জুলাই।

৯৩৩। **সুভাষচন্দ্র আন্দোলনে নেতৃত্ব দিতে পেরেছিলেন কি ?**

● না, তাকে ঠিক আগের দিন ২রা জুলাই গ্রেপ্তার করা হয়।

৯৩৪। **১৯৩০ সালে কলকাতায় জাতীয় কংগ্রেসের অধিবেশনে কি প্রস্তাব গ্রহণ করা হয় ?**

● ব্রিটিশ সরকার ভারতকে ডোমিনিয়ন স্ট্যাটাস না দিলে পূর্ণ স্বরাজ দাবী করা হবে।

৯৩৫। **ওই অধিবেশনে কে সভাপতি ছিলেন ?**

● সভাপতি ছিলেন পট্টভী সীতারামাইয়া।

৯৩৬। **সুভাষচন্দ্র কতবার কংগ্রেস সভাপতি হন ?**

● দুবার। হরিপুরা ও ত্রিপুরী কংগ্রেসে।

৯৩৭। **কলকাতার কোন মুসলিম নেতা খুবই জনপ্রিয় হন ?**

● এ. কে. ফজলুল হক। ১৯৩৭ সালে তিনি অবিভক্ত বাঙলায় মন্ত্রীসভা গঠন করেন। তিনি প্রতিষ্ঠা করেন কৃষক প্রজা মজদুর পার্টি।

৯৩৮। **স্বাধীনতা আন্দোলনে বিরাট অবদান ছিলো কোন কলকাতাবাসীর ?**

● সুভাষচন্দ্র বসুর অগ্রজ শরৎচন্দ্র বসুর।

৯৩৯। **চিকিৎসক হিসেবে আন্তর্জাতিক খ্যাতি অর্জন ও রাজনীতিতে সুনাম অর্জন কে করেন ?**

● ডাঃ বিধানচন্দ্র রায়।

৯৪০। **স্বাধীনতার পর কে প্রথম কলকাতায় পশ্চিমবঙ্গের মন্ত্রীসভা গঠন করেন ?**

● ডাঃ প্রফুল্লচন্দ্র ঘোষ।

৯৪১। **ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষের পর কে মুখ্যমন্ত্রী হন।**

● ডঃ বিধানচন্দ্র রায়।

□ আজকের কলকাতা □

৯৪২। কলকাতা শহরের উন্নয়ন ও রক্ষনাবেক্ষণের দায়িত্ব কার ?

● কলকাতা পুরসভার।

৯৪৩। কলকাতা পুরসভার সদর দপ্তর কোথায় ?

● সদর দপ্তর ৫নং সুরেন্দ্রনাথ ব্যানার্জী রোডে।

৯৪৪। কলকাতার পুর এলাকার সীমানা কি ?

● তিনটি মিউনিসিপ্যালিটি বাদে উত্তরে কাশীপুর রোড, পশ্চিমে ভাগীরথী নদী, দক্ষিণে টালীর নালা, পূর্বে ইষ্টার্ণ বাইপাশ।

৯৪৫। কলকাতা পুরসভার নতুন পুর আইন কবে চালু হয় ?

● ১৯৮৪ সালের ৪ঠা জানুয়ারী।

৯৪৬। নতুন আইনে পুরসভার পরিচালক কে ?

মেয়র ইন কাউন্সিল এবং মেয়র। বর্তমানে অ্যাডমিনিষ্ট্রেটর।

৯৪৭। কলকাতা পুরসভার কাজ কি ?

● কলকাতা শহরে জল সরবরাহ করা, রাস্তাঘাট তৈরি ও রক্ষণাবেক্ষণ করা, নাগরিকদের জন্ম মৃত্যুর হিসাব রাখা, প্রাথমিক শিক্ষাদানের ব্যবস্থা করা, বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষন ইত্যাদি।

৯৪৮। কলকাতার পুর এলাকা আর বৃহত্তর কলকাতার উন্নতির জন্য কোন প্রতিষ্ঠান স্থাপিত হয় ?

● সি· এম· ডি· এ· বা ক্যালকাটা মেট্রোপলিটান ডেভেলপমেণ্ট অথরিটি। প্রতিষ্ঠা ৭ই সেপ্টম্বর ১৯৭০।

৯৪৯। বৃহত্তর কলকাতার কোন কোন উন্নয়ন কাজে সি· এম· ডি· এ· অংশ নিয়েছে ?

● হাওড়ার সাবওয়ে, উড়ালপুল, শিয়ালদহের উড়ালপুল, টালীগঞ্জ ব্রিজ, কালীঘাট ব্রিজ ইত্যাদি তৈরি। এ ছাড়াও জলনিকাশী বা ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন, জল সরবরাহ ব্যবস্থা, রাস্তা তৈরী ইত্যাদি।

৯৫০। বৃহত্তর কলকাতার জন্য অন্য আর কি প্রতিষ্ঠান স্থাপিত হয়েছে ?

● সি· এম· পি· ও· বা ক্যালকাটা মেট্রোপলিটান প্ল্যানিং অর্গানাইজেশন

ও সি· এম· ডব্লু. এস. এ. বা ক্যালকাটা মেট্রোপলিটান ওয়াটার সাপ্লাই অ্যাণ্ড স্যানিটেশন অথরিটি। স্থাপিত যথাক্রমে ১৯৬৫ ও ১৯৬৬ সালে।

৯৫১। কলকাতা পুরসভা ও সি. এম. ডি· এ· সরকারী কোন দপ্তরের অধীন ?

● স্বায়ত্ব শাসন ও নগর উন্নয়ন দপ্তরের।

৯৫২। কলকাতার জল সরাবরাহ কোথা থেকে করা হয় ?

● পুরসভার পলতা ওয়াটার ওয়ার্কস থেকে জল শোধন করে পাইপের সাহায্যে টালা ট্যাঙ্কে জমা করার পর পাইপের সাহায্যে শহরে সরবরাহ করা হয়। এ ছাড়াও আছে সুবোধ মল্লিক স্কোয়ার, অকল্যাণ্ড স্কোয়ার ও গার্ডেনরীচে রিজার্ভার।

৯৫৩। কলকাতার সবচেয়ে বড় বাজার কোনটি ?

● স্যার স্টুয়ার্ট হগ মার্কেট।

৯৫৪। কলকাতা পুলিশের সদর দপ্তর কোথায় ?

● লালবাজারে।

৯৫৫। পশ্চিমবঙ্গ সরকারের সদর দপ্তর কোথায় ?

● বিনয় বাদল দীনেশ বাগে রাইটার্স বিল্ডিংসে।

৯৫৬। কলকাতার উন্নয়নের জন্য আর কোন প্রতিষ্ঠান আছে ?

● সি. আই· টি· বা ক্যালকাটা ইমপ্রুভমেণ্ট ট্রাস্ট নামে প্রতিষ্ঠান আছে।

৯৫৭। কলকাতার আধুনিকতম সংযোজন কি ?

● মেট্রো রেল বা পাতাল রেল। আর এর সঙ্গে শহরের পশ্চিম প্রান্ত পর্যন্ত সার্কুলার বা চক্র রেল।

৯৫৮। কলকাতায় দ্বিতীয় হাওড়া ব্রিজ কি জন্য কোথায় করা হচ্ছে ?

● কলকাতা ও হাওড়ার মধ্যে যোগাযোগ ব্যবস্থার উন্নতির জন্য ময়দানের পশ্চিম প্রান্ত থেকে দ্বিতীয় সেতু তৈরি হচ্ছে।

৯৫৯। কলকাতার সবচেয়ে দীর্ঘ পথ কোনটি ?

● সার্কুলার রোড। বর্তমান নাম পশ্চিমের অংশে আচার্য জগদীশ চন্দ্র বসু রোড, উত্তরে আচার্য প্রফুল্ল চন্দ্র রোড।

৯৬০। কলকাতা বন্দরের পরিচালন ব্যবস্থা কার হাতে ?

● কলকাতা পোর্ট ট্রাস্টের হাতে।

৯৬১। কলকাতায় ট্রাম পরিচালনা কারা করেন ?

● ক্যালকাটা ট্রামওয়েজ কর্পোরেশন। বর্তমানে পশ্চিমবঙ্গ সরকারের একটি সংস্থা।

৯৬২। কলকাতায় বাস চলাচলের দায়িত্ব কোন সংস্থার হাতে ?

● পশ্চিমবঙ্গ সরকার পরিচালিত ষ্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন সরকারী বাস চালান। এছাড়াও বাস সিণ্ডিকেট চালান বেসরকারী বাস।

৯৬৩। বর্তমানে ট্রাম আর বাসের ন্যূনতম ভাড়া কত ?

● ট্রাম ভাড়া প্রথম শ্রেণীতে ৩৫ পয়সা, দ্বিতীয় শ্রেণী ৩০ পয়সা। বাসে ৪৫ পয়সা। মিনিবাস ৭৫ পয়সা।

৯৬৪। মেট্রো রেলে ন্যূনতম ভাড়া কত ?

● এক টাকা।

৯৬৫। কলকাতার মেট্রো রেল কবে চালু হয় ?

● ১৯৮৪ সালের ২২শে অক্টোবর।

৯৬৬। বর্তমানে মেট্রো রেল কোথা থেকে কোথায় চলে ?

● উত্তরে দমদম থেকে বেলগাছিয়া আর এসপ্লানেড থেকে ভবানীপুর।

৯৬৭। মেট্রো রেল কোথা থেকে কোথায় চলার কথা ?

● দমদম থেকে টালীগঞ্জ ১৭ কিলোমিটার পথ।

৯৬৮। সার্কুলার রেল কোথা থেকে কোথায় চলে ?

● উত্তরে টালা থেকে ময়দানের পশ্চিমে প্রিন্সেপ ঘাট পর্যন্ত।

৯৬৯। কলকাতা শহরে কোন কোন রেল স্টেশন আছে ?

● শিয়ালদহ, বালীগঞ্জ, পার্ক সার্কাস ও লেক গার্ডেনস্। হাওড়াকে কলকাতায় ধরা হয়নি।

৯৭০। কলকাতার উচ্চতম বাড়ি কোনটি ?

● ওল্ড কোর্ট হাউস স্ট্রীটে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার সদর দপ্তর।

৯৭১। কলকাতায় কোন পার্ক সবচেয়ে বড় ?

● উত্তর কলকাতায় মোহনলাল স্ট্রীটে দেশবন্ধু পার্ক।

৯৭২। কলকাতায় পার্কের সংখ্যা কত ?

● পার্ক ও জলাশয় নিয়ে প্রায় ৫০টির মত।

৯৭৩। কলকাতায় ব্যস্ততম ব্যবসা কেন্দ্র কোনটি?

● উত্তর কলকাতার বড়বাজার এলাকা।

৯৭৪। কলকাতায় পূর্বরেলের সদর দপ্তর কোথায় ?

● ফেয়ারলি প্লেসে।

৯৭৫। দক্ষিন-পূর্ব রেলের সদর দপ্তর কোথায় ?

● দক্ষিণে গার্ডেনরীচে।

৯৭৬। কলকাতা থেকে উত্তর ভারত ও দক্ষিণ ভারতে যাওয়ার দ্রুততম ট্রেনগুলি কি ?

● উত্তরের জন্য রাজধানী এক্সপ্রেস নতুন দিল্লী পর্যন্ত, কালকা মেল কালকা পর্যন্ত, হিমগিরি এক্সপ্রেস জম্মু পর্যন্ত। দক্ষিণের মাদ্রাজের জন্য করোমণ্ডল এক্সপ্রেস, বোম্বাই পর্যন্ত গীতাঞ্জলি এক্সপ্রেস।

৯৭৭। কলকাতায় কোন কোন ব্যাঙ্কের অফিস আছে ?

● সব কটি ভারতীয় ব্যাঙ্কের অফিস আছে। ইউনাইটেড ব্যাঙ্কের সদর দপ্তর আর ব্যাঙ্ক অব আমেরিকা, আমেরিকান এক্সপ্রেস, ও অন্যান্য কিছু বিদেশী ব্যাঙ্কেরও অফিস আছে।

৯৭৮। কলকাতায় সিনেমা হলের সংখ্যা কত ?

● সিনেমা হলের সংখ্যা ৯৬টি।

৯৭৯। সবচেয়ে নামী হল কোনগুলি ?

● চৌরঙ্গী এলাকায় মেট্রো, লাইটহাউস, গ্লোব, উত্তরে রাধা, মধ্যে প্রাচী, দক্ষিণে পূর্ণ, ভারতী, ইত্যাদি।

৯৮০। কলকাতার সবচেয়ে সুন্দর মঞ্চ কি কি ?

● রবীন্দ্রসদন ও কলামন্দির। পেশাদারী থিয়েটার ষ্টার, রঙমহল, বিশ্বরূপা ইত্যাদি।

৯৮১। কলকাতায় থিয়েটারের সংখ্যা কত ?

● প্রায় ৫১টি ছোট বড় মিলিয়ে।

৯৮২। কলকাতার যাত্রাদলের প্রধান এলাকা কোথায় ?

● উত্তর কলকাতার চিৎপুর অঞ্চলে।

৯৮৩। কলকাতায় খেলাধুলা কোথায় হয় ?

● ময়দান এলাকায় বিভিন্ন দলের মাঠে।

৯৮৪। কলকাতায় স্টেডিয়াম কোথায়, কটি ?

● কলকাতায় ইডেন গার্ডেনসের স্টেডিয়ামে ক্রিকেট ও ফুটবল আর লবণ হ্রদের স্টেডিয়ামে ফুটবল খেলা হয়। এছাড়া ইডেনের ইনডোর স্টেডিয়ামে টেবল টেনিস, ব্যাডমিণ্টন ইত্যাদি খেলা হয়। এছাড়া আছে রবীন্দ্র সরোবর স্টেডিয়াম। এট সি· আই· টি'র তৈরি।

৯৮৫। কলকাতায় সাঁতারের ব্যবস্থা কোথায় আছে ?

● উত্তরে আজাদ হিন্দ বাগ, কলেজ স্কোয়ার, পূর্বদিকে বেলেঘাটা হ্রদ ও দক্ষিণে রবীন্দ্র সরোবরে।

৯৮৬। কলকাতার জনপ্রিয় ক্লাব কোনগুলি ?

● মোহনবাগান, ইষ্টবেঙ্গল, মহমেডান স্পোর্টিং, এরিয়ান্স, রাজস্থান, স্পোর্টিং ইউনিয়ন, ওয়াড়ি ইত্যাদি।

৯৮৭। কলকাতার প্রথম শ্রেণীর হোটেল কি কি ?

● গ্র্যাণ্ড হোটেল, পশ্চিমবঙ্গ সরকার পরিচালিত গ্রেট ইষ্টার্ন হোটেল, পার্ক হোটেল, হোটেল হিন্দুস্থান ইণ্টারন্যাশনাল ইত্যাদি। এছাড়াও আছে কার্লটন হোটেল, কেনিলওয়ার্থ হোটেল ইত্যাদি।

৯৮৮। কলকাতার বেতার বা আকাশবাণী দপ্তর কোথায় ?

● ইডেন গার্ডেনের পাশে আকাশবাণী ভবনে।

৯৮৯। দূরদর্শন কেন্দ্র কোথায় ?

● টালীগঞ্জ অঞ্চলে আগেকার রাধা ফিল্ম স্টুডিওয়।

৯৯০। কলকাতার নামী স্টুডিও কোনটি ?

● টালীগঞ্জ এলাকায় টেকনিসিয়ান্স স্টুডিও।

৯৯১। কলকাতার নামী সংবাদপত্র কি কি ?

● ইংরাজী স্টেটসম্যান, অমৃতবাজার পত্রিকা, দি টেলিগ্রাফ ইত্যাদি, বাংলায় আনন্দবাজার পত্রিকা, যুগান্তর, দৈনিক বসুমতী, আজকাল, বর্তমান ইত্যাদি, হিন্দী সন্মার্গ ইত্যাদি।

৯৯২। কলকাতা শহরে দর্শনীয় স্থান কি কি ?

● কলকাতায় দ্রষ্টব্য স্থানগুলি হলো, কালিঘাটে কালী মন্দির,

চিড়িয়াখানা, অ্যাকোয়ারিয়াম, ভিক্টোরিয়া মেমোরিয়াল হল, যাদুঘর, রবীন্দ্র সরোবর, ইডেন গার্ডেন, শহীদ মিনার, জৈন মন্দির, মেট্রোরেল, বিড়লা প্ল্যানেটেরিয়াম, বিড়লা ইনডাস্ট্রিয়াল মিউজিয়াম, মার্বেল প্যালেস, আকাশবাণী ভবন ইত্যাদি।

৯৯৩। কলকাতায় বই পাড়া কোথায়? এ নাম হয়েছে কি জন্য?

● কলকাতার বই পাড়া বলতে বোঝায় কলেজ স্ট্রীট অঞ্চলের কোন অংশকে। এ নাম হওয়ার কারণ এখানেই বেশির ভাগ প্রকাশনা প্রতিষ্ঠান রয়েছে।

৯৯৪। কবিগুরু রবীন্দ্রনাথের বাসভবন কোথায়?

● উত্তর কলকাতায় জোড়াসাঁকো এলাকায়। বর্তমানে এটি রবীন্দ্র স্মৃতিরক্ষা ভবনে পরিণত হয়েছে।

৯৯৫। রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অব কালচার কোথায়?

● দক্ষিণে গোলপার্ক এলাকায়।

৯৯৬। কলকাতার কোন বিখ্যাত মানুষ বিশ্বে ভারতের সম্মান প্রতিষ্ঠা করেছেন?

● চিত্র পরিচালক সত্যজিৎ রায়।

৯৯৭। সত্যজিৎ রায় কোথায় বাস করেন?

● দক্ষিণ কলকাতায়।

৯৯৮। কলকাতার শ্রেষ্ঠ উৎসব কি?

● কলকাতার শ্রেষ্ঠ উৎসব সার্বজনীন দুর্গাপূজা।

৯৯৯। কলকাতার বিখ্যাত দুর্গা পূজা কোনগুলি?

● উত্তর কলকাতার বাগবাজার, কুমারটুলী, সিমলা ব্যায়াম সমিতি, আহিরীটোলা সার্বজনীন দক্ষিণের ২৩ পল্লী ইত্যাদি।

১০০০। কলকাতার নানা ধর্মের বিখ্যাত ধর্মস্থান কোনগুলি?

● কালীঘাটে কালীমন্দির, চৌরঙ্গীর সেণ্ট পলস্ গির্জা, রাসবিহারী অ্যাভিনিউর গুরুদ্বার, চিৎপুর এলাকায় নাখোদা মসজিদ, হালসিবাগান এলাকার জৈন মন্দির ইত্যাদি।

১০০১। কলকাতার বিখ্যাত হাসপাতাল কোনগুলি ?

● এস্. এস্. কে. এম· হাসপাতাল, আর· জি. কর হাসপাতাল, নীলরতন সরকার মেডিক্যাল হাসপাতাল, মেডিক্যাল কলেজ হাসপাতাল, রামকৃষ্ণ মিশন হাসপাতাল, চিত্তরঞ্জন ক্যান্সার হাসপাতাল, আই· ডি· হাসপাতাল ইত্যাদি।

১০০২। কলকাতার প্রাচীনতম জ্ঞানচর্চা কেন্দ্র কোনটি ?

● এশিয়াটিক সোসাইটি। বয়স দু'শ বছরেরও বেশি।

১০০৩। কলকাতার জাতীয় গ্রন্থাগার কোথায় ?

● আলিপুরে চিড়িয়াখানার পাশে পুরনো লাটভবনে।

১০০৪। কলকাতায় কতগুলি ব্রিজ আছে ?

● কলকাতায় নানা প্রান্তে এবং শহরে মোটামুটি ২৫টির মত ব্রিজ আছে।

১০০৫। কলকাতা পুর এলাকায় নতুন পুর আইনে কোন কোন এলাকার সংযোজন ঘটেছে ?

● গার্ডেনরীচ, বেহালা ও যাদবপুর।

১০০৬। কলকাতা শহরে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা কোন প্রতিষ্ঠান করে ?

● ক্যালক্যাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন।

১০০৭। ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের সদর দপ্তর কোথায় ?

● ধর্মতলা এলাকায় ভিক্টোরিয়া হাউসে।

১০০৮। কলকাতায় টাঁকশাল বা 'মিণ্ট' কোথায় আছে ?

● কলকাতার দক্ষিণে মাঝেরহাট ব্রিজের কাছে।

১০০৯। সংস্কৃতি চর্চায় কলকাতার বর্তমান স্থান কি রকম ?

● সংস্কৃতি চর্চায় কলকাতার স্থান খুবই উঁচুতে। কলকাতা সাহিত্য, সঙ্গীত, গ্রুপ থিয়েটার ইত্যাদিতে ভারতে উচ্চতম আর বিশিষ্ট স্থান অধিকার করে আছে। চলচ্চিত্রে সত্যজিৎ রায় ও মৃনাল সেন ভারতের মুখ উজ্জ্বল করেছেন।

১০১০। সাহিত্য, সংস্কৃতি জগতের কোন কোন ব্যক্তি বর্তমানে কলকাতায় বাস করেন ?

● সাহিত্য জগতের বিমল কর, রমাপদ চৌধুরি, বিমল মিত্র, মনোজ বসু, আশাপূর্ণা দেবী, প্রভৃতিরা কলকাতায় বাস করেন। সঙ্গীত জগতের হেমন্ত মুখোপাধ্যায়, মান্না দে, সন্ধ্যা মুখোপাধ্যায় এছাড়া সংস্কৃতি জগতের আরো বহু গুণীজন কলকাতার বাসিন্দা।

১০১১। কলকাতায় আবহাওয়া অফিস কোথায় ?

● আলিপুরে ডায়মণ্ড হারবার রোডে।

১০১২। কলকাতার সেকালের কোন কোন বিখ্যাত রাস্তার নাম বর্তমানে পরিবর্তন করা হয়েছে ?

● সেকালের বিখ্যাত যে সব রাস্তার নাম পরিবর্তন করে নতুন নামকরণ হয় তা হলো এই ঃ

ডালহৌসী স্কোয়ার—বিনয় বাদল দীনেশ বাগ
ক্লাইভ স্ট্রীট—নেতাজী সুভাষ রোড
আপার চিৎপুর রোড—রবীন্দ্র সরণি
আপার সার্কুলার রোড—আচার্য প্রফুল্ল চন্দ্র রোড
লোয়ার সার্কুলার রোড—জগদীশচন্দ্র বসু রোড
থিয়েটার রোড—শেকসপীয়ার সরণি
ধর্মতলা স্ট্রীট—লেনিন সরণি
চৌরঙ্গী রোড—জওহরলাল নেহেরু রোড
হ্যারিসন রোড—মহাত্মা গান্ধী রোড
মেয়ো রোড—গুরু নানক সরণি
সার্কুলার গার্ডেনরীচ রোড—কার্ল মার্ক্স সরণি
সেণ্ট্রাল এভিনিউ—চিত্তরঞ্জন অ্যাভিনিউ ইত্যাদি।

১০১৩। কলকাতায় কটি বিশ্ববিদ্যালয় আছে ?

● তিনটি বিশ্ববিদ্যালয়। কলকাতা বিশ্ববিদ্যালয়, যাদবপুর বিশ্ববিদ্যালয় ও রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়। ইঞ্জিনিয়ারিং যাদবপুরে পড়ানো হয়।

১০১৪। বসু বিজ্ঞান মন্দির কোথায় ?

● আপার সার্কুলার রোড বা আচার্য প্রফুল্ল চন্দ্র রোডে।

১০১৫। কলকাতা বিশ্ববিত্তালয় ভবন কোথায় ?

● উত্তর কলকাতায় কলেজ ষ্ট্রীটে। পুরনো সিনেট হল ভেঙে ফেলে নতুন বাড়ি তৈরি হয়েছে।

১০১৬। কবিগুরু রবীন্দ্রনাথের সঙ্গীত, সাহিত্য ইত্যাদি প্রচারের দায়িত্ব কোন প্রতিষ্ঠানের ?

● বিশ্বভারতী নামে প্রতিষ্ঠানের হাতে।

১০১৭। ম্যাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা কোন কোন প্রতিষ্ঠানের হাতে ?

● মাধ্যমিকের জন্য—মধ্যশিক্ষা পর্যৎ। উচ্চ মাধ্যমিকের জন্য—কাউন্সিল অব হায়ার সেকেণ্ডারী এডুকেশান।

১০১৮। কলকাতার কোন কোন স্কুল ও কলেজ সুনাম অর্জন করেছে ?

● স্কুলের মধ্যে হিন্দু স্কুল, হেয়ার স্কুল, লরেটো, ডন বসকো, সাউথ পয়েণ্ট, পাঠ ভবন, মিত্র ইনস্টিটিউশান, স্কটিশচার্চ কলেজিয়েট স্কুল, ক্যালকাটা বয়েজ, লা মার্টিনিয়ার, গোখেল মেমোরিয়াল, হিন্দী হাই স্কুল ইত্যাদি। কলেজের মধ্যে, সেণ্ট জেভিয়ার্স, বেথুন, লেডি ব্রাবোর্ন, প্রেসিডেন্সী, স্কটিশচার্চ ইত্যাদি।

১০১৯। প্রতিবন্ধীদের জন্য কলকাতায় কোন স্কুল আছে ?

● ডেফ অ্যাণ্ড ডাম্ব স্কুল।

১০২০। কলকাতায় অন্ধদের জন্য কোথায় স্কুল আছে ?

● বেহালায় ক্যালকাটা ব্লাইণ্ড স্কুল।

১০২১। কলকাতার ঐতিহ্যময় প্রাচীন নিদর্শন কোনটিকে বলা যায় ?

● টাউন হলকে।

১০২২। কলকাতায় বিধানসভা ভবন কোথায় ?

● ইডেন গার্ডেনের উত্তরে বিধানসভা ভবন।

১০২৩। কলকাতায় সবচেয়ে বড় মেলা কোথায় কখন বসে ?

● শিয়ালদহ এলাকায় রথযাত্রার সময়ে সবচেয়ে বড় মেলা বসে।

১০২৪। কলকাতার কোন্ রথযাত্রা সুনাম অর্জন করেছে ?

● ইসকনের রথ।

১০২৫। কলকাতায় সওদাগরী প্রতিষ্ঠানগুলির কোন কোন সমিতি আছে ?

● বেঙ্গল চেম্বার অব কমার্স, ভারত চেম্বার অব কমার্স ইত্যাদি সমিতি।

১০২৬। কলকাতার বিখ্যাত ব্যবসায়ী প্রতিষ্ঠান কোনগুলি ?

● ম্যাকিনন ম্যাকেঞ্জী কোম্পানী, মার্টিন বার্ন কোম্পানী, ডানলপ, টাটা কোম্পানী, দেজ মেডিক্যাল, ফিলিপস ইণ্ডিয়া ইত্যাদি।

১০২৭। কলকাতা বন্দরের প্রধান ডক কটি ?

● প্রধান ডক দুটি—খিদিরপুর ডক ও নেতাজী সুভাষ ডক। এছাড়া ড্রাই ডক রয়েছে ৫টি।

১০২৮। কলকাতায় দূরদর্শন কবে চালু হয় ?

● কলকাতায় দূরদর্শন চালু হয় ১৯৭৫ সালের ৯ই আগষ্ট।

১০২৯। কলকাতায় কোন কোন দেশবরেণ্য মানুষের স্ট্যাচু বা মূর্ত্তি আছে ?

● ময়দান এলাকায় রয়েছে মহাত্মা গান্ধী, নেতাজী সুভাষচন্দ্র, বিবেকানন্দ, দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ ইত্যাদির মূর্তি। কার্জন পার্কে মার্ক ও এঙ্গেলস, রানী রাসমণি, সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ইত্যাদির মূর্তি। এসপ্লানেড ট্রাম গুমটিতে লেনিন, চৌরঙ্গী স্কোয়ারে স্যার আশুতোষ, শ্যামবাজার পাঁচ মাথার মোড়ে অশ্বারোহী নেতাজীর মূর্তি ইত্যাদি।

১০৩০। কলকাতার কোন সেবাব্রতী মহিলা নোবেল পুরস্কার লাভ করেন ?

● মাদার টেরিজা।

১০৩১। কলকাতা শহরে রাস্তার মোট আয়তন কত ?

● কলকাতার রাস্তার মোট আয়তন ৪৪০ কিলোমিটার।

১০৩২। কলকাতা শহরের বাড়ির (পাকা বাড়ি) সংখ্যা কত ?

● কলকাতা এলাকায় বাড়ির সংখ্যা প্রায় এক লক্ষ দশ হাজারের মত।

১০৩৩। কলকাতার বস্তীর সংখ্যা কত ?

● কলকাতায় বস্তীর সংখ্যা প্রায় এক হাজার।

১০৩৪। কলকাতার জনবসতির ঘনত্ব কত ?

● জনবসতির ঘনত্ব প্রতি একরে প্রায় ৩০০।

১০৩৫। শিয়ালদহ স্টেশনে প্রতিদিনের যাত্রী সংখ্যা কত ?

● গড়ে প্রায় সাড়ে তিন লক্ষ।

১০৩৬। কলকাতায় সাম্প্রতিক কোন রাস্তার সংযোজন ঘটে ?

● ইষ্টার্ন বাইপাশ।

১০৩৭। বর্তমানে পুরসভার কতজন কাউন্সিলার আছেন ?

- নতুন পুর আইন অনুযায়ী নির্বাচিত কাউন্সিলারের সংখ্যা ১৪১ জন

১০৩৮। অল্ডারম্যানের সংখ্যা কত জন ?

- অল্ডারম্যানের সংখ্যা ৭ জন।

১০৩৯। পুরসভার প্রধান কে ?

- মেয়র।

১০৪০। বর্তমানে কলকাতায় কোন লটারী হয় কি ?

- হ্যাঁ, রাজ্য সরকারের লটারী।

☐ কলকাতাঃ আরও তথ্য ☐

১০৪১। সেকালে পূজা উৎসবে কি ধরনের আমোদ-প্রমোদের ব্যবস্থা থাকতো ?

● পূজা উপলক্ষে ধনী মানুষদের বাড়িতে নাচ গান ইত্যাদির ব্যবস্থা হতো। প্রচুর খাওয়ার ব্যবস্থা থাকতো।

১০৪২। কলকাতায় আর কোন উৎসব দেখা যেত ?

● দুর্গাপূজা ছাড়া অন্যান্য ধর্মীয় উৎসবও কলকাতায় সম্পন্ন হতো। বিশেষতঃ ঈদ ও মহরম উৎসব।

১০৪৩। ফোর্ট উইলিয়ম কলেজ কে কবে স্থাপন করেন ?

● লর্ড ওয়েলেসলি ১৮০০ সালের ৪ঠা মে স্থাপন করেন।

১০৪৪। কোন বিখ্যাত ব্যক্তিরা এতে যোগ দেন ?

● ১৮০১ সালের ৪ঠা মে শ্রীরামপুরের উইলিয়ম কেরী বাঙলা শিক্ষক হিসেবে যোগ দেন। প্রধান পণ্ডিত ছিলেন মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার আর তার সহকারী রামনাথ বাচস্পতি।

১০৪৫। কবিগুরুর পূর্ব পুরুষরা কলকাতায় কোন ব্যবসার পত্তন করেন ?

● জাহাজের ব্যবসা করতেন ঠাকুর পরিবার।

১০৪৬। সেই জাহাজী ব্যবসার নাম কি ?

● কার-টেগোর অ্যাণ্ড কোম্পানী।

১০৪৭। কলকাতা শহরে কবে প্রথম বরফ আমদানী হয় ?

● ১৮৩৩ সালের সেপ্টেম্বর মাসে।

১০৪৮। বরফ কেনার জন্য যে সভা হয় তাতে কোন দেশীয় মানুষ ছিলেন ?

● প্রিন্স দ্বারকানাথ ঠাকুর।

১০৪৯। কলকাতায় ঠাকুর পরিবার ছাড়া কোন পরিবারের বংশানুক্রমিক সুনাম জন্মেছে ?

● রায়চৌধুরী বংশের। এঁরা হলেন উপেন্দ্রকিশোর রায়চৌধুরী, তার ছেলে সুকুমার রায় ও সুকুমার রায়ের ছেলে সত্যজিৎ রায়।

১০৫০। **কলকাতায় কোন বাঙালী প্রতিষ্ঠান প্রসাধন সামগ্রী তৈরীতে বিখ্যাত হয়?**

- এইচ. বোস পারফিউমারি।

১০৫১। **এইচ. বোস পারফিউমারীর কোন কোন প্রসাধনী সুনাম কেনে?**

- দেলখোস সেণ্ট, কেশতৈল কুন্তলীন আর পানের জন্য তাম্বুলীন।

১০৫২। **এইসব প্রসাধনীর জন্য কিভাবে প্রচার ব্যবস্থা হয়?**

- এজন্য বিখ্যাত একটি কবিতায় বিজ্ঞাপন থাকত:

'কেশে মাখো কুন্তলীন
অঙ্গে মাখো দেলখোস,
পানে খাও তাম্বুলীন
ধন্য হউক এইচ. বোস।'

১০৫৩। **এইচ. বোসের কোন প্রসাধনীর নামে বিখ্যাত সাহিত্য পুরস্কার দেওয়া হত?**

- সাহিত্যে দেওয়া হত কুন্তলীন পুরস্কার।

১০৫৪। **কোন বিখ্যাত বাঙালী সাহিত্যিক ছদ্মনামে লিখে এই কুন্তলীন পুরস্কার পেয়েছিলেন?**

- এ পুরস্কার পেয়েছিলেন সাহিত্যিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায়।

১০৫৫। **কোন সম্পাদক সে সময় প্রচুর সম্মান অর্জন করেন?**

- প্রবাসী ও মডার্ন রিভিউ সম্পাদক রামানন্দ চট্টোপাধ্যায়।

১০৫৬। **কোন ছদ্মনামী মহিলা কবি অপরাজিতা দেবী নামে কবিতা লিখে সকলকে মুগ্ধ করেন?**

- রাধারাণী দেবী।

১০৫৭। **রাধারানী দেবী ছদ্মনামে কেন লিখেছিলেন?**

- মহিলারা কবিতা লিখতে পারে না বীরবলের এই উক্তি ব্যর্থ করার জন্য তিনি ছদ্মনামে লেখেন। বীরবল পরে নিজের উক্তি ফিরিয়ে নেন।

১০৫৮। **'বীরবল' কার ছদ্মনাম?**

- সবুজপত্রের সম্পাদক সাহিত্যিক প্রমথ চৌধুরীর।

১০৫৯। অপরাজিতা দেবীর পরিচয় কোন বিশ্ববরেণ্য কবি জেনে যেতে পারেন নি ?

● কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর।

১০৬০। কলকাতার কোন বিখ্যাত ধনীর নামে বাজার গড়ে ওঠে ?

● ছাতুবাবু। তার নামেই হয় ছাতুবাবুর বাজার।

১০৬১। কলকাতার কোন বাঙালী ভাস্কর বিশ্বজোড়া খ্যাতি অর্জন করেন ?

● ভাস্কর দেবী প্রসাদরায়চৌধুরী।

১০৬২। দ্বিতীয় বিশ্বযুদ্ধ শেষে কলকাতায় কোন ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় ?

● ভিক্টরী কাপ প্রতিযোগিতা।

১০৬৩। ওই প্রতিযোগিতায় কে জয়ী হয় ?

● কলকাতার মোহনবাগান দল ইষ্টবেঙ্গলকে ৪-১ গোলে পরাজিত করে কাপ বিজয়ী হয়।

১০৬৪। কলকাতায় সেকালের ক'জন খ্যাতনামা খেলোয়াড়ের নাম কি ?

● গোলকীপার কে. দত্ত, ফরোয়ার্ড উমাপতি কুমার, সামাদ, রসিদ, সোমানা, আপ্পারাও, নাইট ও আরও অনেকে খ্যাতি অর্জন করেন।

১০৬৫। কলকাতায় কোন বিখ্যাত টেবিল টেনিস খেলোয়াড়রা আসেন ?

● ভিক্টর বার্ণা ও বেলাক।

১০৬৬ সেকালে কলকাতার রাস্তাঘাটে কি আলো জ্বালানো হত ?

● গ্যাসের আর কেরোসিনের আলো।

১০৬৭। কলকাতার কোন দর্শনীয় বাড়ি ভেঙে ফেলা হয় ?

● কলকাতা বিশ্ববিদ্যালয়ের সেনেট হল।

১০৬৮। দানবীর হিসাবে কলকাতায় অন্যরাজ্যের কোন কোন মানুষ বিখ্যাত ছিলেন ?

● দ্বারভাঙ্গা ও বর্ধমানের মহারাজা।

১০৬৯। কলকাতায় পঞ্চম জর্জের জন্মদিনে কি করা হয়েছিল ?

● শোনা যায় সে সময় কলকাতায় ১৫০টি হাতি আনা হয়েছিল।

১০৭০। কলকাতায় 'বিগ ফাইভ' বলতে কাদের বোঝানো হত ?

● সে সময়ের বিখ্যাত পাঁচ নেতাকেই 'বিগ ফাইভ' বলা হত। তারা

ছিলেন বিধানচন্দ্র রায়, নলিনীরঞ্জন সরকার, তুলসী গোঁসাই, সন্তোষ বসু ও কিরণশঙ্কর রায়।

১০৭১। **কলকাতার কোন পার্কে বিখ্যাত কংগ্রেস একজিবিসন হয়?**

● পার্ক সার্কাস ময়দানে।

১০৭২ **'জি. ও. সি.' কাকে বলা হয়েছিল?**

● জি· ও· সি· বা 'জেনারেল অফিসার কমাণ্ডিং' বলা হয়েছিল সুভাষচন্দ্র বসুকে।

১০৭৩। **কলকাতার কোন রাজনৈতিক নেতা বলেছিলেন 'গিভ মি ব্লাড অ্যাণ্ড আই উইল অফার ইউ ফ্রিডম'?**

● আজাদ হিন্দ ফৌজের সর্বাধিনায়ক নেতাজী সুভাষচন্দ্র বসু।

১০৭৪। **কলকাতার কোন বিখ্যাত মল্লবীর প্রভূত খ্যাতি অর্জন করেছিলেন?**

● বিখ্যাত মল্লবীর গোবরবাবু।

১০৭৫। **কোন প্রবীণ যাদুকর বিখ্যাত ছিলেন?**

● যাদুকর গণপতি। পি· সি· সরকার তাঁরই মন্ত্রশিষ্য।

১০৭৬। **সেকালে কোন মাসিক পত্রিকা প্রচুর জনপ্রিয় হয়?**

● বীরবল সম্পাদিত 'সবুজপত্র'।

১০৭৭। **কলকাতার কোন সাহিত্য গোষ্ঠি ও পত্রিকা খ্যাতি অর্জন করে?**

● 'কল্লোল' গোষ্ঠি ও কল্লোল সাহিত্য পত্রিকা।

১০৭৮। **কল্লোল পত্রিকার সঙ্গে কারা জড়িত ছিলেন?**

● গোপাল নাগ, প্রেমেন্দ্র মিত্র, শৈলজানন্দ মুখোপাধ্যায়, অচিন্ত্য কুমার সেনগুপ্ত ইত্যাদিরা।

১০৭৯। **কোন বাঙালীকে ভারতের সাংস্কৃতিক দূত বলা হত?**

● ডঃ কালিদাস নাগকে।

১০৮০। **বাংলার নব জাগরণে কোন কলেজের অবদান স্মরণীয়?**

● ফোর্ট উইলিয়াম কলেজ।

১০৮১। **ফোর্ট উইলিয়ম কলেজ কবে বন্ধ হয়?**

● ১৮৫৪ সালে।

১০৮২। **কোন কলকাতাবাসী রাজনীতিক স্বাধীনতার পর বন্দীদশায় মৃত্যুবরণ করেন?**

● ডঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়। তিনি কাশ্মীরে মারা যান।

১০৮৩। **শ্যামাপ্রসাদ কোন সর্বভারতীয় রাজনৈতিক দল প্রতিষ্ঠা করেছিলেন?**

● তিনি প্রতিষ্ঠা করেন জনসঙ্ঘ।

১০৮৪। **কলকাতার কোন বিখ্যাত ব্যক্তিকে নবীন বাঙলার রূপকার বলা হয়?**

● ডঃ বিধানচন্দ্র রায়কে।

১০৮৫। **ডঃ বিধানচন্দ্র রায় কলকাতা ও পশ্চিমবঙ্গের জন্য কি করেন?**

● নবীন বাঙলার সার্থক রূপকার বিধানচন্দ্র রায় কলকাতার রাষ্ট্রীয় পরিবহন ব্যবস্থা, লবণ হ্রদ বাসস্থান এলাকা, স্টেট ইলেকট্রিসিটি বোর্ড, হরিণঘাটা দুগ্ধ প্রকল্প, চিত্তরঞ্জন ক্যান্সার হাসপাতাল ইত্যাদি কলকাতার জন্য আর চিত্তরঞ্জন রেলইঞ্জিন কারখানা, কল্যাণী শহর, ফরাক্কা বাঁধ ইত্যাদি পশ্চিমবঙ্গে স্থাপন করার ব্যবস্থা করেন।

১০৮৬। **কোন বিখ্যাত ধনী তার মায়ের শ্রাদ্ধে ৯ লক্ষ টাকা খরচ করেন?**

● রাজা নবকৃষ্ণ।

১০৮৭। **নব্যবঙ্গ সম্প্রদায় বা ইয়ং বেঙ্গল কাদের বলা হত?**

● ডিরোজিওর শিষ্যদের। এঁরা হলেন, রসিককৃষ্ণ মল্লিক, রামতনু লাহিড়ী, তারাচাঁদ চক্রবর্তী, প্যারীচাঁদ মিত্র ইত্যাদিরা।

১০৮৮। **কলকাতার কোন বিখ্যাত মনীষী বলেন, 'খালি পেটে ধর্ম হয় না।'**

● স্বামী বিবেকানন্দ।

১০৮৯। **কোন পাঁচজন মিশনারীর নাম শ্লোকের মধ্যে অমরত্ব লাভ করে? শ্লোকটি কি?**

● হেয়ার, কেরী, মার্শম্যান ইত্যাদির নাম। শ্লোকটি এই :

হেয়ার কলিন পামারশ্চ কেরী মার্শম্যান স্তথা।

'পঞ্চ গোরা স্মরেনিত্যং মহাপাতক নাশনন্।'